The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 900 | 12 December 2025 | শুক্রবার ২৭ অগ্রহায়ণ ১৪৩২



Rana Abdelhamid officially launches campaign to replace Mamdani in Queens Assembly District 36
→ Page 19

Mexico's Bullied Pageant Contestant Gets payback by Capturing Miss Universe Crown
→ Page 18





Minimum wage in NY is rising again in 2026.
→ Page 19

The 2026 World Cup tournament schedule announced
→ Page 18



# নির্বাচন ও গণভোট ১২ ফেব্রুয়ারি

## সিইসি'র তফসিল ঘোষণা

### প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ২০ জানুয়ারি

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*



বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচন ১২ ফেব্রুয়ারি, ২০২৬ অনুষ্ঠিত হবে। একই দিনে অনুষ্ঠিত হবে 'জুলাই সনদ' নিয়ে গণভোট। দুই গুরুত্বপূর্ণ নির্বাচন একই দিনে বাংলাদেশের ইতিহাসে এটাই প্রথম। প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন (বাংলাদেশ সময়) বৃহস্পতিবার সন্ধ্যায় বিটিভি এবং বাংলাদেশ বেতারে একযোগে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেন। গত বছরের জুলাই মাসে ছাত্রজনতার গণঅভ্যুত্থানে শেখ হাসিনার পালিয়ে যাবার পর এটাই প্রথম জাতীয় নির্বাচন। আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ থাকায় দলটি আসন্ন নির্বাচনে অংশ নিতে পারছে না। তবে বাংলাদেশে সক্রিয় প্রধান প্রধান রাজনৈতিক দল, বাংলাদেশ জাতীয়তাবাদি দল (বিএনপি), জামায়াতে ইসলামী এবং ছাত্রদের নেতৃত্বে নবগঠিত রাজনৈতিক দল ন্যাশনাল সিটিজেন পার্টি (এনসিপি) নির্বাচনের তফসিল ঘোষণা করাকে স্বাগত জানিয়েছে। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নতুন প্রেক্ষাপটে ঐতিহাসিক এক নির্বাচন হচ্ছে বলে উল্লেখ করেন। অন্যান্য দলগুলোও এমন প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।

আচরণবিধি মেনে শান্তিপূর্ণ নির্বাচন নিশ্চিত করতে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানান এ এম এম নাসির উদ্দিন। সরকারি কর্মকর্তাদেরকে সততা ও নিরপেক্ষতার সঙ্গে দায়িত্ব এরপর ২৮ পৃষ্ঠায়



## জেএমসি'র আগুন নেভাতে ফায়ারের ৮ ইউনিট

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের সুপ্রসিদ্ধ জ্যামাইকা মুসলিম সেন্টার 'জেএমসি'র মসজিদ আল মামুর-এ আগুন নেভাতে ফায়ার ডিপার্টমেন্টের ৮টি ইউনিট গতকাল বৃহস্পতিবার দ্রুত ঘটনাস্থলে ছুটে এরপর ৩৮ পৃষ্ঠায়

## জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির মিলনমেলা



আজকাল রিপোর্ট

ব্যতিক্রমী আয়োজনে অনুষ্ঠিত হলো নিউইয়র্কের অন্যতম সামাজিক সংগঠন জ্যামাইকা বাংলাদেশ এরপর ৩০ পৃষ্ঠায়

## অভিবাসীদের পাশে থাকার বার্তা মামদানির



আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে নিউইয়র্কের ম্যানহাটনে অভিবাসন দপ্তরের হানার পর অভিবাসীদেরকে নিজেদের অধিকার এরপর ৩৮ পৃষ্ঠায়

### আইস পুলিশ থামাতে যুক্তরাষ্ট্রের কংগ্রেসে বিল উত্থাপন

## ওয়ারেন্ট ছাড়া অভিবাসীদের গ্রেফতার নয়

আজকাল রিপোর্ট



ইমিগ্রেশন কোর্ট এলাকায় অভিবাসী গ্রেফতার রোধে যুক্তরাষ্ট্রের কংগ্রেসে বিল উত্থাপন করেছে ডেমোক্র্যাটরা।বিলটি উত্থাপন করেছেন ড্যান গোল্ডম্যান, আদ্রিয়ানো এসপাইলাট এবং নাইডিয়া ভেলাজকুয়েজ । বিলটি পাস হলে ইমিগ্রেশন ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি অফিসাররা (আইস পুলিশ) ওয়ারেন্ট ছাড়া ফেডারেল ইমিগ্রেশন আদালতের কার্যক্রমে অংশগ্রহণকারী অভিবাসীদের গ্রেপ্তার করতে পারবে না। তবে ডিপোর্টেশন অর্ডার প্রাপ্ত, জননিরাপত্তা বা জাতীয় নিরাপত্তার এরপর ৩৮ পৃষ্ঠায়

## ডিপোর্টেড এক বাংলাদেশির করুণ অভিজ্ঞতা

### পশুপাখিকেও এমন খাবার দেয় না



আজকাল রিপোর্ট

'এখনও আমার হাতে দাগ, কোমরে দাগ, আমার পুরো শরীরে স্পট হয়ে আছে। বাংলাদেশে বিমানবন্দরে নামার আগে ৭৫ ঘণ্টা আমাকে ডান্ডাবেড়ি পরিয়ে রাখা হয়েছিল, এমনকি এরপর ২৮ পৃষ্ঠায়



## গ্রেফতারের আগে খালেদাকে নিয়ে শওকত মাহমুদ



দেশনেত্রী বেগম খালেদা জিয়া আজ জীবন মৃত্যুর মাঝামাঝি। তার জন্য আমাদের বুকফাটা প্রার্থনা- 'হে মহান আল্লাহ। আপনার রহমতপ্রাপ্ত এ মানুষটাকে বাংলাদেশের জন্য মজলুমদের এরপর ৩৮ পৃষ্ঠায়

## নিউইয়র্কে এফবিআই, হোমল্যান্ড সিকিউরিটি, আইআরএস'র যৌথ টাস্কফোর্স

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে এফবিআই, হোমল্যান্ড সিকিউরিটি, আইআরএস যৌথভাবে একটি টাস্কফোর্স গঠন করেছে। ফেডারেল এবং এরপর ২৮ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

ড. মাহবুব উল্লাহ্-এর কলাম
দেওয়ালে মাথা ঠুকলেও দেওয়াল ভাঙবে না
১২ পৃষ্ঠায়



ডা. সজল আশফাক শিকদার-এর কলাম কাপুরুষ থেকে বীর: রাজনীতিতে অপ্রত্যাশিত রূপান্তর
০৫ পৃষ্ঠায়



আবুল কালাম আজাদ-এর কলাম নিকোলের খুঁটির জোর
০৭ পৃষ্ঠায়







# হিরামন্ডি'র উইন্টার ফিস্ট নিউইয়র্কে দর্শক মাতালো

আজকাল রিপোর্ট

এবারের শীত মৌসুমের প্রথম মাল্টি কালচারাল প্রোগ্রাম 'হীরা মন্ডি উইন্টার ফিস্ট' নামক একটি সার্থক এবং সফল অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। গত ৭ ডিসেম্বর রবিবার বিশিষ্ট ফ্যাশন ডিজাইনার পিয়াল হোসেন এর পরিচালনায় ও প্রধান পৃষ্ঠপোষক গোল্ডেন এজ হোম কেয়ার প্রেজেন্ট উক্ত অনুষ্ঠানটি উডসাইডের কুইন্স প্যালেস এ অনুষ্ঠিত হয়। সাদিয়া খন্দকার ও জেএফএম রাসেল-এর যৌথ সঞ্চালনায় অনুষ্ঠান ঘিরে ছিল চমকপ্রদ নাচ, গান ও জনপ্রিয় মডেলদের অংশগ্রহণে মন মাতানো ফ্যাশন শো। এ ছাড়া ছিল আকর্ষণীয় পোশাক, মুখরোচক এরপর ৩৪ পৃষ্ঠায়



# নেতানিয়াহুকে গ্রেফতারের ক্ষমতা মামদানির নেই : গভর্নর

আজকাল রিপোর্ট

ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে গ্রেফতার করার ক্ষমতা নিউইয়র্ক সিটির নবনির্বাচিত মেয়র জোহরান মামদানির নেই বলে জানিয়েছেন শহরটির গভর্নর ক্যাথি হোচুল। স্থানীয় সময় বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি।

আগামী ১ জানুয়ারি নিউইয়র্ক সিটির মেয়র হিসেবে দায়িত্ব নিতে যাচ্ছেন মামদানি। দীর্ঘদিন ধরেই তিনি ইসরাইল নিয়ে কঠোর অবস্থানের জন্য পরিচিত। তার এই মনোভাবের অনেক ইহুদি এরপর ১৫ পৃষ্ঠায়

# ইউরোপের ৫০টি 'টাইফুন' যুদ্ধ বিমান মোতায়েন করছে বাংলাদেশ

হাসান মাহমুদ



আকাশ সীমার নিরাপত্তা জোরদার করার পরিকল্পনার অংশ হিসেবে এবারই প্রথম ইউরোপের 'টাইফুন' যুদ্ধ বিমান বাংলাদেশ মোতায়েন করছে। 'ইউরোফাইটার টাইফুন' দিয়ে বাংলাদেশের সামরিক বলয়কে শক্তিশালি করার উদ্যোগ নেয়া হয়েছে। প্রতিবেশি ভারত যখন বিমানবহর শক্তিশালি করছে তখন বাংলাদেশ এবার ইটালির বিখ্যাত 'টাইফুন' যুদ্ধবিমান কেনার চুক্তি করছে। এটাই হবে ইটালির কোন যুদ্ধ বিমান বাংলাদেশে যাবার ঘটনা। ইউরোফাইটার জেট কেনার আলোচনা শুরু করার জন্য একটি 'লেটার অব ইন্টেন্ট' ইতোমধ্যে স্বাক্ষর করেছে বাংলাদেশ ও ইটালি। 'লেটার অব ইন্টেন্ট' হচ্ছে অপর পক্ষের সাথে বিমান ক্রয়ের প্রাথমিক কমিটমেন্ট। এটি এমন একটি চুক্তি যা ইউরোপ এবং মধ্যপ্রাচ্যের বাইরে প্রথম দেশ হিসাবে বাংলাদেশ যুদ্ধবিমানগুলো পাবে। 'টাইফুন' নিয়ে চুক্তি চূড়ান্ত হলে এটি হবে পশ্চিমা নির্মিত যুদ্ধবিমানের বাংলাদেশের প্রথম বড় চালান। বাংলাদেশের বিমান বাহিনীতে নতুন বিমানের সংখ্যা সম্পর্কে কোনও সরকারি তথ্য নেই। তবে প্রতিরক্ষা বিশ্লেষকরা প্রায় ৫০টি যুদ্ধবিমানসহ এই সংখ্যা প্রায় ২০০ বলে অনুমান করেছেন। ইউরোপের স্থানীয় গণমাধ্যমের মতে, ইতালি, জার্মানি, ইউ.কে এবং স্পেন এই চার দেশের কনসোর্টিয়াম দ্বারা নির্মিত প্রথম ১৬টি ইউরোফাইটার 'টাইফুন' পাবার চেষ্টা করছে বাংলাদেশ।

ইতোমধ্যে বাংলাদেশ বিমান বাহিনী ঘোষণা করেছে যে, তারা ইতালির লিওনার্দো জেট বিমান বিপণনকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি নিয়ে এরপর ৪০ পৃষ্ঠায়

# ৮৫ হাজারের বেশি অভিবাসীর ভিসা বাতিল হয়েছে

আজকাল রিপোর্ট

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন গত এক বছরেরও কম সময়ে ৮৫ হাজারের বেশি ভিসা বাতিল করা হয়েছে। সিএনএন-এর এক প্রতিবেদনে গত মঙ্গলবার জানিয়েছে, এক বছরেরও কম সময়ের মধ্যে অন্তত ৮৫ হাজার মার্কিন ভিসা বাতিল করা হয়েছে। স্টেট ডিপার্টমেন্টের এক কর্মকর্তার উদ্ধৃতি দিয়ে বলা হয়েছে, জানুয়ারি মাস থেকে ট্রাম্প প্রশাসন এই ভিসাগুলো বাতিল করেছে।

ওই কর্মকর্তা বলেন, প্রায় অর্ধেক ভিসা বাতিলের অভিযোগ মাদক বা অন্য নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো, আক্রমণ, এবং চুরির মতো অপরাধের কারণে হয়েছে। কর্মকর্তা আরও জানান, ভিসা বাতিলের এই সংখ্যাটি প্রাক্তন প্রেসিডেন্ট জো বাইডেন প্রশাসনের এরপর ১৫ পৃষ্ঠায়




# নিউইয়র্ক নিউ হরাইজন লায়ন্স ক্লাবের অভিষেক সম্পন্ন

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক নিউ হরাইজন লায়ন্স ক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক ৬ ডিসেম্বর নিউইয়র্ক সিটির লাগার্ডিয়া ম্যারিয়ট হোটেলের বল রুমে অনুষ্ঠিত হয়। জাঁকজমকপূর্ণ ও বর্ণাঢ্য এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নবনির্বাচিত প্রেসিডেন্ট লায়ন তারেক হাসান খান। অনুষ্ঠান পরিচালনা ও সঞ্চালন করেন সাধারণ সম্পাদক লায়ন আহমেদ সোহেল।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট ২০-আর-২-এর গভর্নর আসিফ বাবী টুটুল। বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক এরপর ১৫ পৃষ্ঠায়



# ১৬ ডিসেম্বর ও ২৫ ডিসেম্বর নিউইয়র্ক কনস্যুলেট বন্ধ থাকবে

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেট আগামী ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসে এবং আগামী ২৫ ডিসেম্বর বড় দিন উপলক্ষ্যে বন্ধ থাকবে। কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক স্বাক্ষরিত এক বিবৃতিতে জানানো হয়, বাংলাদেশের মহান বিজয় দিবসের দিন ১৬ এরপর ১৫ পৃষ্ঠায়




# ভারতের ওপর যুক্তরাষ্ট্রের আরও শুল্ক আরোপের হুমকি

আজকাল রিপোর্ট

ভারতের ওপর নতুন শুল্ক আরোপের হুমকি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্থানীয় সময় সোমবার (৮ ডিসেম্বর) হোয়াইট হাউজের এক বৈঠকে তিনি জানান, ভারত থেকে চাল ও কানাডা থেকে সার আমদানির ওপর তার প্রশাসন নতুন শুল্ক আরোপ করতে পারে। কারণ, দুই দেশের সঙ্গে চলমান বাণিজ্য আলোচনায় কোনো উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি, বরং স্থবির হয়ে আছে।

ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, সোমবারের বৈঠকে ট্রাম্প মার্কিন কৃষকদের জন্য কয়েকশো কোটি ডলারের এরপর ১৫ পৃষ্ঠায়

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE
GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

Naresh Gehi, Esq.
ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।
• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?
আমরা ৭ দিন খোলা
We are open 7 days
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.
Call: 718-263-5999
• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ
আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

# তরুণদের ভোটই হবে নিয়ামক শক্তি

নির্বাচন সময়মতো হচ্ছে কি না, তা নিয়ে সংশয় এখনো কাটেনি। তবে তফসিল ঘোষণা হয়েছে। আশাবাদীতায় বলা হচ্ছে, নির্বাচন হবেই। আদালতে রিট কিংবা কোনো কোনো দলের পক্ষ থেকে নির্বাচন পিছিয়ে দেওয়ার আহ্বান ইত্যাদি নির্বাচনের পরিস্থিতি কোন দিকে নিয়ে যাবে, সেটা বলা মুশকিল। তবে দেশের মানুষ একটি সুষ্ঠু, সুষ্ঠু ও অবাধ নির্বাচন চায়। প্রতিটি দলের অংশগ্রহণে নির্বাচন উৎসবমুখর হয়ে উঠুক, এটাই জনতার অভিপ্রায়। বাংলাদেশের মানুষ মুখিয়ে আছে ভোট উৎসবে অংশ নেবার জন্যে। মানুষ অতীষ্ঠ হয়ে উঠছে। একটি নির্বাচিত সরকারের হাতে দেশ পরিচালিত হোক। এটাই এখন রাষ্ট্র মেরামতের সর্বশেষ তরসাস্থল। মুশকিল হলো, রাজনৈতিক দলগুলো নিজেদের মত জনতার ওপর চাপিয়ে দেওয়ার চেষ্টা করে। প্রতিটি রাজনৈতিক দলই 'জনগণ যা চায়' বলে যখন নিজেদের কথাই বলতে থাকে, তখন ধীরে ধীরে জনগণ সে কৌশল বুঝে উঠতে শুরু করে। শুকনো কথায় তখন চিড়ে ভেজানো কঠিন হয়ে পড়ে।

> জনগণ পাঁচ বছরের মধ্যে একটি দিনই তাদের মতামত প্রকাশের সুযোগ পায়। এরপর যে দল ক্ষমতায় আসে, সে দল তার মতো করেই দেশ শাসন করতে থাকে। অভিজ্ঞতা বলে, সেই শাসনের সঙ্গে তাদের প্রতিশ্রুতি এবং অঙ্গীকারের মিল কম থাকে। এবার নির্বাচনে ভোট দেওয়ার সময় তরুণেরা সে দিকটা নিশ্চয়ই বিবেচনা করবেন

এই নির্বাচনে যে তরুণেরা ভোট দেবেন, তাঁদের অনেকেই এর আগে ভোট দিতে পারেননি। এর আগেও বেশির ভাগ ক্ষেত্রে সব দলের অংশগ্রহণে নির্বাচন হয়নি। কিছু দলকে বাদ দিয়ে নির্বাচন করা হয়েছিল। এবারও যদি কিছু দলকে বাদ দিয়ে নির্বাচন করা হয়, তাহলে তার গ্রহণযোগ্যতা নিয়েও প্রশ্ন থেকে যাবে। তবে ফ্যাসিবাদী কোন দল অংশ নেবে না এটাই কাম্য। গণহত্যাকারি দলের ভোটে অংশ নেয়ার নৈতিক অধিকারও নেই। তাদের পক্ষে ওকালতি ফ্যাসিবাদেরই ছায়া ছাড়া অন্য কিছু নয়। অংশগ্রহণমূলক নির্বাচনের দাওয়াই গত ১৮টি বছর কাজে আসেনি। ভোটাধিকার চাওয়ার অপরাধেই হাজার হাজার রাজনৈতিক নেতাকর্মিকে জেলে থাকতে হয়েছে। অথচ গণহত্যাকারি কোন দলই কোন দেশে নির্বাচনে অংশ নেবার সুযোগ পায়নি। নজীর নেই। জাতির কাছে ক্ষমা চেয়ে তাদের রাজনীতিতে আসতে হবে। জনগনই তখন ভেবে দেখবে তাদের সুযোগ দেয়া যায় কিনা।

তরুণেরা ভোট দেওয়ার সময় যে বিষয়গুলো খেয়াল রাখবেন বলে মনে হয়, তা হলো-ভবিষ্যতে স্বৈরাচারী ব্যবস্থা কায়েম হতে পারে, এ রকম যেকোনো পদক্ষেপ রুখে দেওয়া। একাত্তর প্রশ্নে তরুণেরা বিভ্রান্ত হবেন না বলেই মনে হয়। কেন গণ-আন্দোলন পরবর্তী সময়টিতে নানা জায়গা থেকে একাত্তরবিরোধী বক্তব্য উঠে আসছে, তা নিয়েও তাঁরা ভাববেন নিশ্চয়। তরুণেরা নিজেরাই যাচাই করে নিতে পারবেন, কোনটা সত্য কোনটা মিথ্যা। তাঁরা যখন চুকনগর হত্যাকাণ্ডের কথা পড়বেন, তখন জেনে যাবেন এক দিনেই কীভাবে ১০ হাজারের বেশি মানুষকে হত্যা করেছিল পাকিস্তানি সেনাবাহিনী। আমাদের স্বাধিকার আন্দোলনের মূল চেহারা নিয়েও তাঁরা নিশ্চয়ই নিজেদের মতো করে সিদ্ধান্ত নেবেন। ইতিহাসকে আড়ালে রেখে যে কৌশলী নতুন বয়ান সৃষ্টি করতে চাইছে কোনো কোনো মহল, তরুণেরা তাদের সেই ষড়যন্ত্রে পা দেবেন কি না, সেটাও সময় বলে দেবে। ধর্মের নামে ভোট চাওয়ার হেতুতে তারা নিশ্চয়ই সায় দেবেন না। রোজা আর পূজাকে এক করে নির্বাচনী কৌশল কি গ্রহণযোগ্য? স্বাধীণতাবিরোধীদের ৭১'র চেহারা কি সহজেই ভুলে যাবেন তরুণরা? হতাশ হওয়ার মতো ব্যাপার হলো, যাঁদের দায়িত্ব ছিল মুক্তিযুদ্ধের মহান ইতিহাস ঠিকভাবে রচনার মাধ্যমে আমাদের অর্জন স্থায়ীভাবে প্রতিষ্ঠা করা, তাঁরা নানা সময় ব্যর্থ হয়েছেন এবং নিজেরাই ফায়দা লোটায় নিয়োজিত হয়েছেন। কোনো জাতি তার ইতিহাসকে ভুল পথে পরিচালনা করে না। সবাই তার ইতিহাস নিয়ে গর্ব করে। বিজয়ের এই মাসে তরুণদের সে কথা মনে রাখতে হবে। বুঝতে হবে, রাজনৈতিক দলের বয়ান আর মানুষের জন্য কাজ করা রাজনীতি সব সময় এক জায়গায় এসে মেলে না।

জনগণ পাঁচ বছরের মধ্যে একটি দিনই তাদের মতামত প্রকাশের সুযোগ পায়। এরপর যে দল ক্ষমতায় আসে, সে দল তার মতো করেই দেশ শাসন করতে থাকে। অভিজ্ঞতা বলে, সেই শাসনের সঙ্গে তাদের প্রতিশ্রুতি এবং অঙ্গীকারের মিল কম থাকে। এবার নির্বাচনে ভোট দেওয়ার সময় তরুণেরা সে দিকটা নিশ্চয়ই বিবেচনা করবেন।

# কাপুরুষ থেকে বীর: রাজনীতিতে অপ্রত্যাশিত রূপান্তর

ডা. সজল আশফাক শিকদার



রাজনীতি প্রমাণ করে-মানুষের প্রকৃত চরিত্র না খোলা পর্যন্ত তাকে একরকমভাবে লেবেল করা ঝুঁকিপূর্ণ। ইতিহাসে অনেকে প্রথমে দুর্বল, দ্বিধাগ্রস্ত বা "ফিগারহেড" বলে বিবেচিত ছিলেন; তবু সংকট এসে পৌঁছালে তারা এমন সিদ্ধান্ত ও কার্যকরী পদক্ষেপ নেন যে তাদের পুরোনো লেবেল উল্টে যায়।

নেভিল চেম্বারলিনকে ইউরোপ সংকটের সময় "ধ্যঢ়ধবংবসবহঃ"-এর প্রতীক মনে করা হত। কিন্তু যুদ্ধের চরম মুহূর্তে তার পদত্যাগ ও চার্চিলের হাতে ক্ষমতা হস্তান্তর ব্রিটেনকে নতুন যুদ্ধসাহসী নেতৃত্ব দেয়। এই রূপান্তর দেখায়-দুর্বল মুহূর্তেই কখনো কখনো ইতিহাস নায়ক তৈরি করে।

একইভাবে বাংলাদেশের রাজনীতিতে খালেদা জিয়ার উত্থান এক অপ্রত্যাশিত রূপান্তরের ক্লাসিক উদাহরণ।

জিয়াউর রহমানের মৃত্যুর আগে তিনি ছিলেন মূলত গৃহিণী ও রাজনৈতিকভাবে সম্পূর্ণ নন-অ্যাকটিভ। অনেকে তাঁকে 'প্রতীকী নেতা' ভাবতেন। কিন্তু সামরিক শাসন, দলীয় বিভাজন ও জাতীয় সংকটের মধ্যে তিনি দলকে সংগঠিত করেন, আন্দোলন পরিচালনা করেন এবং পরবর্তীতে বাংলাদেশের প্রথম নির্বাচিত নারী প্রধানমন্ত্রী হিসেবে নেতৃত্ব দেন।

দুর্বল বলে বিবেচিত একজন নারী কীভাবে পরিণত হন কঠিন রাজনৈতিক নেতায়-এটি দক্ষিণ এশিয়ার অন্যতম শক্তিশালী রাজনৈতিক রূপান্তর।

কথাগুলো এসেছে তারেক রহমানের দেশে ফেরা নিয়ে। তার দেশে ফেরা নিয়ে সত্যমিথ্যা মিলিয়ে নানাতথ্য আছে। ধোঁয়াশা এই পরিস্থিতি উনি নিজেই সৃষ্টি করেছেন কী না সেটা বলার সময় এখনো আসে নি। তবে বিএনপির পক্ষ থেকে বারবার দেশে ফেরার বিভিন্ন তারিখ দেয়ার মাধ্যমে বিষয়টা ইতোপূর্বে দেয়াঃঈদের পর আন্দোলনঃ এর মত শোনাচ্ছে।

তারেক রহমানের দেশে ফেরার বিষয়টি নিঃসন্দেহে জটিল। অনেক ঝুঁকি আছে, যা সামাল দেয়ার সামর্থ্য বিএনপি এবং সরকারের নেই।

তাছাড়া সরকার কোন্ বিবেচনায় তাকে বাড়তি সিকিউরিটি দেবেন সেটাও প্রশ্ন। কিন্তু আজকে তারেক রহমানের দেশে ফেরা নিয়ে যে অনিশ্চয়তা দেখা দিচ্ছে, এমনটা যে হতে পারে, বিএনপি কিংবা তারেক রহমান আগে থেকে তা বুঝতে পারেন নি সেটাও কি বিশ্বাসযোগ্য? তাহলে কেন এই অনিশ্চয়তা ফেলা হলো বিএনপির কোটি সমর্থকদের?

বিবিছিন্ন সাক্ষাতকারেও উনি দেশে ফেরার কথা বলেছেন, বলেছেন নির্বাচনে প্রার্থী হবার কথাও।

তাহলে কি কোন হিসাব বদলে গেছে? নাকি তাকে ভয় দেখানো হচ্ছে? কে ভয় দেখাচ্ছে? তাহলে কি তারেক রহমান সবই জানেন? তিনি দেখেছেন বিপদে বিএনপি খালেদা জিয়ার পাশে কীভাবে দাঁড়িয়ে ছিলো। তাতেই কি এত দ্বিধা?

কিন্তু নেতা হতে হলে তো ঝুঁকি নিতেই হবে। ঝুঁকি নিয়ে জিয়া শহীদ হয়েছেন, খালেদা জিয়াকে বিষপ্রয়োগে মেরে ফেলার চেষ্টা হয়েছে বলে কথিত আছে। সাধারণ জনগণ তারেক রহমানের পাশে আছে কিন্তু তারা হয়তো ভোটটা দিতে পারবে কিন্তু তারা তো নেতার নিরাপত্তা দিতে পারবে না। আর তাদের চিন্তা- নেতাই যদি না আসে তাহলে তাদের কী হবে, দেশের কী হবে?

> বিবিসি'র সাক্ষাতকারেও উনি দেশে ফেরার কথা বলেছেন, বলেছেন নির্বাচনে প্রার্থী হবার কথাও। তাহলে কি কোন হিসাব বদলে গেছে? নাকি তাকে ভয় দেখানো হচ্ছে? কে ভয় দেখাচ্ছে? তাহলে কি তারেক রহমান সবই জানেন? তিনি দেখেছেন বিপদে বিএনপি খালেদা জিয়ার পাশে কীভাবে দাঁড়িয়ে ছিলো। তাতেই কি এত দ্বিধা? কিন্তু নেতা হতে হলে তো ঝুঁকি নিতেই হবে। ঝুঁকি নিয়ে জিয়া শহীদ হয়েছেন, খালেদা জিয়াকে বিষপ্রয়োগে মেরে ফেলার চেষ্টা হয়েছে বলে কথিত আছে। সাধারণ জনগণ তারেক রহমানের পাশে আছে কিন্তু তারা হয়তো ভোটটা দিতে পারবে কিন্তু তারা তো নেতার নিরাপত্তা দিতে পারবে না। আর তাদের চিন্তা- নেতাই যদি না আসে তাহলে তাদের কী হবে, দেশের কী হবে?

# ভারতে ইতিহাস মুছে ফেলার রাজনীতি: এবার টার্গেট তাজমহল

সালেহ উদ্দিন আহমদ

মাত্র ১৭ জন অশ্বারোহী নিয়ে ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বিন বখতিয়ার খিলজি ১২০৪ সালে লক্ষ্মণ সেনকে পরাজিত করে বাংলা জয় করেন। স্কুলে আমার পাশে বসত আমার বন্ধু নারায়ণ। আমার মনে আছে ইতিহাস শিক্ষক এই বিষয়টা যখন পড়াচ্ছিলেন, নারায়ণ খুব মন খারাপ করেছিল।

ইতিহাসের ক্লাসে আমাদের আরেক দিন পড়ানো হলো পলাশীর যুদ্ধ। নবাব সিরাজউদ্দৌলা তাঁর বিরাট বাহিনী নিয়েও হেরে গেলেন রবার্ট ক্লাইভের অল্প কয়জন সৈন্যের কাছে, অস্তমিত হলো বাংলার স্বাধীনতা। এবার আমি ও নারায়ণ দুজনেই ক্লাসে খুব মন খারাপ করলাম।

ক্লাস থেকে বের হয়ে আবার আমরা স্বাভাবিকভাবে খেলাধুলা করলাম। কী আর আমরা করতে পারতাম? নবাব সিরাজউদ্দৌলাকে তো আর ফিরিয়ে আনা যেত না!

ইতিহাসের এসব দুঃখবোধ সবার থাকবে, যার যেমন আবেগ। কিন্তু ইতিহাসের ঘড়ি ও ঘটনা তো পাল্টানো যাবে না, সবাইকে স্বাভাবিকভাবে মেনে নিতে হয়। পুরোনো ইতিহাসকে টেনে এনে নিজের মনে ও অন্যদের মনে জ্বালা সৃষ্টি করা কোনো কাজের কাজ নয়। আর সমাজে প্রতিহিংসা সৃষ্টি করা তো আরও জঘন্য কাজ।

ঠিক এই জিনিসটাই হচ্ছে আজকের ভারতে। ভারতবর্ষে মুসলিম শাসন নিয়ে কিছু লোক এমনিতেই অন্তর্জ্বালায় ভুগছেন, নরেন্দ্র মোদির উত্থানের পর তাঁরা ক্রমান্বয়ে প্রতিহিংসার বারুদ ছড়াচ্ছেন। এই প্রতিহিংসা ভারতের হিন্দু উগ্র জাতীয়তাবাদীদের সাম্প্রদায়িক রাজনীতির সঙ্গে মিশে ধ্বংসাত্মক আকার ধারণ করছে। ইতিহাসের প্রতিহিংসার প্রথম বড় বলি ছিল অযোধ্যার বাবরি মসজিদ, যেটাকে ভেঙে গড়া হলো রামমন্দির।

ভারতের অসাম্প্রদায়িক ও উদারপন্থী জনগণ অবশ্য সাম্প্রদায়িক গোষ্ঠীর কার্যক্রমকে নিন্দা জানিয়ে আসছে। এমনকি গত সাধারণ নির্বাচনে রামমন্দির এলাকার সংখ্যাগুরু হিন্দু জনগণ ভোট দিয়ে বিজেপির লোকসভা প্রার্থীকে হারিয়ে জানান দেন-তারা এসব উগ্রতার বিরুদ্ধে।



লাভ হতে পারে ভারতীয় ডানপন্থী রাজনীতিবিদদের এবং মোদির দল বিজেপির। তারা আশা করবে তাদের ভোটব্যাংকে যোগ হবে আরও অনেক বেশি হিন্দু ভোট। সংখ্যালঘুদের অপদস্থ করে সংখ্যাগুরু সম্প্রদায়ের ভোট বাড়ানোই এসব প্রতিক্রিয়াশীল শক্তির মূল উদ্দেশ্য। তবে হিতে বিপরীতও হতে পারে, যেমন করে মোদির দল গত নির্বাচনে হারিয়েছিল রামমন্দির এলাকার লোকসভা আসনটি।

তাই বলে কি উগ্রবাদীদের দমানো যায়? তাঁরা মুসলমান বিদ্বেষ ছড়াবার জন্য নতুন নতুন কৌশল বের করা শুরু করলেন।

এইসব 'সংশোধনবাদী ইতিহাসবিদেরা', কেউ কেউ 'স্থপতিবিদ' সেজে মোগল স্থাপত্যের সমালোচনা করছেন। আবার কেউবা 'প্রত্নতাত্ত্বিক' সেজে কোন মসজিদের নিচে কয়টা মন্দির আছে এবং তাজমহল কোন মন্দির দখল করে গড়া হয়েছে, এসব নিয়ে 'ইতিহাস' গড়ছেন। এই উগ্রবাদীরা রাজনৈতিক কারণে ইতিহাসকে টেনেহিঁচড়ে অপ-ইতিহাস তৈরি করে জনগণকে বিভ্রান্ত করছেন এবং সমাজে ধর্মীয় বিভাজন ছড়াচ্ছেন।

তাঁরা এসব অপ-ইতিহাস প্রচার করতে বিভিন্ন উপায় বের করছেন এবং আরও বেশি লোককে রুদ্ধ করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। বর্তমানে এই ইতিহাসের বিকৃতি আরও বড় আকারে ছড়িয়ে দেওয়ার জন্য দক্ষিণপন্থী চিত্র প্রযোজক-পরিচালক ও সিনেমাকর্মীদের একটা গ্রুপ ইতিহাসকে বিকৃত করে নতুন নতুন চলচ্চিত্র তৈরি করছেন। তাঁদের সঙ্গে যোগ দিচ্ছেন মিঠুন চক্রবর্তী, অনুপম খের ও পরেশ রাওয়ালের মতো নামকরা অভিনেতারা।

এবার কল্পকাহিনির ভিত্তিতে সিনেমা বানানো হয়েছে তাজমহলকে নিয়ে, নাম-'দ্য তাজ স্টোরি'।

এবার কল্পকাহিনির ভিত্তিতে সিনেমা বানানো হয়েছে তাজমহলকে নিয়ে, নাম-'দ্য তাজ স্টোরি'।ছবি : সিনেমার পোস্টার থেকে নেওয়া

২০২২ সালে মুক্তি পাওয়া 'দ্য কাশ্মীর ফাইলস', যাতে অভিনয় করেছেন মিঠুন চক্রবর্তী ও অনুপম খের; এই ছবিতে দেখানো হয়েছে কাশ্মীর সমস্যার মূল ভিত্তি হলো মুসলমানদের হাতে হিন্দুদের নির্যাতন ও নিপীড়নের ঘটনা। এটা ছিল একটা মিথ্যাচার প্রচারমূলক ছবি, যা কাশ্মীরের আলাদা রাজ্যের মর্যাদা হরণে মোদির চক্রান্তের একটা সাফাই ছিল। এই ছবির সাফল্যের কারণ বলা যায়, বিজেপি-শাসিত রাজ্যগুলোতে এর টিকিট করমুক্ত ছিল এবং এটা ব্যাপক রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা পেয়েছিল।

এর আগে ২০১৮ সালে নির্মিত হয়েছিল 'পদ্মাবত' সিনেমা। রাজকুমারী পদ্মাবতী এবং আলাউদ্দিন খিলজিকে নিয়ে সিনেমা। পরিচালক সঞ্জয় লীলা বানসালি। এই ছবি নিয়ে বানসালিকে অনেক ভোগান্তি পোহাতে হয়েছিল। অনেক জায়গায় এই সিনেমার শুটিংয়ে বাধা দেওয়া হয়, সেট পুড়িয়ে দেওয়া হয়। বানসালি একজন উদারপন্থী সৃজনশীল পরিচালক, কিন্তু ডানপন্থী ও সেন্সর বোর্ডের চাপে তাঁকে ছবির স্ক্রিপ্টে অনেক পরিবর্তন করতে হয়েছিল।

এবার কল্পকাহিনির ভিত্তিতে সিনেমা বানানো হয়েছে তাজমহলকে নিয়ে, নাম-'দ্য তাজ স্টোরি'। 'দ্য তাজ স্টোরি'তে তাজমহলের পেছনের এরপর ৩৬ পৃষ্ঠায়

> লাভ হতে পারে ভারতীয় ডানপন্থী রাজনীতিবিদদের এবং মোদির দল বিজেপির। তারা আশা করবে তাদের ভোটব্যাংকে যোগ হবে আরও অনেক বেশি হিন্দু ভোট। সংখ্যালঘুদের অপদস্থ করে সংখ্যাগুরু সম্প্রদায়ের ভোট বাড়ানোই এসব প্রতিক্রিয়াশীল শক্তির মূল উদ্দেশ্য। তবে হিতে বিপরীতও হতে পারে, যেমন করে মোদির দল গত নির্বাচনে হারিয়েছিল রামমন্দির এলাকার লোকসভা আসনটি

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ক্ষমতা না টাকা বানানোর জাদুর কাঠি?

বদিউল আলম মজুমদার



এটি এখন প্রায় নিশ্চিত যে আগামী বছরের ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে ত্রয়োদশ জাতীয় সংসদ ও সংবিধান সংস্কার পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। একই সঙ্গে অনুষ্ঠিত হবে জুলাই জাতীয় সনদে অন্তর্ভুক্ত কতগুলো গুরুত্বপূর্ণ সংস্কার বিষয়ে একটি গণভোট। নাগরিকদের একটি বিরাট অংশের জন্য নিঃসন্দেহে এসবই সুসংবাদ। তবে অনেকের মনেই শঙ্কা রয়েছে, কাদের নিয়ে আগামী সংসদ ও সংবিধান সংস্কার পরিষদ গঠিত হবে। আবার কি আগামী সংসদ বা সংস্কার পরিষদে অনেক বিতর্কিত ব্যক্তির সমারোহ ঘটবে, যাঁরা ক্ষমতাকে অর্থবিত্তের মালিক হওয়া 'জাদুর কাঠি' হিসেবে ব্যবহার করবেন।

আমাদের অতীতের অভিজ্ঞতা সুখকর নয়। দৃষ্টান্ত হিসেবে একটি পুরোনো অভিজ্ঞতার কথা তুলে ধরা যাক। অনেক পাঠকের মনে থাকার কথা যে ২০০৮ সালের জুন মাসে চারটি পুরোনো সিটি করপোরেশনের-বরিশাল, খুলনা, রাজশাহী ও সিলেট-নির্বাচন অনুষ্ঠিত হয়। এসব নির্বাচনে প্রথমবারের মতো হলফনামার মাধ্যমে প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা, পেশা, আয়ের উৎস, অতীত ও বর্তমান মামলার বিবরণী, প্রার্থীর নিজের এবং প্রার্থীর ওপর নির্ভরশীলদের সম্পদ ও দায়দেনার তথ্য হলফনামার মাধ্যমে তাঁদের মনোনয়নপত্রের সঙ্গে জমা দেওয়ার বিধান কার্যকর করা হয়।

'সুজন-সুশাসনের জন্য নাগরিক'-এর নিরবচ্ছিন্ন প্রচেষ্টার ফলে উচ্চ আদালতের নির্দেশনার আলোকে প্রার্থীদের এসব তথ্য প্রদান বাধ্যতামূলক করা হয়। এসব তথ্য প্রদানের এবং প্রকাশের উদ্দেশ্য হলো ভোটারদের তথ্য দিয়ে ক্ষমতায়িত করা, যাতে তাঁরা জেনে-শুনে-বুঝে সৎ ও যোগ্য প্রার্থীদের পক্ষে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন।

এসব নির্বাচনের সব কটিতে আওয়ামী লীগ মনোনীত প্রার্থীরা জয়লাভ করেন-বরিশালে শওকত হোসেন হিরণ, খুলনায় তালুকদার আবদুল খালেক, রাজশাহীতে এ এইচ এম খায়রুজ্জামান লিটন এবং সিলেটে বদর উদ্দিন আহমদ কামরান জয়লাভ করেন। বিএনপি মনোনীত প্রার্থীরা এগুলোতে পরাজিত হন। বরিশালে পরাজিত হন আহসান হাবীব কামাল, খুলনায় মো. মনিরুজ্জামান, রাজশাহীতে মোহাম্মদ মোসাদ্দেক হোসেন ও সিলেটে পরাজিত হন সালাউদ্দিন রিমন।

পাঁচ বছর পর ২০১৩ সালের ১৫ জুন তারিখে এসব সিটি করপোরেশনে আবারও নির্বাচন অনুষ্ঠিত হয়। বিএনপি ও আওয়ামী লীগের পক্ষ থেকে ২০০৮ সালে মনোনীত সব প্রার্থীই ২০১৩ সালেও প্রতিদ্বন্দ্বিতা করেন, যদিও সিলেটে বিএনপির মনোনীত প্রার্থী ছিলেন আরিফুল হক চৌধুরী। ২০১৩ সালের নির্বাচনে বিএনপি মনোনীত সব প্রার্থীই জয়ী হন। এবারও প্রার্থীদের হলফনামার মাধ্যমে সাত ধরনের তথ্য জমা দিতে হয়।

প্রার্থীদের মনোনয়নপত্রের সঙ্গে জমা দেওয়া তথ্য থেকে দেখা যায়, দুই নির্বাচনে জয়ী-পরাজিত আটজন মেয়র পদপ্রার্থীর সবাই ছিলেন ব্যবসায়ী। তবে তালুকদার আবদুল খালেক নির্বাচিত হওয়ার পর ব্যবসায়ী হয়েছেন-তিনি ২০০৮ সালে প্রদত্ত হলফনামায় পেশা হিসেবে 'বর্তমানে কোনো ব্যবসা নেই' বলে উল্লেখ করেছেন।

হলফনামার তথ্য থেকে আরও লক্ষণীয় যে চারজন বিদায়ী মেয়রের প্রত্যেকেরই নিজের এবং নির্ভরশীলদের আয় তাঁদের ক্ষমতায় থাকার সময় ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। খুলনার তালুকদার আবদুল খালেকের ও তাঁর নির্ভরশীলদের আয় বেড়েছে ৩,৬২,০০০ টাকা থেকে ৫,৩২,৬৬,৯৭৭ টাকা বা ১৪,৬১৫ শতাংশ। বরিশালের শওকত হোসেন হিরণ এবং তাঁর ওপর নির্ভরশীলদের আয় বেড়েছে ৫,৮০,২৫০ টাকা থেকে ৩,৪৯,১১,০৩০ টাকা বা ৫,৯১৬ শতাংশ। রাজশাহীর এ এইচ এম খায়রুজ্জামান লিটন ও তাঁর নির্ভরশীলদের আয় বেড়েছে ২,৪৪,০০০ টাকা থেকে ৫৭,৭৫,৭৭২ টাকা বা ২,৩০৮ শতাংশ। সিলেটের বদর উদ্দিন আহমদ কামরান ও তাঁর ওপর নির্ভরশীলদের আয় বেড়েছে ২,১০,০০০ টাকা থেকে ১৫,৪৯,৯৮৮ টাকা বা ৬৩৮ শতাংশ-'সম্মানী' হিসেবে প্রাপ্ত নিজের আয় হলফনামায় দেখানো হয়নি বলে এটি অপেক্ষাকৃত কম। সর্বসাকল্যে চারজন মেয়র ও তাঁদের নির্ভরশীলদের গড় আয় বেড়েছে ৩,৪৯,০৬৩ টাকা থেকে ২,৩৯,০০,৯৮১ টাকা বা ৬,৭৪৭ শতাংশ।

অন্যদিকে ২০০৮ সালের নির্বাচনে পরাজিত তিন প্রধান প্রার্থীর মধ্যে দুজন এবং তাঁদের ওপর নির্ভরশীলদের আয় বেড়েছে এবং একজনের কমেছে। বরিশালের আহসান হাবীব কামালের আয় বেড়েছে ২০০৮ সালের ৭,০৮,০০০ টাকা থেকে ২০১৩ সালে ৯,৩০,০০০ টাকা বা ৩১ শতাংশ। খুলনায় মো. মনিরুজ্জামানের আয় কমেছে ৮,৩৬,০০০ টাকা থেকে ২,০০,০০০ টাকা বা ৭৬ শতাংশ। রাজশাহীর মোসাদ্দেক হোসেনের আয় বেড়েছে ১,৬৮,০০০ টাকা থেকে ১,৯২,০০০ টাকা বা ১৪ শতাংশ। এই তিন মেয়র প্রার্থীর পাঁচ বছরে আয় কমেছে ২৩ শতাংশ। অর্থাৎ নির্বাচনে জয়-পরাজয়ের সঙ্গে আয় বৃদ্ধির একটি যোগসূত্র রয়েছে।

২০০৮ সালের নির্বাচিত মেয়র ও পরাজিত মেয়র পদপ্রার্থীদের সম্পদের দিকে তাকালেও একই প্রবণতা দেখা যায়। বরিশালের মেয়র শওকত হোসেন হিরণ ও তাঁর ওপর নির্ভরশীলদের স্থাবর-অস্থাবর সম্পদ পাঁচ বছরে বেড়েছে ২০,৮৫,৩২৬ টাকা থেকে এরপর ২৪ পৃষ্ঠায়



প্রসঙ্গত, আরও সাম্প্রতিক সময়ের সংসদ নির্বাচনের প্রার্থীদের প্রদত্ত হলফনামার তথ্য থেকে ক্ষমতার সঙ্গে জাদুর কাঠির সম্পর্ক আরও সুস্পষ্টভাবে দৃশ্যমান, যা পরবর্তী লেখায় তুলে ধরা হবে। তাই আমাদের নির্বাচিত প্রতিনিধিদের জন্য নতুন ধরনের স্বচ্ছতা ও দায়বদ্ধতার কাঠামো সৃষ্টি করা আজ জরুরি হয়ে পড়েছে। একই সঙ্গে জরুরি হয়ে পড়েছে আমাদের রাজনৈতিক দলগুলোর সংস্কার, বিশেষত তাদের গণতন্ত্রায়ণ ও প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে স্বচ্ছতা এবং মনোনয়ন-বাণিজ্য তথা টাকার অযাচিত প্রভাবের অবসান। আরও জরুরি হয়ে পড়েছে নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রার্থীদের প্রদত্ত হলফনামার ছকে পরিবর্তন এবং এতে প্রদত্ত তথ্যের পরিপূর্ণতা ও বিশ্বাসযোগ্যতা কঠোরভাবে যাচাই করার। হলফনামার ছকে ইতিমধ্যে পরিবর্তন এসেছে

# নির্বাচন হলেও জামায়াতের লাভ, না হলেও তাদের লাভ!

ব্যারিস্টার নাজির আহমদ

এমন পরিস্থিতিতে দেশি, আঞ্চলিক ও আন্তর্জাতিক খেলোয়াড়রা তখন তাদের ইচ্ছামতো খেলার সুযোগ পাবে। মনে রাখা দরকার, পতিত সরকার ও তাদের দেশি ও বিদেশি অগণিত সাপোর্টাররা কিন্তু বসে নেই। "ইনক্লুসিভ" টার্ম এমনি এমনি বাতাসে আসেনি! জামায়াত বা অন্য রাজনৈতিক দল বা দলগুলো যাই মনে করুক না কেন - দেশের আপামর জনসাধারণ চায় একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন। কে ক্ষমতায় যাবে বা কে সরকার গঠন করবে সেটা জনগণকে নির্ধারণ করতে দিন। গত ১৭ বছর দেশের নাগরিক ভোট দিতে পারেনি, নির্বাচন ছিল নির্বাসনে! ১৮ বছর যার বয়স ছিল সে এখন ৩৪, অথচ ভোট কী জিনিস তা পরখ করার সুযোগ হয়নি তার জীবনে। এমন ভোটারদের সংখ্যা দেশে হবে প্রায় চার কোটি। আসন্ন জাতীয় নির্বাচনের এরাই হবে নিয়ামক শক্তি



গত বছরের ৫ আগস্ট গণঅভ্যুত্থানের পর পরিবর্তিত পরিস্থিতিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী অভাবনীয় সুবিধাজনক অবস্থানে আছে। সাংগঠনিকভাবে জামায়াতকে বেশ সুসংগঠিত মনে হয়। মিডিয়াও ভাল কাভারেজ দিচ্ছে। রাজনৈতিকভাবে ও প্রচারণায় তাদের বেশ সোচ্চার দেখা যাচ্ছে। এ অবস্থায় নির্বাচন হলেও জামায়াতের লাভ। না হলেও আবার জামায়াতের লাভ! বলা যায় তারা অনেকটা win-win সিচুয়েশন তথা Catch ২২ পজিশন বা "দা ও কুমড়া"র মতো অবস্থায় আছে। দা উপর থেকে নিক্ষেপ করলে কুমড়া কাটবে, দা'র কোনো ক্ষতি নেই। অনুরূপভাবে কুমড়া উপর থেকে ফেললে সেই কুমড়াই কাটবে, দা'র কোনো ক্ষতি হবে না! নির্বাচনি রাজনীতিতে স্বাধীন বাংলাদেশের গত ৫৪ বছরের মধ্যে সবচেয়ে বেশি সুবিধাজনক অবস্থানে এবং কমফোর্টেবল জায়গায় এখন আছে জামায়াত। এমন অভাবিত কমফোর্ট জোনে জামায়াত অতীতে কখনো ছিল না। চিন্তা করতে পারেন - এক সময় এমন সময়ও গেছে জামায়াতের আমীর সপ্তাহের পর সপ্তাহ পার করেছেন কিন্তু শুক্রবারে জুমার নামাজ আদায় করতে মসজিদে পর্যন্ত যেতে পারেননি। দু'রাত এক বাসায় বা এক ঠিকানায় থাকতে পর্যন্ত পারেননি। তাদের কেন্দ্রীয় অফিস ছিল তালাবদ্ধ বছরের পর বছর। তুলনা করেন ঐ সময়ের কঠিন অবস্থাকে বর্তমান সুবিধাজনক অবস্থার সাথে!

সুতরাং বর্তমান সুবিধাজনক অবস্থায়ই তো জামায়াত একান্তভাবে চাইবে নির্বাচন হোক যাতে তাদের প্রকৃত জনসমর্থন কত তা বুঝতে পারে। অতীতের নির্বাচনগুলোতে প্রাপ্ত ভোটের অনুপাত (যথাক্রমে ৪%, ৮%, ১২%) ও আসন (যথাক্রমে ৩, ১০, ১৮) ক্ষমতায় যাওয়ার জন্য তেমন উল্লেখ করার মত ছিল না। তবে এটাও ঠিক পূর্বের প্রাপ্ত ভোট ও সিটের অনুপাত ও সংখ্যা থেকে জামায়াতের সঠিক সমর্থন বোঝা যাবে না, কেননা অতীতের বেশিরভাগ নির্বাচনে তারা একা নয় বরং নির্বাচন করেছে জোটবদ্ধভাবে। গণঅভ্যুত্থানের পর জামায়াতের ভোট ও সাপোর্ট নিঃসন্দেহে বেড়েছে । তবে কত বেড়েছে বা কী পরিমাণ বেড়েছে তা নিশ্চিত হওয়ার জন্য আগামী নির্বাচন পর্যন্ত অপেক্ষা করতে হবে।

অপরদিকে, নির্বাচন না হলেও জামায়াতের লাভ! তারা পরিবর্তিত পরিস্থিতিতে যেভাবে সুযোগ-সুবিধা ভোগ করছেন, শীর্ষ নেতৃবৃন্দ প্রটোকল পাচ্ছেন, অবাধে চলাফেরা করছেন, রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করার স্কোপ হচ্ছে ও ব্যাপক মিডিয়া কাভারেজ পাচ্ছেন তা আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন না হলেও চলমান থাকবে। ফলে তারা তাদের সাংগঠনিক ভিত্তি আরো মজবুত ও দেশজুড়ে দলীয় প্রচারণা আরো ব্যাপকভাবে চালানোর প্রয়াস পাবেন।

তবে ফেব্রুয়ারিতে নির্বাচন না হলে অনেক কিছুর অবস্থা, নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব এখন যেভাবে আছে সেভাবে থাকবে না এটা অনেকটা নিশ্চিত করে বলা যায়। অন বা অন্যদের হাতে চলে যেতে পারে। নির্বাচন পিছিয়ে গেলে দেশে, শাসনতন্ত্রে ও রাজনৈতিক মাঠে অনেক উপসর্গ দেখা দেবে। নতুন পরিবর্তিত পরিস্থিতি এখনকার মতো যেভাবে আছে সমানভাবে তখন নাও থাকতে পারে। মনে রাখা দরকার এলোমেলো বা হ-য-ব-র-ল অবস্থায়, কিন্তু অনেক এ্যাক্টর ও স্টেকহোল্ডার জড়িয়ে সমস্যাকে আরো জটিল করে তোলে। জামায়াত চাইলে পিআর ও নির্বাচনের আগে গণভোট নিয়ে গোটা দেশে অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি করে নির্বাচন পেছাতে পারতো। তাদের আন্দোলন ও বক্তৃতার হাবভাব দেখে এমনটি তো প্রথমে মনে হয়েছিলো! অস্থিতিশীল পরিস্থিতির সৃষ্টি করলে কিন্তু বর্তমান দৃশ্যত দূর্বল প্রফেসর ড. ইউনূসের অন্তর্বর্তীকালীন সরকারের পক্ষে নিয়ন্ত্রণ করা সম্ভব হতো না। জামায়াত সেদিকে শেষ পর্যন্ত যায়নি। বরং তারা এই দুটি ইস্যুকে গরম গরম মেঠো রাজনৈতিক বক্তৃতা করে তাদের সমর্থকদের চাঙ্গা করা, ঐক্যমত্য কমিশনে রাজনৈতিক ট্রিকস এবং অন্তর্বর্তীকালীন সরকারকে চাপে রাখার কৌশল হিসেবেই ব্যবহার করেছে বলে এখন মনে হয়। তবে সবকিছু বিশ্লেষণ করে বলা যায় ফেব্রুয়ারিতেই নির্বাচন হোক জামায়াত আন্তরিকভাবে চাইবে। ফেব্রুয়ারিতে নির্বাচন না হলে সহসা দেশে নির্বাচন নাও হতে পারে। আর দেরি হলে নতুন বাস্তবতা ও উপসর্গ আবির্ভূত হবে। তখন তারা তো বটেই, দেশ যারা চালাচ্ছেন তাদেরও নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে অনেক কিছু। এমন পরিস্থিতিতে দেশি, আঞ্চলিক ও আন্তর্জাতিক খেলোয়াড়রা তখন তাদের ইচ্ছামতো খেলার সুযোগ পাবে। মনে রাখা দরকার, পতিত সরকার ও তাদের দেশি ও বিদেশি অগণিত সাপোর্টাররা কিন্তু বসে নেই। "ইনক্লুসিভ" টার্ম এমনি এমনি বাতাসে আসেনি! জামায়াত বা অন্য রাজনৈতিক দল বা দলগুলো যাই মনে করুক না কেন - দেশের আপামর জনসাধারণ চায় একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন। কে ক্ষমতায় যাবে বা কে সরকার গঠন করবে সেটা জনগণকে নির্ধারণ করতে দিন। গত ১৭ বছর দেশের নাগরিক ভোট দিতে পারেনি, নির্বাচন ছিল নির্বাসনে! ১৮ বছর যার বয়স ছিল সে এখন ৩৪, অথচ ভোট কী জিনিস তা পরখ করার সুযোগ হয়নি তার জীবনে। এমন ভোটারদের সংখ্যা দেশে হবে প্রায় চার কোটি। আসন্ন জাতীয় নির্বাচনের এরাই হবে নিয়ামক শক্তি।

নাজির আহমদ: বিশিষ্ট আইনজীবী, রাষ্ট্রচিন্তক, সংবিধান বিশেষজ্ঞ, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী এবং ইংল্যান্ডের প্র্যাকটিসিং ব্যারিস্টার।



# নিকোলের খুঁটির জোর

আবুল কালাম আজাদ





যমুনা টিভির অভ্যন্তরীণ রাজনীতিতে রোকসানা আঞ্জুমান নিকোল কতটা প্রভাবশালী, তা যারা ভেতরের খবর জানেন তারা অনায়াসেই স্বীকার করবেন। টেলিভিশন মিডিয়ার কাঠামো এমন যে, ক্ষমতার বলয়ের সাথে যিনি যত বেশি ঘনিষ্ঠ, তার অবস্থান তত বেশি অটল। নিকোলের ক্ষেত্রেও ব্যতিক্রম নয়। তিনি শুধু পর্দার মুখ নন-তিনি দীর্ঘদিন ধরে এমন একটি প্রভাববলয় তৈরি করে ফেলেছেন যার ফলে একটি ভুল সিদ্ধান্ত, একটি অপেশাদার আচরণ-এসবই সহজে ধামাচাপা পড়ে যায়।

৫ আগস্টের দেশব্যাপী গণ-অভ্যুত্থানের পর যখন দেশজুড়ে রাজনৈতিক আলোচনায় নতুন ধারা তৈরি হতে শুরু করল, তখন নিকোলের এক টকশো আবারও প্রশ্নের মুখে ফেলে দিল তার পেশাগত নৈতিকতা। জুলাই আন্দোলনের অন্যতম মুখ, ছাত্র সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহকে তিনি এমনভাবে অপমান করলেন যা একজন উপস্থাপক নয়, বরং একটি দলীয় প্রচারকই করতে পারে। নিকোলের পায়ের নিচের মাটি যদি সত্যিই দুর্বল হতো, যদি তার পেছনে শক্তিশালী সম্পর্কের জাল না থাকত-তাহলে ওই টকশোটি তার মিডিয়া ক্যারিয়ারের ইতি টানার জন্য যথেষ্ট ছিল। কিন্তু বাস্তবতা ভিন্ন। তার ওই আচরণ শুধু সহনশীলতার সঙ্গে গ্রহণই করা হলো না, বরং তাকে ঘিরে থাকা ক্ষমতার প্রাচীর আরও দৃঢ় হয়ে উঠল।

নিকোলকে ঘিরে বহুদিন ধরেই নানা বিতর্ক চলছে। বিশেষ করে যমুনা টিভির এক প্রভাবশালী কর্মকর্তার সাথে তার বিবাহ-বহির্ভূত সম্পর্ক বহুবার আলোচনায় এসেছে। সেই সম্পর্ক নিয়ে নানামুখী অভিযোগ, অফিসের ভেতরের উত্তেজনা, এমনকি শারীরিক হামলার ঘটনাও ঘটেছে-এসব প্রায়ই কর্মীদের গুঞ্জনে শোনা যায়। একসময় ওই কর্মকর্তার স্ত্রী নিকোলকে প্রকাশ্যে থাপ্পড় মারেন, এবং এ ঘটনায় নিকোলকে কয়েকদিন পর্দা থেকে দূরে থাকতে হয়। কিন্তু কিছুদিন পর সব স্বাভাবিক-যেন কিছুই হয়নি! কারণ গুরুত্বপূর্ণ পদে থাকা মানুষদের সাথে সম্পর্ক থাকলে দায়বদ্ধতা, জবাবদিহি, এমনকি নৈতিক বিচারের প্রশ্নও মিডিয়া হাউজগুলোতে অদ্ভুতভাবে অদৃশ্য হয়ে যায়।

এখন প্রশ্ন হলো-নিকোলের রাজনৈতিক অবস্থান কোথায়? তার অবস্থান আসলে খুব পরিষ্কার। আওয়ামী লীগপন্থী 'প্রগতিশীল', 'সিভিল সোসাইটি', কিংবা মিডিয়ার তথাকথিত সুশীল শ্রেণীর মধ্যে তিনি বহুদিন ধরেই প্রতিষ্ঠিত।



খালেদ মহিউদ্দিনদের মতোই তার রাজনৈতিক প্রবণতা সবসময়ই আওয়ামী লীগের প্রতি নরম ছিল, কখনো কখনো প্রকাশ্যও ছিল। ক্ষমতার করিডর বদলালেই তারা দলবদল করেন না-বরং ক্ষমতাসীনদের সঙ্গে নিজেদের সম্পর্ক টিকিয়ে রাখার কৌশলই বদলান। নিকোলও তেমনই। তিনি ব্যক্তিগতভাবে যা বিশ্বাস করেন সেটা তার অধিকার, কেউ তাতে হস্তক্ষেপ করার কথা নয়। কিন্তু সমস্যা তখনই হয়, যখন তিনি তার রাজনৈতিক পছন্দকে সাংবাদিকতার নিরপেক্ষতা আড়াল করার ঢাল হিসেবে ব্যবহার করেন এবং ফ্যাসিস্ট শাসনকেও 'নরমালাইজ' করার চেষ্টা করেন।

আজকের বাংলাদেশে সবচেয়ে বড় চ্যালেঞ্জগুলোর একটি হলো-ফ্যাসিজমকে সাধারণ ও স্বাভাবিক করে দেখানো। গত এক দশকে গণতন্ত্রের ওপর যেভাবে আঘাত এসেছে, বিরোধী মতকে যেভাবে দমন করা হয়েছে, মানবাধিকারকে যেভাবে লাঞ্ছিত করা হয়েছে-এসবের বিরুদ্ধে কথা বলা তো দূরের কথা, অনেক সাংবাদিক উল্টো এই শাসনকে বৈধতা দিতে কাজ করেছেন। নিকোল সেই শ্রেণীরই মুখপাত্র হয়ে উঠেছেন। পাঁচ আগস্টের আগেও, পরে-তার বক্তব্য, টকশো পরিচালনা, অতিথি বাছাই-সবকিছুতেই ছিল আওয়ামী লীগের প্রতি কোমলতা এবং বিরোধী কণ্ঠের প্রতি বিরূপতা।

তার উপর অভিযোগ আছে, তিনি যেভাবে অতিথিদের সঙ্গে আচরণ করেন, তা পেশাদারিত্বের সামান্যতম মানও রক্ষা করে না। তিনি প্রশ্ন করেন না-তিনি বিচারক হয়ে যান। তিনি আলোচনার প্ল্যাটফর্ম তৈরি করেন না-বরং উপহাস ও অপমানের পরিবেশ বানান। হাসনাত আব্দুল্লাহকে নিয়ে তার আচরণ ছিল সেই ধারাবাহিকতারই অংশ। যেন টিভি স্টুডিও নয়-আওয়ামী লীগের পক্ষ থেকে জেরার আসন। প্রকাশ্যে কারও প্রতি অসম্মান দেখানো শুধু উপস্থাপকের নৈতিকতার প্রশ্নই নয়, বরং মিডিয়ার নিরাপত্তা, বহুমত এবং ন্যায়ভিত্তিক আলোচনার পরিবেশের বিরুদ্ধেও আঘাত।

হাসনাত আব্দুল্লাহ অনেকের কাছে 'জুলাইয়ের প্রতীক', আবার অনেকের কাছে এক স্বতন্ত্র সংগঠক-কিন্তু একজন টকশো উপস্থাপক হিসেবে তাকে যেভাবে ব্যঙ্গ করলেন, তা শুধু ব্যক্তিগত আক্রমণ নয়, বরং জনগণের আন্দোলনের প্রতি এক ধরনের অসম্মান। সেই অসম্মান করেও নিকোলের কোনো শাস্তি হয়নি, এমনকি কোনো প্রকাশ্য দুঃখপ্রকাশও হয়নি। কারণ তার অবস্থান যমুনার প্রভাববলয়ের একদম কেন্দ্রে। অনেকেই তাই বলেন-নিকোলের 'লেজ্জা' লুকানো কঠিন। তবে তাদের ধারণা ভুলও হতে পারে! কারণ লুকানোর তো কিছুই নেই-তার অবস্থান স্পষ্ট, তার আদর্শ স্পষ্ট, তার কর্মপদ্ধতি স্পষ্ট। তার লেজ্জা বরাবরই উন্মুক্ত-আর সেখানে 'আওয়ামী লীগ' নামটাই জ্বলজ্বল করে।

আমি ব্যক্তিগত স্বাধীনতায় বিশ্বাসী, প্রত্যেক মানুষ কোন দলকে ভালোবাসবে সেটা তার সিদ্ধান্ত। নিকোল আওয়ামী লীগ ভালোবাসতেই পারেন-তাতে কারো আপত্তি নেই। রাজনৈতিক মত-প্রকাশ তার অধিকার। কিন্তু সমস্যা তখনই শুরু হয় যখন সে রাজনৈতিক পছন্দ সাংবাদিকতার আড়ালে প্রোপাগান্ডার রূপ নেয়, যখন ফ্যাসিস্ট শাসনকে স্বাভাবিক করে দেখানোর কাজটি তিনি এরপর ২৭ পৃষ্ঠায়




# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)


Moin & Michael

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION**
(Consultation fee applies)





**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

# দেশনেত্রীর প্রতিক্ষায় বাংলাদেশ

> ২০০১ সালে খালেদা জিয়া পুনরায় ক্ষমতায় এসে জঙ্গিবাদ দমন, সড়ক অবকাঠামো উন্নয়ন এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান শক্তিশালী করতে পদক্ষেপ নেন। তিনিই দেশে প্রথম মাধ্যমিক শ্রেনী পর্যন্ত স্ত্রী নারী শিক্ষা চালু করেন। মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় ও প্রবাসী কল্যাণ নামে দুটি স্বতন্ত্র মন্ত্রনালয় চালু করেন। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রনে র‍্যাব প্রতিষ্টা করেন। তার সময় দেশে প্রথম সেলুলার ফোন চালু হয়। প্রাইভেট বেসরকারী টিভি চ্যানেল প্রতিষ্টার উদ্যোগ তার সরকারের সুচিন্তিত সিদ্ধান্তের ফসল। তিনি দেশের কল্যাণে এমন অনেক কাজ করে গেছেন সে জন্য জাতি তাঁকে চিরকাল স্মরণ করবে। দেশনেত্রী বেগম খালেদা জিয়া আবার সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসুন এটাই দেশবাসীর প্রার্থনা কামনা। সুস্থ হয়ে উঠুন দেশনেত্রী। আপনার প্রতিক্ষায় বাংলাদেশ

**আহবাব চৌধুরী খোকন**



বিএনপি চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার অসুস্থতার সংবাদ এ মহূর্তে দেশে বিদেশে সবচেয়ে উদ্বেগের সংবাদ। সম্প্রতি জটিল রোগে আক্রান্ত হয়ে ঢাকা এভারকেয়ার হাসপাতালে ভর্তি হয়েছেন তিনি।গত প্রায় দুই সপ্তাহ যাবৎ তাঁকে নিয়ে দেশ বিদেশে বিএনপি নেতা-কর্মী এমনকি সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ - উৎকন্ঠা লক্ষ্য করা গেছে। হাসপাতালে দেখতে গিয়েছেন প্রধান উপদেষ্টা ড, মোহাম্মদ ইউনূস, সেনা প্রধান জেনারেল ওয়াকার সহ নৌ বাহিনী ও বিমান বাহিনী প্রধান। রাষ্ট্রপতি সাহাব উদ্দিনও রোগ মুক্তি কামনা করে বিবৃতি দিয়েছেন।দেশের সকল রাজনৈতিক সংগঠন ও ধর্মীয় নেতৃবৃন্দ বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনা করে বিবৃতি দিয়েছে। চীন ও বৃটিশ সরকার বেগম খালেদা জিয়ার চিকিৎসার্থে ঢাকায় বিশেষ দুটি মেডিক্যাল টিম পাঠিয়েছে। পাকিস্থানের প্রধান মন্ত্রী শাহবাজ শরিফ ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তার অসুস্থতায় উদ্বেগ প্রকাশ করে দ্রুত সুস্থতা কামনা ও সম্ভব সব রকমের সহযোগিতার প্রতিশ্রতি দিয়েছেন। মেক্সিকো এবং ইংল্যান্ডের পার্লামেন্টে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করা হয়েছে।দেশের বর্ষিয়ান এই রাজনীতিবিদের সুস্থতা কামনায় দেশে বিদেশে মানুষের প্রার্থনা ও আহাজারি দেখে মনে হচ্ছে কেবল একজন নেত্রী নন যেন পুরো দেশটাই এখন অসুস্থ।

খালেদা জিয়া বাংলাদেশের রাজনীতিতে অনন্য এক নাম। সততা,ভদ্রতা,পরম সহমর্মিতা ও আত্মত্যাগের জন্য বিশ্বের রাজনীতিতে হাতে গোনা যে ক'জন রাজনীতিবিদ বিশেষ স্থান করে নিতে সক্ষম হয়েছেন খালেদা জিয়া তাদের মধ্যে অন্যতম। ১৯৮১ সালের ৩০শে মে বিএনপি প্রতিষ্ঠার দুই বছর সাত মাসের মাথায় দেশি বিদেশী ষড়যন্ত্রে প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মৃত্যু হলে নিন্দুকেরা বিএনপির অস্তিত্ব নিয়ে প্রশ্ন তুলেছিলেন। কিন্তু বেগম খালেদা জিয়া ৪৪ বছর নেতৃত্ব দিয়ে শুধু বিএনপির দৃঢ় অস্তিত্বের জানান দেননি, এই সংগঠনকে পরিণত করেছেন সাধারণ মানুষের আস্থা ও নির্ভরতার ঠিকানায়। এ জন্য তাঁকে পাড়ি দিতে হয়েছে বন্ধুর পথ। সহ্য করতে হয়েছে মামলা,হামলা, লাঠিপেঠা, গ্রেফতারসহ সরকারী দলের অনেক নির্যাতন । কারাগারে থাকা অবস্থায় জন্মধাত্রী মাকে হারিয়েছেন, হারিয়েছেন আপন বোন ও ভাইকে, পার্টি অফিসে অবরুদ্ধ থাকা অবস্থায় হারিয়েছেন নাড়ীছেড়া ধন সন্তানকে। বছরের পর বছর পরিবার পরিজনবিহীন জীবন যাপন করতে হয়েছে। তাঁকে কারাগারে প্রয়োজনীয় চিকিৎসা না দিয়ে বরং মেরে ফেলার ষড়যন্ত্র করা হয়েছে ।কিন্তু দেশের মানুষের স্বার্থে সকল নির্যাতন মাথা পেতে নিলেও আপোষ করেননি কখনো ।



বেগম খালেদা জিয়া বেড়ে উঠেছেন অতি সাধারণ পরিবার থেকে । বাবা মরহুম ইস্কন্দর আলী ছিলেন দিনাজপুরের একজন সাধারণ ব্যবসায়ী । তিনি খুব কিশোরী বয়সে বিবাহ বন্ধনে আবদ্ধ হন তরুন সেনা কর্মকর্তা ক্যাপ্টন জিয়াউর রহমানের সাথে । হয়তো ভেবেছিলেন সাধারণ আট/দশটি মেয়ের মত সুখে শান্তিতে কাটিয়ে দেবেন বিবাহিত জীবন। কিন্তু ১৯৭১ সালে পাকিস্থানের বিরুদ্ধে স্বাধীনতা যুদ্ধ শুরু হলে মেজর জিয়াউর রহমান চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে সশস্ত্র মুক্তিযুদ্ধের ঘোষণা দেন । স্বামীর অপরাধে তখন খালেদা জিয়াকে দুই নাবালক সন্তানসহ পাকিস্থান সেনানিবাসে অন্তরীণ হতে হয় । এই সময় অবর্ণনীয় কষ্টে কাটে বন্দি জীবন। স্বাধীন দেশে তিনি ছিলেন নিতান্তই পর্দার অন্তরালে। দেখা যায়নি কোন রাজনৈতিক মঞ্চে। কিন্তু ১৯৮১ সালের ৩০ মে স্বামী জিয়াউর রহমানের হত্যাকাণ্ড এবং ১৯৮২ সালে বিএনপির নির্বাচিত সরকারকে হটিয়ে অবৈধভাবে স্বৈরাচারী এরশাদ ক্ষমতা দখল করলে দলীয় নেতা কর্মী ও সাধারণ মানুষের চাপে তাঁকে বিএনপির হাল ধরতে হয়। রাজনীতিতে যুক্ত হয়ে তিনি সারা জীবনটাই উৎসর্গ করেন দেশের জন্য। চুয়াল্লিশ বছরের রাজনৈতিক জীবনে চৌত্রিশ বছরই কেটেছে আন্দোলন সংগ্রামের মাধ্যমে । জীবনের বাঁকে বাঁকে তাঁকে পরীক্ষা দিতে হয়েছে ।আশির দশকে স্বৈরাচার এরশাদ সামরিক শাসন জারী করে অবৈধভাবে ক্ষমতা দখল করে বিএনপি ভাঙ্গার ষড়যন্ত্রে মেতে উঠলে খালেদা জিয়া রাজপথে তীব্র গণ আন্দোলন গড়ে তোলেন। কিন্তু ১৯৮৬ সনে হাসিনা এরশাদের দেয়া ফাঁদে পা দিয়ে পাতানো নির্বাচনে অংশ নিলে এরশাদের শাসন দীর্ঘস্থায়ী হয়। কিন্তু খালেদা জিয়া তাতে হাল ছাড়েননি। টানা নয় বছর সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধ করে এরশাদের বিরুদ্ধে আন্দোলন করেছেন। এ সময় তাঁকে একাধিকবার গৃহবন্দি করা হলেও আন্দোলন থেকে হটানো যায়নি। এক পর্যায়ে ১৯৯০ সালে খালেদা জিয়ার নেতৃত্বে গড়ে উঠা ছাত্র গণআন্দোলনে স্বৈরাচার এরশাদ পদত্যাগ করতে বাধ্য হয় । আবার ২০০৮ সালে ক্ষমতায় এসে হাসিনা জনগনের ভোটাধিকার কেড়ে নিয়ে ক্ষমতা চিরস্থায়ী করার স্বপ্নে মেতে উঠে। এ সময় খালেদা জিয়াকে মন্ত্রীত্বের লোভ দেওয়া হয় । চাইলে তিনি এরশাদের মত একটি পদ গ্রহণ করে আমৃত্যু আরামআয়াসে জীবন যাপন করতে পারতেন ।কিন্তু সেটা না করে আন্দোলন চালিয়ে যান। আবার ২০০৬ সালে অবৈধভাবে ক্ষমতা দখল করে ফখর উদ্দিন- মঈন উদ্দিন তাকে বিদেশে পাঠিয়ে দেয়ার ষড়যন্ত্রে মেতে উঠে । সে সময় তিনি যথার্থই বলেছিলেন, আমাদের দেশের লক্ষ লক্ষ নেতা কর্মীকে রেখে এরপর ২৭ পৃষ্ঠায়

# সিস্টেম বদলালে দেশ বদলাবে

**মোকাররম হোসেন শুভ**



বাংলাদেশের রাষ্ট্রীয় প্রশাসন ও সেবা কাঠামোকে যুগের চাহিদা অনুযায়ী রূপান্তর করতে হলে এখনই নতুন চিন্তা ও বাস্তবভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ অপরিহার্য হয়ে পড়েছে, কারণ আমাদের সরকারি প্রতিষ্ঠানগুলো বহু ক্ষেত্রে পুরনো নীতিকাঠামো, জটিল প্রক্রিয়া, অকার্যকর ব্যবস্থাপনা এবং জবাবদিহিতার দুর্বলতার কারণে জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হচ্ছে; দীর্ঘদিনের স্থায়ী চাকরি নির্ভর নিরাপত্তাবোধ অনেক কর্মীকে দায়িত্বহীনতায় অভ্যস্ত করেছে, সময়ের হিসাব-নিকাশে কাজের গতি কমে যাচ্ছে, আর জনগণের ট্যাক্সের টাকায় পরিচালিত প্রতিষ্ঠানে জনগণের অধিকারই যেন উপেক্ষিত থাকে; এ বাস্তবতায় সরকারি সব প্রতিষ্ঠানকে চুক্তিভিত্তিক করা এবং মাল্টিন্যাশনাল কোম্পানির সিস্টেম অনুসরণ করার দাবি এখন সময়েরই দাবি। উন্নয়নশীল বাংলাদেশ পুরনো আমলাতান্ত্রিক ধীরগতি নিয়ে সামনে এগোতে পারে না-বিশ্ব প্রতিযোগিতায় টিকে থাকতে হলে প্রশাসনে সুশাসন, দক্ষতা, স্বচ্ছতা ও উদ্ভাবনচর্চা নিশ্চিত করা জরুরি; চুক্তিভিত্তিক নিয়োগব্যবস্থা কর্মক্ষেত্রে নতুন শৃঙ্খলা ও দায়বদ্ধতা তৈরি করতে পারে, যেখানে প্রত্যেক কর্মী জানবেনভূপদ নয়, কর্মদক্ষতাই হবে তার মূল পরিচয়; চাকরি সুরক্ষার ভরসা নয়, বরং সেবা সুরক্ষা হবে রাষ্ট্রের লক্ষ্য; দুর্নীতি, অবহেলা, স্বজনপ্রীতি ও তদবিরনির্ভর পদোন্নতির মতো প্রশাসনিক ব্যাধি স্বয়ংক্রিয়ভাবে কমে আসবে, কারণ নির্দিষ্ট সময় পর পর কর্মফল পর্যালোচনা করে চুক্তি নবায়ন হবে; পাশাপাশি মাল্টিন্যাশনাল প্রতিষ্ঠানগুলোর সিস্টেম বা কালচারের অনুসরণ সরকারি ও আধা সরকারি প্রতিষ্ঠানে বিশ্বমানের কর্মপরিবেশ তৈরি করতে পারে, যেখানে সময়ানুবর্তিতা, প্রযুক্তি নির্ভরতা, লক্ষ্যভিত্তিক কাজ, নিয়মিত প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধির সুযোগ এবং ফলাফল ভিত্তিক মূল্যায়ন থাকবে বাধ্যতামূলক; বহুজাতিক কোম্পানিগুলোর মতো পারফরম্যান্স বেইজড সংস্কৃতি প্রতিষ্ঠিত হলে কর্মীদের মাঝে উদ্যম বাড়বে, প্রতিযোগিতা সৃষ্টি হবে ইতিবাচক, আর প্রতিষ্ঠানগুলোর সার্বিক মানোন্নয়ন ঘটবে দ্রুত; ইতোমধ্যে অনেক উন্নত দেশ সরকারি চাকরিতে এ ধরনের পরিবর্তন এনে সেবা ব্যবস্থাকে জনগণের কাছে আরও কাছে নিয়ে গেছে, সেবাপ্রাপ্তির সন্তুষ্টিও বেড়েছে বহু গুণ, ফলে উন্নয়নও হয়েছে টেকসই ও স্বচ্ছ; বাংলাদেশ কেন সেই পথে হাঁটবে না? যদি আজও আমাদের প্রশাসন ধীরগতি, অদক্ষতা ও অনিয়মের বেড়াজালে আটকে থাকে, তবে আধুনিক স্মার্ট বাংলাদেশ কিভাবে গড়ে উঠবে? তাই সময় এসেছে সরকারি প্রতিষ্ঠানগুলোকে পরিবর্তনের অগ্রযাত্রায় যুক্ত করার-সিস্টেম বদলান, সেবা বদলান, দেশ এগিয়ে নিন; অবশ্য এই রূপান্তরের পথে কিছু চ্যালেঞ্জও আছে-যেমন রাজনৈতিক অযাচিত প্রভাবমুক্ত মূল্যায়ন নিশ্চিত করা, মানবিক সুরক্ষা বজায় রাখা, অভিজ্ঞ কর্মীদের যথাযথ ব্যবহারের ব্যবস্থা করা এবং দেশীয় বাস্তবতা অনুযায়ী ধাপে ধাপে এই পরিবর্তন কার্যকর করা; তবে চ্যালেঞ্জকে ভয় করলে অগ্রগতি থেমে যায়, বরং সঠিক পরিকল্পনা ও সততার মাধ্যমে এগুলো মোকাবিলা করাই হবে রাষ্ট্রের দায়িত্ব; সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে-এই এরপর ৩৬ পৃষ্ঠায়

> যদি আজও আমাদের প্রশাসন ধীরগতি, অদক্ষতা ও অনিয়মের বেড়াজালে আটকে থাকে, তবে আধুনিক স্মার্ট বাংলাদেশ কিভাবে গড়ে উঠবে? তাই সময় এসেছে সরকারি প্রতিষ্ঠানগুলোকে পরিবর্তনের অগ্রযাত্রায় যুক্ত করার-সিস্টেম বদলান, সেবা বদলান, দেশ এগিয়ে নিন; অবশ্য এই রূপান্তরের পথে কিছু চ্যালেঞ্জও আছে-যেমন রাজনৈতিক অযাচিত প্রভাবমুক্ত মূল্যায়ন নিশ্চিত করা, মানবিক সুরক্ষা বজায় রাখা, অভিজ্ঞ কর্মীদের যথাযথ ব্যবহারের ব্যবস্থা করা এবং দেশীয় বাস্তবতা অনুযায়ী ধাপে ধাপে এই পরিবর্তন কার্যকর করা; তবে চ্যালেঞ্জকে ভয় করলে অগ্রগতি থেমে যায়, বরং সঠিক পরিকল্পনা ও সততার মাধ্যমে এগুলো মোকাবিলা করাই হবে রাষ্ট্রের দায়িত্ব



> তাদের সক্ষমতার বিকাশে পরিণত হয়; যেন প্রতিটি কর্মী বুঝে নেন-তিনি আর শুধু চাকরিজীবী নন, বরং জনগণের সেবক, দেশের উন্নয়নযাত্রার যোদ্ধা; যখন দক্ষতাই হবে সাফল্যের চাবিকাঠি, সক্রিয়তা হবে দায়িত্বের প্রমাণ, এবং জনগণের সন্তুষ্টিই হবে সেবার মূল মূল্যায়ন-তখন বদলে যাবে সরকারি প্রশাসনের চেহারা; দুর্নীতি, রাজনৈতিক হস্তক্ষেপ, বিলম্ব, ফাইলবন্দি উন্নয়ন-সবকিছুই হবে অতীতের ইতিহাস; জনগণ তখন অনুভব করবে-হ্যাঁ, সরকারি প্রতিষ্ঠান সত্যিই জনগণের; তাই বলা যায়-উন্নয়ন হবে বাস্তবে, প্রতিশ্রুতির ভাষণে নয়; সময় এখনই-চুক্তিভিত্তিক সক্ষমতা আর মাল্টিন্যাশনাল ব্যবস্থার সমন্বয়ে জনগণের সরকারি সেবা প্রতিষ্ঠার; কারণ একটাই সত্য, দেশ বদলাতে হলে সিস্টেম বদলাতেই হবে


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# দেওয়ালে মাথা ঠুকলেও দেওয়াল ভাঙবে না

ড. মাহবুব উল্লাহ্

'জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক শেষ করা প্রায় ৬৬ শতাংশ আংশিক বেকারত্বের (under employed) মধ্যে রয়েছেন। অর্থাৎ তারা টিউশনি, কল সেন্টার বা কোচিংয়ে ক্লাস নেওয়ার মতো কাজ করেন; পূর্ণকালীন কাজের (Full time) সঙ্গে যুক্ত নন। ফল ভালো থাকলেও অভিজ্ঞতা না থাকা তাদের প্রধান প্রতিবন্ধকতা হিসাবে সামনে এসেছে।' গত সোমবার সরকারি গবেষণা সংস্থা বিআইডিএসের বার্ষিক উন্নয়ন সম্মেলনের প্রথম অধিবেশনের উপস্থাপনায় এসব তথ্য তুলে ধরেন গবেষকরা।

প্রথম অধিবেশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রিধারীদের কর্মসংস্থান নিয়ে উপস্থাপনা তুলে ধরেন বিআইডিএসের গবেষণা ফেলো তাহমিন তাহমিনা চৌধুরী। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ৫১৫টি কলেজ থেকে স্নাতক করা ১ হাজার ৬৩৯ জনের তথ্য বিশ্লেষণ করে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। এতে ২০২১ সালে বিশ্বব্যাংকের করা জরিপের তথ্য ব্যবহার করা হয়েছে। স্নাতক ডিগ্রিধারীদের কাছে জানতে চাইলে, ৩৪৩ জন কাজে যুক্ত আছেন বলে জানান। আর চাকরি খুঁজছেন বলে জানান ১ হাজার ৭৮ জন। তাদের মধ্যে ১১৩ জন পার্টটাইম বা খণ্ডকালীন কাজে যুক্ত। ৮২ জন কোনো কর্মক্ষেত্রে যুক্ত নন। অর্থাৎ প্রায় ৬৬ শতাংশ স্নাতক ডিগ্রিধারী আংশিক বেকার। আংশিক বেকারত্ব বা under employed বলতে শ্রমশক্তিতে যুক্ত এমন মানুষদের বোঝায়, যারা যোগ্যতা অনুযায়ী কাঙ্ক্ষিত চাকরি খুঁজে পাননি।

উপস্থাপনায় বলা হয়, স্নাতক ডিগ্রিধারীদের ৬টি ভাগে বিভক্ত করে দেখা যায়, তাদের মধ্যে ২৪ শতাংশ চাকরি করছেন। নিজের প্রতিষ্ঠানে কর্মরত ১.৬ শতাংশ। টিউশনি করছেন প্রায় ৭ শতাংশ। খণ্ডকালীন কাজে যুক্ত সাড়ে ৫ শতাংশ। কাজ খুঁজেছেন ৩৩ শতাংশ। আর দৈনিক মজুরিতে কাজে যুক্ত ২৯ শতাংশ স্নাতক ডিগ্রিধারী।

উপর্যুক্ত তথ্যগুলো দৈনিক প্রথম আলোর প্রতিবেদন থেকে নেওয়া হয়েছে। মূল গবেষণাপত্রটি আমার দেখার সুযোগ হয়নি। এটি দেখতে পেলে গবেষণার ফলাফল আরও স্পষ্টভাবে বোঝা সম্ভব হতো। গবেষণা পত্রটির ওপর যে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে, তা থেকে সুনির্দিষ্টভাবে কোনো সিদ্ধান্তে আসা যায় না। তবে আংশিক বেকারত্ব ৬৬ শতাংশ বলে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ তারা কিছু না কিছু কাজ করছেন, কিন্তু সেই কাজে তাদের শ্রমশক্তির পুরোটি ব্যবহার হচ্ছে না। এমনও হতে পারে, তারা তাদের পূর্ণক্ষমতানুযায়ী কাজ করছেন, কিন্তু সেই কাজ তাদের যোগ্যতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। অর্থাৎ অর্জিত যোগ্যতার তুলনায় নিম্নস্তরে কাজ করছেন। সমস্যাটি খুবই উদ্বেগজনক। কারণ স্নাতক ডিগ্রি অর্জন করতে একজন শিক্ষার্থীর অভিভাবক যে বিনিয়োগ করেছেন অথবা শিক্ষার্থী নিজে কিছু একটা করে পড়াশোনার খরচ চালিয়েছেন, সে খরচের অঙ্কটি খুব ছোট নয়। স্নাতক হওয়ার পর এ ডিগ্রি অর্জনে যে বিনিয়োগ করা হয়েছে, তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসংস্থান না হওয়া মানে আংশিক বেকার হয়ে থাকা। একটি ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থী যখন তার ডিগ্রি অনুযায়ী কাজ পায় না, তখন তা ভীষণ হতাশার কারণ হয়ে ওঠে। নিজ নিজ পরিবারের কাছে এরা মন ছোট অবস্থায় থাকে। ফলে তারা ভয়াবহ এক হীনম্মন্যতায় ভোগে। এ হীনম্মন্যতা থেকে জন্ম নিতে পারে নানা ধরনের মানসিক বৈকল্য। কী ভয়াবহ অবস্থা! একটি দেশের স্নাতক ডিগ্রি পাওয়া শিক্ষার্থীদের ব্যাপক অংশ যখন মানসিক বৈকল্যের সংকটে পড়ে যায়, তখন জাতির ভবিষ্যৎ নিয়ে ভাবতে গেলে আতঙ্কিত হতে হয়।



গবেষণাপত্রটিতে স্নাতক ডিগ্রিধারীদের কথা বলা হয়েছে। কিন্তু স্নাতক ডিগ্রিধারীরা হতে পারে বিএ, বিএসসি বা বিকম ডিগ্রিধারী, আবারও হতে পারে বিএ অনার্স, বিএসএস অনার্স, বিএসসি অনার্স এবং বিকম অনার্স। পাশ ও অনার্স ডিগ্রির মধ্যে পার্থক্য রয়েছে। একজন অনার্স ডিগ্রিধারী পাশ ডিগ্রিধারীর তুলনায় চাকরির জন্য অধিকতর যোগ্য বলে বিবেচিত হতে পারেন। তাই স্নাতকদের মধ্যে অনার্স ও পাশ কোর্সে পার্থক্য করে দেখা উচিত। এ বিষয়টি বিবেচনা করে না দেখলে বিশ্লেষণে বিভ্রাট হতে পারে।

১৯৯২ সালে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছিল তিনটি বড় পাবলিক বিশ্ববিদ্যালয়কে নিবন্ধিত কলেজগুলোর প্রশাসনিক ও একাডেমিক কাজের চাপ থেকে মুক্ত করার জন্য। জাতীয় বিশ্ববিদ্যালয় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর অধিভুক্ত কলেজের দায়িত্ব গ্রহণ করল বটে, কিন্তু এ অধিভুক্ত কলেজগুলোর লেখাপড়ার মানে উন্নতি তো ঘটেইনি, বরং কিছু কিছু ক্ষেত্রে অধোগতি লক্ষ করা গেছে। শুরুতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের সংখ্যা যা ছিল, তা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে দ্বিগুণ কিংবা তিনগুণ হয়ে গেছে। ফলস্বরূপ জাতীয় বিশ্ববিদ্যালয় বিশাল এক বোঝা নিজ কাঁধে তুলে নিতে বাধ্য হয়েছে। বিগত হাসিনা সরকারের আমলে, ঢাকার ৭টি কলেজকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি থেকে মুক্ত করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাছে ন্যস্ত করা হয়। মনে করা হয়েছিল রাজধানীর এ ৭টি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে এলে সেগুলোর একাডেমিক মান ও সিলেবাস প্রণয়ন থেকে শুরু এরপর ২৪ পৃষ্ঠায়




> আমি যতদূর জানি, জাতীয় বিশ্ববিদ্যালয় আর্থিক তহবিলের দিক থেকে খুবই সমৃদ্ধ। কারণ, এ বিশ্ববিদ্যালয়টি অধিভুক্ত কলেজ ও শিক্ষার্থীদের কাছ থেকে বিপুল অঙ্কের ফি পায়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিল সমৃদ্ধ থাকার ফলে শেখ হাসিনার সরকার এ তহবিল থেকে বাধ্যতামূলকভাবে বিশাল অঙ্কের টাকা কেটে নেয়। অথচ দীর্ঘদিন ধরে এ অর্থ এ বিশ্ববিদ্যালয়ের মানব সম্পদ উন্নয়নে ব্যবহৃত হয়নি। এ তহবিল দিয়ে উন্নত ডিগ্রিসম্পন্ন শিক্ষক পুল তৈরি করা সম্ভব ছিল। কিন্তু অতি হতাশার বিষয় হলো, কাজটি করতে দায়িত্বপ্রাপ্তরা এগিয়ে আসেননি। ইউজিসিও এ কাজে বাধা দিয়েছে। সুতরাং এদেশের শিক্ষাব্যবস্থা নিয়ে যত কম কথা বলা যায়, ততই শ্রেয়। এদেশে দেওয়ালে মাথা ঠোকালে মাথা ফেটে যাবে, কিন্তু দেওয়ালের কিছু হবে না

# বাংলাদেশ ২.০ : মেধাভিত্তিক গণতন্ত্রে উত্তরণ

ড. মোহম্মদ আবদুল বারী

> মূল চ্যালেঞ্জটি কেবল নেতৃত্ব নির্বাচন নয়; বরং জনজীবনকে পরিচালনাকারী নৈতিক ও নাগরিক মূল্যবোধকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করা, যা আমাদের জনজীবনকে পথ দেখাবে। নির্বাচন আসে এবং চলে যায়, কিন্তু মূল্যবোধ টিকে থাকে। যদি নাগরিক, রাজনৈতিক কর্মী, শিক্ষাবিদ এবং কমিউনিটি নেতারা জবাবদিহিতা, ন্যায্যতা ও দায়িত্বশীলতার সংস্কৃতিতে নিজেদের নিয়োজিত করেন, তবে বাংলাদেশ পুরোনো ধারা অতিক্রম করে একটি গণতান্ত্রিক ভবিষ্যৎ গড়তে সক্ষম হবে। দেশ আজ এক সম্ভাবনাময় সন্ধিক্ষণে দাঁড়িয়ে। ধৈর্য, প্রজ্ঞা এবং নাগরিক মূল্যবোধের প্রতি নতুন অঙ্গীকারবদ্ধ হতে পারলে বাংলাদেশ আরও ন্যায়ভিত্তিক, আত্মবিশ্বাসী, মর্যাদাপূর্ণ এবং আরও সুললিত এক আগামী দিনের পথে তার যাত্রা অব্যাহত রাখতে পারবে

উন্নয়নশীল অনেক দেশে রাজনীতি এখনো আবদ্ধ রয়েছে ব্যক্তিনির্ভর আনুগত্য আর ক্ষমতার গোপন নেটওয়ার্কে-যেখানে নেতৃত্ব প্রতিযোগিতার ভিত্তিতে নয়, বরং উত্তরাধিকার, সামরিক তদবির ও পুরোনো গোষ্ঠীশক্তির পাটাতনে জন্ম নেয়। এ ধরনের ব্যবস্থাকে প্রায়ই বলা হয় 'হাইব্রিড গণতন্ত্র'। এখানে নির্বাচন অনুষ্ঠিত হয় ঠিকই, কিন্তু কর্তৃত্ব থাকে অতিমাত্রায় ব্যক্তিকেন্দ্রিক আর রাষ্ট্রক্ষমতায় প্রবেশাধিকার থাকে প্রকট বৈষম্য।



দক্ষিণ এশিয়াও এ প্রবণতার বাইরে নয়। বহু ঐতিহাসিক ও সামাজিক শক্তির প্রভাবে এ ধরনের রাজনৈতিক ধারার উদ্ভব হয়েছে। এর ফলস্বরূপ, এ অঞ্চলে এমন একটি রাজনৈতিক সংস্কৃতি তৈরি হয়েছে, যেখানে নেতৃত্বকে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে অর্জন করার চেয়ে প্রত্যাশিত বা পূর্বনির্ধারিত হিসাবে ধরে নেওয়া হয়।

### কাঠামোগত সংকট

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, হাইব্রিড গণতন্ত্রে যে রাজনৈতিক সংস্কৃতি গড়ে ওঠে, তার সঙ্গে জড়িয়ে থাকে তিনটি বড় ঝুঁকি-

প্রথমত, যখন যোগ্যতার চেয়ে আনুগত্যকে বেশি মূল্য দেওয়া হয়, তখন প্রতিষ্ঠান স্বভাবতই দুর্বল হয়ে পড়ে। সময়ের সঙ্গে সঙ্গে রাষ্ট্রের বিভিন্ন সংস্থা-নির্বাচন কমিশন থেকে শুরু করে নিয়ন্ত্রক কর্তৃপক্ষ পর্যন্ত স্বাধীনতা হারাতে থাকে।

দ্বিতীয়ত, নীতি-উদ্ভাবন মন্থর হয়ে যায়। নেতৃত্বের পরিসর যখন সংকীর্ণ থাকে, তখন নতুন ধারণা প্রবেশের সুযোগ পায় না। তরুণ বা অ-এলিট (সাধারণ) নাগরিকরা তখন রাষ্ট্রসেবাকে দূরবর্তী ও অপ্রাপ্য মনে করে। ফলে এমন এক প্রবণতা তৈরি হয়, যেখানে যোগ্য মানুষ রাষ্ট্রসেবা থেকে সরে যায়, কিংবা দেশের বদলে বিদেশে কর্মজীবন গড়তে আগ্রহী হয়।

তৃতীয়ত, জনগণের আস্থায় সংকট সৃষ্টি হতে থাকে। নাগরিকরা রাজনীতিকে একটি সম্মিলিত প্রয়াস হিসাবে না দেখে বরং সুবিধাপ্রাপ্তদের বিশেষ ক্ষেত্র হিসাবে দেখতে শুরু করে। এর ফলে জবাবদিহিতা, পরামর্শভিত্তিক সিদ্ধান্ত এবং শান্তিপূর্ণ প্রতিযোগিতার মতো গণতান্ত্রিক মূল্যবোধ দুর্বল হয়ে পড়ে।



### রাজনীতিতে নাগরিক মূল্যবোধ যে কারণে গুরুত্বপূর্ণ

সুস্থ গণতন্ত্র কেবল ভোটের মধ্যেই সীমাবদ্ধ নয়। এটা টিকে থাকে ন্যায়, সততা, সহনশীলতা, দায়িত্ববোধ এবং ভিন্ন মতের প্রতি সম্মানের মতো নাগরিক মূল্যবোধের ওপর। এসব মূল্যবোধ দৃঢ় থাকলে রাজনৈতিক প্রতিযোগিতা গঠনমূলক রূপ লাভ করে; কিন্তু এগুলো দুর্বল হয়ে গেলে, সুপরিকল্পিত প্রাতিষ্ঠানিক কাঠামোও কার্যকারিতা বজায় রাখতে হিমশিম খায়।

### পেশিশক্তির রাজনীতি ও জনআস্থার সংকট

এ অঞ্চলে গণতন্ত্রের সামনে সবচেয়ে গুরুতর চ্যালেঞ্জগুলোর অন্যতম হলো অনানুষ্ঠানিক ক্ষমতা কাঠামোর উত্থান; যা প্রায়ই পেশিশক্তির রাজনীতি এবং কখনো কখনো মাস্তানতন্ত্র হিসাবে বর্ণনা করা হয়। এসব নেটওয়ার্ক আনুষ্ঠানিক প্রতিষ্ঠানের বাইরে কাজ করে, প্রভাব বিস্তারে ভীতি প্রদর্শন, পৃষ্ঠপোষকতা বা ব্যক্তিগত আনুগত্যকে হাতিয়ার হিসাবে ব্যবহার করে।

এ ধরনের ক্ষমতার কাঠামো তখনই মাথাচাড়া দিয়ে ওঠে, যখন আনুষ্ঠানিক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান; যেমন-আদালত, নিয়ন্ত্রক সংস্থা, পুলিশ বিভাগ বা স্থানীয় প্রশাসন; রাজনৈতিক প্রতিযোগিতাকে নিয়ন্ত্রণ করার মতো পর্যাপ্ত সক্ষমতা বা স্বাধীনতা হারায়। প্রতিষ্ঠানগুলো দুর্বল হয়ে পড়লে সেই শূন্যস্থান পূরণ করতে এগিয়ে আসে অনানুষ্ঠানিক শক্তি। অধিকাংশ ক্ষেত্রে যোগ্যতা ও দক্ষতার চেয়ে দলীয় আনুগত্যই হয়ে ওঠে পদপ্রাপ্তি ও প্রভাব বিস্তারের প্রধান মানদণ্ড।

### ২০২৪ এবং নাগরিক অংশগ্রহণের পুনর্জাগরণ

২০২৪ সালের তরুণ নেতৃত্বাধীন আন্দোলন যে অভাবনীয় সাফল্য এনে দিল, তা বাংলাদেশের গণতান্ত্রিক যাত্রায় এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ। এটি স্পষ্টভাবে নির্দেশ করে, তরুণ জনগোষ্ঠী ন্যায়পরায়ণতা, সুযোগের সমতা এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের অখণ্ডতা বিষয়ে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। তাদের সেই আন্দোলন নিছক কোনো রাজনৈতিক প্রতিক্রিয়া ছিল না; এটি ছিল একটি নাগরিক জাগরণ। এটি এমন একটি সমাজের আকাঙ্ক্ষা প্রকাশ করেছে, যেখানে মেধা গুরুত্বপূর্ণ, যেখানে প্রতিষ্ঠানগুলো ব্যক্তির চেয়ে শক্তিশালী এবং যেখানে জাতীয় ঐক্য গড়ে ওঠে যৌথ নাগরিক মূল্যবোধের ওপর, উত্তরাধিকারসূত্রে পাওয়া বিভাজনের ওপর নয়।

এ ধরনের মুহূর্তগুলো আমাদের মনে করিয়ে দেয় যে, গণতন্ত্র কেবল একটি শাসনব্যবস্থা নয়-এটি নাগরিক আচরণের একটি রূপ, নাগরিক পুনরুজ্জীবনের একটি প্রক্রিয়া। গণতন্ত্রবিকশিত হয় তখনই, যখন নাগরিকরা অংশগ্রহণ করে, প্রশ্ন তোলে, ভাবনাকে শানিত করে এবং তারা কেমন সমাজ গড়তে চায় তার দায়িত্ব গ্রহণ করে।

### মূল্যবোধ হবে বাংলাদেশ ২.০ নির্মাণের ভিত্তি

ভবিষ্যৎ রাষ্ট্রকাঠামো নিয়ে আলোচনা যত তীব্র হচ্ছে, ততই জাতীয় মনোযোগকে ব্যক্তিবিশেষ এরপর ২৪ পৃষ্ঠায়


"Quran for a Beautiful Life"
Under this title, Following the remarkable success of Season 1 and 2, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 3 for people living in North America.
Rtv
আজ ও আগামীর
GOLDEN AGE HOME CARE
আজকাল
PRESENTS
Alokito Quran USA SEASON 3
Powered By
utshob.com
YOUR ULTIMATE ONLINE SHOPPING EXPERIENCE
Congratulations
to all the candidates who
have been selected for the next audition
round of the RTV Alokito Quran USA Season 3 reality show!
We are excited to welcome you to the next round, which will
take place on December 14th located at
9112 175th Street, Jamaica, New York 11432
Congratulations once again, and best of luck as you continue
on this exciting journey!
$5000 1st Prize
$2000 2nd Prize
$1000 3rd Prize
& MANY MORE
GOLD SPONSOR
GFB GROUP OF INDUSTRIES
Moin Choudhury Attorney at Law
KR SHERA INC WHERE POWER MEETS PURPOSE
SOHID - NESA HOME CARE, LLC
New Hope HOME CARE
SNS
SUPPORTED BY
HASANUZZAMAN MALIK ATTONEY AT LAW
B & R PERFUME & COLOGNE
FAISAL AHAMED
GIASH AHMED
KAKATUA
GoRascal Faheem & Syed Team
Fauma
SUPPORTED BY
Galaxy
Zoober Pay
ETERNAL
BISMILLAH
TRAVELS PARTNER
GLOBAL
Only On Rtv
Organize By: প্রবাস্তী USA INC


এক নদী রক্ত পেরিয়ে বাংলার আকাশে রক্তিম সূর্য আনলে যারা......
আমরা তোমাদের ভুলবনা.....
প্রবাসি সকল ভাই-বোনদের
বিজয় দিবসের প্রানঢালা
শুভেচ্ছা
GREE
Wholesale and HVAC Expert
GREE ELECTRIC APPLIANCES,INC.OF ZHUHAI
718-969-6888
HI TECH
148 Newbridge Rd Hicksville NY 11801 | 33-34 Prince st Flushing NY 11354
তোফায়েল চৌধুরী
প্রেসিডেন্ট, গ্রি মেকানিক্যাল ইয়ঙ্কার্স

## ভারতের ওপর যুক্তরাষ্ট্রের আরও শুল্ক আরোপের হুমকি

৩ পৃষ্ঠার পর

কৃষি ত্রাণ প্যাকেজ ঘোষণা করেন ও একই সঙ্গে ভারতসহ এশিয়ার দেশগুলো থেকে কৃষিপণ্য আমদানির তীব্র সমালোচনা করেন।

রিপাবলিকান এই নেতা অভিযোগ করেন, কৃষিপণ্য আমদানি যুক্তরাষ্ট্রের দেশীয় উৎপাদকদের জন্য বড় ধরনের চ্যালেঞ্জ তৈরি করছে। তিনি আবারও স্পষ্ট করে বলেন, যুক্তরাষ্ট্রের কৃষকদের রক্ষায় তিনি শুল্ককে আক্রমণাত্মকভাবে ব্যবহার করতে বদ্ধপরিকর। তার ভাষায়, প্রশাসন মার্কিন কৃষকদের জন্য ১২ বিলিয়ন অর্থাৎ ১২০০ কোটি ডলার অর্থনৈতিক সহায়তা দেবে। আর এই অর্থায়ন আসবে বাণিজ্য অংশীদারদের কাছ থেকে যুক্তরাষ্ট্র যে শুল্ক রাজস্ব সংগ্রহ করছে, সেখান থেকে। ট্রাম্প বলেন, আমরা সত্যিই ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলারের পণ্য নিচ্ছি, যদি একটু ভেবে দেখেন। তিনি অভিযোগ করেন, বহু দেশ এমনভাবে যুক্তরাষ্ট্রের সুযোগ নিয়েছে, যা আগে কখনো দেখা যায়নি।

তিনি আরও দাবি করেন, উত্তরাধিকারসূত্রে পাওয়া মুদ্রাস্ফীতি ও নিম্ন পণ্যমূল্যের প্রভাবে বিপর্যস্ত খামার অর্থনীতিকে স্থিতিশীল করতেই এই সহায়তা অপরিহার্য। তার মতে, কৃষকরা অপরিহার্য জাতীয় সম্পদ ও যুক্তরাষ্ট্রের মেরুদণ্ড। মার্কিন কৃষিকে পুনরুজ্জীবিত করতে শুল্ককে প্রধান হাতিয়ার হিসেবে তুলে ধরেন তিনি।

দীর্ঘ আলোচনায় চাল আমদানি প্রসঙ্গ ওঠেলে ভারতকে প্রধান উদাহরণ হিসেবে উল্লেখ করা হয়। লুইজিয়ানার এক উৎপাদক বলেন, ভারতীয় চাল দক্ষিণাঞ্চলের কৃষকদের জন্য 'ধ্বংসাত্মক' হয়ে উঠেছে। এরপর ট্রাম্পকে জানানো হয়, মার্কিন খুচরা বাজারে বিক্রি হওয়া চালের সবচেয়ে বড় দুটি ব্র্যান্ডই ভারতীয় কোম্পানির মালিকানাধীন। উত্তরে ট্রাম্প বলেন, ঠিক আছে, আমরা এটা দেখছি। এটা খুবই সহজ... শুল্ক আরোপ করলে দুই মিনিটেই সমস্যার সমাধান হয়ে যাবে।

তিনি আরও যোগ করেন, তাদের (ভারত) ডাম্পিং করা উচিত নয় আমি এটা শুনেছি, অন্যদের কাছ থেকেও শুনেছি। এটা চলতে পারে না।

এ সময় ট্রাম্প কানাডা থেকে আসা সারের ওপরও সম্ভাব্য কঠোর শুল্কের ইঙ্গিত দেন, যাতে স্থানীয় উৎপাদন বাড়ানো যায়। তার ভাষায়, অনেক সারই আসে কানাডা থেকে। প্রয়োজন হলে এর ওপর খুবই কঠোর শুল্ক দেবো, কারণ এভাবেই আপনারা এখানে উৎপাদন জোরদার করতে পারবেন। তিনি আরও বলেন, আমরা সবাই এটা এখানেই করতে পারি।

গত এক দশকে ভারত-যুক্তরাষ্ট্র কৃষি বাণিজ্য উল্লেখযোগ্যভাবে বেড়েছে। যুক্তরাষ্ট্রে বাসমতি, অন্যান্য চালজাত পণ্য, মসলা ও সামুদ্রিক খাদ্য রপ্তানি করে ভারত। অন্যদিকে, যুক্তরাষ্ট্র থেকে বাদাম, তুলা ও ডাল কেনে ভারত। তবে ভর্তুকি, বাজার প্রবেশাধিকার ও বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) অভিযোগ, বিশেষ করে চাল ও চিনি সংক্রান্ত বিরোধ দুই দেশের আলোচনায় নিয়মিত চাপ সৃষ্টি করছে।

## ১৬ ডিসেম্বর ও ২৫ ডিসেম্বর নিউইয়র্ক কনস্যুলেট বন্ধ থাকবে

৩ পৃষ্ঠার পর

ডিসেম্বর কনস্যুলেট বন্ধ থাকবে ফলে এদিন কোন সেবা প্রদান করা হবে না। ২৫ ডিসেম্বর বড়দিন উপলক্ষেও কোন সেবা দেয়ার কাজ সাময়িক বন্ধ থাকবে। ছুটি শেষে আগের মতোই অফিস নগরবাসিকে সেবা প্রদান করা হবে।

## নিউইয়র্ক নিউ হরাইজন লায়ন্স ক্লাবের অভিষেক সম্পন্ন

৩ পৃষ্ঠার পর

স্টেট সুপ্রিম কোর্টের নবনির্বাচিত প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত বিচারপতি জাস্টিস সোমা সাঈদ, নিউইয়র্ক স্টেট সিনেটর জন লু, অ্যাসেম্বলি উইমেন জেনিফার রাজকুমার, বিচারপতি এগুনি, সাবেক জাতীয় সংসদ সদস্য এমএম শাহীন, বিশিষ্ট রাজনীতিবিদ মিজান চৌধুরী, জিল্লুর রহমান জিলু, জসিম ভূঁইয়া প্রমুখ।

নতুন কার্যকরী কমিটিতে রয়েছেন– সভাপতি লায়ন তারেক হাসান খান, সাধারণ সম্পাদক লায়ন আহমেদ সোহেল, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট লায়ন নাঈম আহমেদ, ভাইস প্রেসিডেন্ট লায়ন জামিল আহমেদ, লায়ন মনিরুল ইসলাম, লায়ন মো. হুদা এবং লায়ন হাফিকুল ইসলাম খোকন। ডিরেক্টর প্যানেল লায়ন শিহাব আহমেদ, লায়ন এম এম শাহীন, লায়ন মোহাম্মদ খালেক, লায়ন মিজান চৌধুরী, লায়ন মোহাম্মদ আমির হোসেন কামাল এবং লায়ন ইসমাইল চৌধুরী। অন্যান্য গুরুত্বপূর্ণ পদে ট্রেজারার লায়ন শাফিকুর রহমান বিপ্লব, সাংস্কৃতিক সম্পাদক লায়ন ইশতিয়াক রুমি, সহ-সাধারণ সম্পাদক লায়ন সাজ্জাদুর রহমান খান এবং লায়ন মিজানুর রহমান, টেল টুইস্টার লায়নেস ফারহানা খান।

কার্যকরী কমিটির অন্যান্য সদস্য- লায়ন ডা. আবুল কাশেম, লায়ন আবু পাশা, লায়ন আলী রাজ্জাক রাজীব, লায়ন তাওহীদ মাহবুব মুন্না, লায়ন ওসমান গনি এবং লায়ন নুরুল ইসলাম। এলসিআইএফ কোঅর্ডিনেটর লায়নেস ফারহানা খান, টেল টুইস্টার লায়নেস নুসরাত নিপা, লাস্ট মার্কিন চেয়ারপারসন লায়নেস তাহমিনা চৌধুরী, মার্কেটিং চেয়ারপারসন: আনোয়ার হক, লায়ন টেমার লায়নেস ফারজানা খালেক, মহিলা বিষয়ক সম্পাদিকা লায়নেস শুভেচ্ছা নাহার কবরি, মেম্বারশিপ চেয়ারপারসন তরুণ আর্টিস্ট লায়ন রাজনান নাঈম।




## ৮৫ হাজারের বেশি অভিবাসীর ভিসা বাতিল হয়েছে

৩ পৃষ্ঠার পর

অধীনে গত বছরের সংখ্যার দ্বিগুণেরও বেশি।

সাম্প্রতিককালে, স্টেট ডিপার্টমেন্ট জানিয়েছে যে তারা ডানপন্থী মার্কিন রাজনৈতিক কর্মী চার্লি কার্কের মৃত্যু উদযাপনকারী কয়েকজনের ভিসা বাতিল করেছে। বাতিল হওয়া ভিসাগুলোর প্রায় ১০ শতাংশ ছিল শিক্ষার্থীদের, যা সংখ্যায় ৮ হাজারের বেশি। যাদের ভিসা বাতিল করা হয়েছে, সেই আন্তর্জাতিক শিক্ষার্থীদের মধ্যে কেউ কেউ ইসরায়েলের গাজা যুদ্ধের মতো বিষয়ে ক্যাম্পাসে তাদের সক্রিয়তার কারণে লক্ষ্যবস্তু হয়েছেন।

২৯ জানুয়ারি স্বাক্ষরিত একটি নির্বাহী আদেশে বলা হয়েছে, এই ধরনের 'বহিরাগত শিক্ষার্থীদের' ইহুদি-বিরোধী হিসেবে দেখা হচ্ছে, এবং প্রয়োজন হলে, 'এই বহিরাগতদের সরিয়ে দেওয়ার জন্য' পদক্ষেপ নেওয়া হবে।

## নেতানিয়াহুকে গ্রেফতারের ক্ষমতা মামদানির নেই : গভর্নর

৩ পৃষ্ঠার পর

নাগরিককে উদ্বিগ্ন করেছে। তিনি বরাবরই প্রতিশ্রুতি দিয়ে আসছেন ইসরাইলি প্রধানমন্ত্রী নিউইয়র্ক সফরে আসলে তিনি তাকে গ্রেফতার করবেন।

বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে মামদানির নেতানিয়াহুকে গ্রেফতারের প্রতিশ্রুতি নিয়ে ইসরাইলপন্থি হোচুলকে প্রশ্ন করা হলে তিনি জানান, তিনি এ পরিকল্পনার সঙ্গে একমত নন এবং নিউইয়র্ক সিটির মেয়রের এ ধরনের ক্ষমতা নেই। মামদানি দাবি করেছেন, আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) নেতানিয়াহুর বিরুদ্ধে যে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে, সেটিই তার ভিত্তি। কিন্তু আইসিসির যুক্তরাষ্ট্রে কোনো এখতিয়ার নেই, উপরন্তু মার্কিন ফেডারেল আইন স্থানীয় সরকারকে আদালতটির সঙ্গে সহযোগিতা করা নিষিদ্ধ করে। আরেকটি ফেডারেল আইন বিদেশি রাষ্ট্রপ্রধানসহ কূটনৈতিক কর্মকর্তাদের আটক বা কাজে বিঘ্ন ঘটানোও অপরাধ হিসেবে গণ্য করে। আইন বিশেষজ্ঞরাও বলেছেন, নেতানিয়াহুকে গ্রেফতারের মামদানির হুমকির কোনো আইনগত ভিত্তি নেই।



## সারকোপেনিয়া বা মাংসপেশির ক্ষয়রোগ কেন হয়, লক্ষণ ও চিকিৎসা

২০ পৃষ্ঠার পর

মধ্যে প্রথমে আছে ব্যায়াম। এ ক্ষেত্রে সবচেয়ে কার্যকর স্ট্রেংথ ট্রেনিং ও রেজিস্ট্যান্স বাধা প্রদানকারী ব্যায়াম। এ ছাড়া ওয়েট ট্রেনিং, রেজিস্ট্যান্স ব্যান্ড এক্সারসাইজ, স্কোয়াট, লাঞ্জ, পুশ-আপ, হাঁটা ও হালকা দৌড় ইত্যাদি করতে পারেন। দ্বিতীয় গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে পুষ্টি। প্রোটিনসমৃদ্ধ যেমন মাছ, মুরগি, ডিম, ডাল, দুগ্ধজাত খাবার খেতে হবে। ভিটামিন ডি, ক্যালসিয়াম, ওমেগা ৩ ফ্যাটি অ্যাসিড (মাছের তেল, বাদাম) ও পর্যাপ্ত ক্যালরি গ্রহণ করতে হবে। ভিটামিন ডি, ক্যালসিয়াম, প্রোটিন সাপ্লিমেন্ট নিতে পারেন। কিছু ক্ষেত্রে বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী হরমোন থেরাপি দেওয়া লাগে। মাংসপেশির শক্তি বৃদ্ধির জন্য ইলেকট্রিক্যাল স্টিমুলেশন থেরাপির পাশাপাশি বিভিন্ন থেরাপিউটিক এক্সারসাইজ করতে পারেন। নিয়ন্ত্রিত জীবন যাপন করতে হবে। ধূমপান ও মদ্যপান পরিহার করতে। ঘুমাতে হবে পর্যাপ্ত। নিয়মিত শরীরচর্চা ও সক্রিয় জীবন যাপন করতে হবে।

প্রতিরোধে করণীয় : বয়স ৪০ পার হওয়ার পর থেকেই নিয়মিত ব্যায়াম শুরু করা। প্রতিদিন পর্যাপ্ত প্রোটিন খাওয়া (১-১.২ গ্রাম/কেজি ওজন অনুযায়ী)। হাড় ও পেশি শক্ত রাখতে ভিটামিন ডি ও ক্যালসিয়াম নিশ্চিত করা। দীর্ঘস্থায়ী রোগ ভালোভাবে নিয়ন্ত্রণে রাখা। নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করা।

এম ইয়াছিন আলী: চেয়ারম্যান ও চিফ কনসালট্যান্ট, ঢাকা সিটি ফিজিওথেরাপি হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা।

গ্রন্থ সমালোচনা

# সোচ্চারিত 'প্রমিত উচ্চারণের ভেতর' সামান্য বীক্ষণ


কাজী জহিরুল ইসলাম

আজকের রবীন্দ্র ভাবনা প্রবন্ধে তিনি বিভিন্ন বিষয় তুলে এনেছেন। তবে এটি ঠিক, ত্রিশের দশকেই তাকে অস্বীকার করে ত্রিশে একদল শক্তিমান কবি উঠে আসেন যার প্রভাবে স্বয়ং রবীন্দ্রনাথও তার শেষ দিকের কবিতার অন্তমিল-প্রধান কবিতা থেকে বেরিয়ে আসেন। তবে প্রাবন্ধিক রবীন্দ্রনাথকে অস্বীকার করার কথা বলেননি বরং স্বকালের লেখকদের স্বকীয় ধারা বহন করতে বলেন

বিশিষ্ট প্রাবন্ধিক, কবি ও সুলেখক কাজী জহিরুল ইসলাম তার বইটির সূচি সাজিয়েছেন- আজকের রবীন্দ্র ভাবনা, জাতীয় সঙ্গীত বিতর্ক, প্রার্থনার মূল কাজ সংযোগ স্থাপন, নজরুল কেন জীবনানন্দের গুরু, মঞ্চ আর হৈ হুল্লোড়, লেখা কোথায় ছাপা হলো এটা কোন বিষয় না, বাংলাদেশের ছেলে বিশ্বখ্যাত ধ্যানসাধক শ্রী চিন্ময়, সর্বমঙ্গল শোভাযাত্রা, ব্যাকরণ শিখে কবি হওয়া যায়?, দারিদ্র্য এবং প্রাচুর্য, বাংলা একাডেমির অভিধানে ভুল অর্থ, এবং আপত্তিকর ব্যাখ্যা, চিরশিল্পের দেশে কবি জাহিদুল হক, শেকড়ে ফেরাই উত্তরাধুনিকতা নয়, কারার ঐ লৌহকপাট, কবি অসীম সাহার ভুল উদ্ধৃতি, নৈতিক সাহিত্য, বাংলা কবিতা- পঞ্চাশের ত্রিভুজ, কবিতা-ভ্রমণ, কানেক্টিকাট

আতাতুর্ক কামাল পাশা

সম্প্রতি এমন একটি নন-ট্রেডিশনাল বা প্রথাবিরোধী বই হাতে এলো যা এমন সোচ্চারিত প্রমিত উচ্চারণ যে মনের তাগিদেই পড়ে শেষ না করা পর্যন্ত ছাড়তে ইচ্ছে করে না। বিশিষ্ট প্রাবন্ধিক, কবি ও সুলেখক কাজী জহিরুল ইসলাম তার বইটির সূচি সাজিয়েছেন-- আজকের রবীন্দ্র ভাবনা, জাতীয় সঙ্গীত বিতর্ক, প্রার্থনার মূল কাজ সংযোগ স্থাপন, নজরুল কেন জীবনানন্দের গুরু, মঞ্চ আর হৈ হুল্লোড়, লেখা কোথায় ছাপা হলো এটা কোন বিষয় না, বাংলাদেশের ছেলে বিশ্বখ্যাত ধ্যানসাধক শ্রী চিন্ময়, সর্বমঙ্গল শোভাযাত্রা, ব্যাকরণ শিখে কবি হওয়া যায়?, দারিদ্র্য এবং প্রাচুর্য, বাংলা একাডেমির অভিধানে ভুল অর্থ, এবং আপত্তিকর ব্যাখ্যা, চিরশিল্পের দেশে কবি জাহিদুল হক, শেকড়ে ফেরাই উত্তরাধুনিকতা নয়, কারার ঐ লৌহকপাট, কবি অসীম সাহার ভুল উদ্ধৃতি, নৈতিক সাহিত্য, বাংলা কবিতা- পঞ্চাশের ত্রিভুজ, কবিতা-ভ্রমণ, কানেক্টিকাট।




আজকের রবীন্দ্র ভাবনা প্রবন্ধে তিনি বিভিন্ন বিষয় তুলে এনেছেন। তবে এটি ঠিক, ত্রিশের দশকেই তাকে অস্বীকার করে ত্রিশে একদল শক্তিমান কবি উঠে আসেন যার প্রভাবে স্বয়ং রবীন্দ্রনাথও তার শেষ দিকের কবিতার অন্তমিল-প্রধান কবিতা থেকে বেরিয়ে আসেন। তবে প্রাবন্ধিক রবীন্দ্রনাথকে অস্বীকার করার কথা বলেননি বরং স্বকালের লেখকদের স্বকীয় ধারা বহন করতে বলেন। নিবন্ধক তার 'প্রার্থনার মূল কাজ সংযোগ স্থাপন' লেখায় যা বলতে চেয়েছেন, আসলেই যে কোন ধর্মের মূল কথাই একটি, তা হচ্ছে একটি সত্যের কাছে নিজকে আত্মসমর্পণ।

নজরুল কেন জীবনানন্দ দাশের গুরু প্রবন্ধে লেখক জীবনানন্দকে নজরুলের পেছনের রেলগাড়িতে এনেছেন। অনেকে নাক কোঁচকাতে পারেন, বিস্মিত হতে পারেন। তবে নজরুল এবং জীবনানন্দের কবিতাগুলো মনযোগ দিয়ে পড়লে সবাই কাজী জহিরুলের সাথে একমত হবেন। জীবনানন্দের প্রথম কবিতার বই ঝরা পালক পাঠ করলেই নজরুলের ছায়া দেখা যাবে। 'মঞ্চ আর হৈ হুল্লোড়' বেশ আগ্রহ জাগানিয়া একটি লেখা। কলকাতার আঁতেল বাবুরা অর্থাৎ কবি সাহিত্যিকরা এ বাংলার আল মাহমুদকেই শুধু কবি হিসেবে চেনে, এমন একটি বিষয় উঠে এসেছে। এ লেখারই আর এক স্থানে জানা যায়, প্রয়াত কবি ফজল শাহাবুদ্দীনের একটি বই দেখে কলকাতার এক পত্রিকার সম্পাদক বলেই ফেললেন, "এত ভুল! সৈন্য-সামন্ত পাঠিয়ে তো দেশ স্বাধীন করে দিলাম, এখন আবার লোক পাঠিয়ে ভাষাটাও শিখিয়ে দিয়ে আসতে হবে?" (পৃ-৩৫)।

বাংলাদেশের ছেলে বিশ্বখ্যাত ধ্যানসাধক শ্রী চিন্ময় যুক্তরাষ্ট্রে সত্যসাধনের জন্য একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটির ভেতরের পরিবেশ এবং মানুষজনের আচরণের যে বর্ণনা পাই আমরা প্রমিত উচ্চারণের ভেতর তা আমাদের হৃদয়কেও তড়িতপ্রবাহে প্লাবিত করে।

সর্বমঙ্গল শোভাযাত্রা আমাদের সংস্কৃতিবান মানুষের একান্ত মনের চাওয়া। আমাদের হাজার বছরের সংস্কৃতি। কিন্তু "প্রকৃতির মতোই চাকার, আসলে পুরো বাংলাদেশেরই, সামাজিক তাপমাত্রা এখন চরম ভাবাপন্ন। বৃক্ষ নিধনের ফলে, জলাভূমি ভরাট করার ফলে, ক্ষেপেছে প্রকৃতি আর নৈতিক শিক্ষা নিধনের ফলে ক্ষেপেছে সমাজের তাপমাত্রা।" (পৃ-৪৮)। এটি লেখকের উদারনৈতিক কথন হলেও বাংলাদেশে আজও এক ধরণের কুশিক্ষা, অন্ধত্ব, অতিশয় ধর্মপ্রীতি আমাদের জাতীয় পরিচয়, জাতীয় সংস্কৃতিকে ভূলুণ্ঠিত করছে- এটি সেটারই ক্ষেদোক্তি। ব্যাকরণ শিখে কবি হওয়া যায়? লেখক এখানে বহু পুরোনো সে কথাটিই বলছেন, A Poet is born never made.

দারিদ্র্য এবং প্রাচুর্য কাজী জহিরুল ইসলামের একটি পেলব ফসল যা তিনি বিশ্বের বেশ কিছু জনপদ ঘুরে অর্জন করেছেন। বাংলা একাডেমির অভিধানে ভুল অর্থ, আপত্তিকর ব্যাখ্যা প্রবন্ধে লেখক 'নেড়ে', 'যবন', খ্রিস্টানদেরকে হিন্দুদের দ্বারা 'ম্লেচ্ছ' বলা এবং 'মালাউন' শব্দের যে অর্থ দেয়া হয়েছে একাডেমির অভিধানে এসব নিয়ে আপত্তি তুলেছেন। তিনি এ প্রবন্ধ সংহিতায় এ বিষয়ে লিখেছেন 'নেড়ে' হিন্দুরা নিম্ন বর্ণের মুসলিম সম্প্রদায়কে গালি হিসেবে বলে। প্রবন্ধকারের অভিমত, মুসলিম ধর্মে কোন বর্ণভেদ নেই। খৃষ্টানদের ম্লেচ্ছ শুধু হিন্দুরাই বলে, মুসলিম সমাজে এটি প্রচলিত গালি নয়। 'যবন'-ও গালি অর্থে ব্যবহৃত নয়, এটি শুধু সে সময় মুসলিদেরই বলা হত যেখানে অভিধানে বলা হয়েছে "প্রাচীন গ্রীক জাতি। ম্লেচ্ছ, বিধর্মী। অহিন্দু। বিদেশী। মুসলিম।" সাধারণ পাঠক হিসেবে এবং বাংলা উপন্যাস যারা পড়েন, তারাও প্রাবন্ধিকের সাথে একমত হবেন।

"চিরশিল্পের দেশে জাহিদুল হক" প্রবন্ধে কবি জাহিদুল হকের দুটো অজানা তথ্য আমরা পাই যা পরবর্তীতে ইতিহাস লেখার কাজে আসবে। তার সাথে আমারও সখ্য ছিল যখন তিনি রেডিওতে চাকরি করতেন, যখন তার প্রথম কাব্য 'পকেট ভর্তি মেঘ' বের হয়। শেকড়ে ফেরাই আধুনিকতা নয় প্রবন্ধে তিনি আমাদের একটি নতুন কথা শুনিয়েছেন, তা হচ্ছে, "ইউরোপে, আমেরিকায় যখন কাজ করার জন্য কৃতদাস রাখা হতো তখন এই দাসপ্রথার বিরুদ্ধে আন্দোলনই ছিল উত্তরাধুনিকতা।" (পৃ-৬৯)। বিভিন্ন বিষয় বিশ্লেষণ করলে বিশ্বসাহিত্যের সাথে যাদের পরিচয় আছে তাদের পক্ষে লেখকের এ মতের সাথে দ্বিমত করার কোন সম্ভাবনা নেই। কারার ঐ লৌহ কপাট গানটির কাজী নজরুল সুরারোপীত চিরপরিচিত সুরের পরিবর্তণ হলে এরপর ২৮ পৃষ্ঠায়



# লাল সবুজ পতাকা

কিশোর মুক্তিযোদ্ধা হিসেবে সংবর্ধনা পেলো রমিজ। প্রধান অতিথির হাত থেকে পুরস্কার নেয় রমিজ চাষী। দীর্ঘদিন পর হলেও সে আজ সম্মানীত হলো। তাই মাইক ধরে পুরস্কার প্রাপ্তির অনুভূতি জানায় সে। খুব সংক্ষেপে মহান মুক্তিযুদ্ধের ভয়াল স্মৃতি তুলে ধরে। সবাই বিমোহিত হয়ে শুনে বীর কিশোর মুক্তিযোদ্ধা রমিজ আলীর মুক্তিযুদ্ধের দিনগুলোর বর্ণনা। সবার চোখে লাল সবুজ পতাকা

সুফিয়ান আহমদ চৌধুরী



সবুজে সবুজে অপরূপ রূপ গাছে গাছে পাখ পাখালি কিচিরমিচির করছে। ফুলে ফুলে মৌ মৌ ঘ্রাণ ছড়াচ্ছে।মাঠে মাঠে হলদে ধান বাতাসে দোল খাচ্ছে।প্রাণে প্রাণে খুশির আমেজ বইছে। গ্রামের রমিজ চাষী সাতসকালে বিছানা ছাড়ে।টিউবওয়েল থেকে হাতমুখ ধুয়ে এসে মাটির হাড়িতে রাখা পান্তা ভাত খায়। খেতে খেতে ফসল ঘরে তোলার স্বপ্ন দোলায় দোলে রমিজ চাষীর মনটা। কনকনে শীতের হাওয়া বইছে চারদিকে।চাদর গায়ে জড়িয়ে মাঠে আসে রমিজ চাষী। বুকভরা আনন্দ নিয়ে সুদীর্ঘ নিঃশ্বাস ছাড়ে। গায়ের চাদর জমির আইলে খুলে রেখে ধারালো কাস্তে দিয়ে ধান কাটতে শুরু করে।কয়েক আটি ধান কাটা শেষ হতেই কণ্ঠ খুলে গান গায় রমিজ। আশেপাশের জমিতেও ধান কাটার ধুম পড়েছে। রমিজের কণ্ঠে গান শুনে অন্য চাষীরা কণ্ঠ মিলায়। সবার কণ্ঠে যেন নতুন ফসল তোলার আনন্দ।

দুপুর গড়িয়ে যায়। ধান কাটার পর মাথায় বোঝাই করে বাড়ির পথে পা বাড়ায়। নতুন ধান নিয়ে ফুরফুরে মনে বাড়ির উঠোনে আসে রমিজ। তার বউ সখিনা বিবি উঠোন লেপেপুছে পরিচ্ছন্ন করে রেখেছে। উঠোনে ধান রাখা হলে রমিজ বাড়ির পুকুরে গোসল করে। খাবার খেয়ে বিশ্রাম নেয়। বিকেলে রমিজ বউকে নিয়ে ধান মাড়াই করতে শুরু করে। ধান মাড়াই করে। তার দু'চোখ বাক বাকুম। ধান মাড়াই করে ঘরে তোলে।

সকালে ধান কাটা থেকে শুরু করে রাত অবধি ধান মাড়াই করে ঘরে তুলতে তুলতে রমিজ চাষী যেন ক্লান্ত। রাতের খাবার খেয়ে সেই ক্লান্ত শরীর নিয়ে বিছানায় এপাশ-ওপাশ করে সে। ঘরদোর গুছিয়ে বউ কাছে এসে বসে। রমিজের শরীরে তেল মালিশ করে দেয়। খেজুর রসের চা তৈরি করে দেয় স্বামীকে। দুজন চা খেয়ে রাতের ঘুমে বিভোর হয়।

সকালে ঘুম থেকে উঠে রমিজ চাষী রওয়ানা হয় ইউনিয়ন অফিসে। আজ আর মাঠে যাওয়া হয় না তার। ইউনিয়ন পরিষদের মাঠে বিশাল প্যান্ডেল সাজানো হয়েছে। বিজয়ের আনন্দ উৎসব সেখানে। চারপাশ রঙিন কাগজে সাজানো হয়েছে।মাইকে বাজছে বিজয়ের গান। প্যান্ডেলের সামনে পত পত উড়ছে লাল সবুজ পতাকা। প্যান্ডেলের সারিতে সবাই বসে আছে। বিজয় দিবসের অনুষ্ঠানে শুরু হয় একসময়। আমন্ত্রিত অথিতিদের কথা মালায় শুনে রমিজ আগ্রহ নিয়ে। তার মতো অন্য সবাই মন্ত্রমুগ্ধ হয়ে শুনছে বিজয়ের গৌরব কথা। এক ফাঁকে মাইকে ডাকা হয় রমিজ চাষীর নাম। নিজের নাম শুনে চোখ ফড়িংয়ের মতো নাচতে থাকে। সে উঠে দাঁড়ায়। আস্তে আস্তে এগিয়ে যায়। কিশোর মুক্তিযোদ্ধা হিসেবে সংবর্ধনা পেলো রমিজ। প্রধান অতিথির হাত থেকে পুরস্কার নেয় রমিজ চাষী। দীর্ঘদিন পর হলেও সে আজ সম্মানীত হলো। তাই মাইক ধরে পুরস্কার প্রাপ্তির অনুভূতি জানায় সে। খুব সংক্ষেপে মহান মুক্তিযুদ্ধের ভয়াল স্মৃতি তুলে ধরে। সবাই বিমোহিত হয়ে শুনে বীর কিশোর মুক্তিযোদ্ধা রমিজ আলীর মুক্তিযুদ্ধের দিনগুলোর বর্ণনা। সবার চোখে লাল সবুজ পতাকা। যে পতাকা নিয়ে একাত্তরে যুদ্ধ করে পাকবাহিনীর মুখোমুখি রণাঙ্গনে। মনে লাল সবুজের মাখামাখি। বিজয় দিবসের অনুষ্ঠান শেষ করে গ্রামের আঁকাবাঁকা পথ ধরে হাঁটতে থাকে। বাড়ির কাছাকাছি আসে রহিম চাষী। গ্রাম জুড়ে বিজয়ের উৎসব আমেজ ছিলো আজ। খেলাধূলা, কবিতা-ছড়া পাঠ,নাচ-গান হর্ষে মুখরিত ছিলো ইউনিয়ন অফিস মাঠ।মন রঙে রঙিন হয়ে উঠে। রহিম চাষীর মনে পড়ে সেই কিশোরবেলা মুক্তিযুদ্ধে কিভাবে জড়িয়ে যায়,সেই কাহিনী।

পাশের বাড়ির আক্কুর চাচার হাত ধরেই যুদ্ধে যায় সে। যুদ্ধে সেই দিনগুলোর কথা আজও মনকে আলোড়িত করে। লাল সবুজ রঙে মন ছুঁয়ে যায় রমিজ চাষীর। লাল সবুজ পতাকার গৌরব নিয়ে বাড়ির আঙিনায় পা রাখে। আর বুক ভরা আশা নিয়ে স্বপ্ন দেখে, প্রতিবছর এমন বিজয় উৎসব উদযাপনের।


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
BUY - SELL - RENT
20 Years Experience
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Democrats Sees an Openings To Win the Miami Mayor's Race

**Ajkal Desk**





It has been nearly three decades since a Democrat held the mayor's office in Miami, a span of futility the party is hoping to reverse during a special runoff election this week in one of the last electoral showdowns before next year's midterms.
While it is a local race, this election has become the latest test of the nation's political mood es
Trump and other big-name Florida Republicans, including Gov. Ron DeSantis and Sen. Rick Scott, have weighed in for the conservative candidate, former city manager Emilio Gonzalez, in the otherwise nonpartisan race. Nationally known Democrats, including former Transportation Secretary Pete Buttigieg, have offered support on behalf of Eileen Higgins, a Democrat who served on the county commission before winning a runoff spot last month. An upset for the Democrats on Tuesday would give the party an additional burst of momentum heading into a crucial election year when control of Congress will be at stake, especially in a region that has become increasingly friendly turf for Republicans and where Trump plans to build his presidential library. Higgins, who lives in the Cuban enclave of Little Havana and had represented a district that leans conservative, proudly wears the label of "La Gringa," a term Spanish speakers use for white Americans. A Spanish speaker herself, Higgins has focused her campaign relentlessly on local issues such as the cost of housing while capitalizing on national ones, including the treatment of immigrants under the Trump administration in a city with sizable Hispanic and foreign-born populations. "I have been a Democrat serving in a primarily Republican district, and all I have done is work for the people," she told The Associated Press.

**Democrats will try to break Republicans' grip on power**

Miami is Florida's second most populous city, behind Jacksonville, but is the epicenter of the state's diverse culture and is among the nation's most prominent international destinations, giving its mayor an outsize platform.
The city of 487,000 is part of Miami-Dade County, which Trump flipped last year, handily defeating Democrat Kamala Harris after losing the county to Democrat Joe Biden in 2020. A loss for Gonzalez would be perceived in Florida as a setback for the GOP and Trump.
Christian Ulvert, Higgins' campaign manager, said early returns of mail ballots are encouraging. About 44% had been cast by registered Democrats as of Thursday, a day before early in-person voting began, compared with about 30% by registered Republicans.
"What you're seeing is great Democratic enthusiasm and turnout that matches that enthusiasm," he said.
Higgins, who would be the first non-Hispanic mayor of Miami in almost 30 years if elected, said she is confident she will receive support not only from Democrats, but also from unaffiliated voters and some Republicans because of her work as an elected official. Her pitch to voters includes finding city-owned land that could be turned into affordable housing and cutting unnecessary spending. She was asked during a recent forum sponsored by the Greater Miami Chamber of Commerce if she would try to turn the more ceremonial role of mayor into a full-time job and not take on other work, something that raised ethical concerns for the current mayor, term-limited Francis Suarez.
"I do not have outside employment now. I was a full-time commissioner. I'm going to be a full-time mayor," Higgins said as the interviewer continued to press her about whether that meant not accepting any outside employment.
In a blunt-talking style, Higgins responded sternly: "All right, do I have to say it more clearly? No! It's a full-time job." (Source-AP)




## Mexico's Bullied Pageant Contestant Gets payback by Capturing Miss Universe Crown

**Anik Raj**

Fátima Bosch Fernández of Mexico was crowned Miss Universe 2025 on Friday, a dramatic victory for a 25-year-old at the center of the turbulent 74th staging of the popular beauty pageant in Bangkok who stood up to public bullying from one of the hosts.
The issues at this year's event sprang from a sharp-tongued scolding of Bosch, which sparked a controversy marked by a walkout, feminist solidarity and a teary, melodramatic apology from the local organizer who set it all off.
Miss Venezuela Stephany Abasali competes during the final round of the 74th Miss Universe Beauty Pageant in Nonthaburi province, Thailand, Friday, Nov. 21, 2025. (AP Photo/Sakchai Lalit)
Miss Venezuela Stephany Abasali competes during the final round of the 74th Miss Universe Beauty Pageant in Nonthaburi province, Thailand, Friday, Nov. 21, 2025. (AP Photo/Sakchai Lalit)
When Bosch was announced as the winner, cheers and screams erupted from the audience, with Mexican flags waved by elated supporters.
Speaking to the media after her victory, Bosch said that she would like to be remembered as "a person that changed a little bit the prototype of what is a Miss Universe and a real person that gives the heart."
She also paid tribute to the pageant, describing it as "a platform that is strong because they have the space that women are searching to have a voice."
The first runner-up was 29-year old Praveenar Singh of Thailand and 25-year-old Stephany Adriana Abasali Nasser of Venezuela placed third. Rounding up the finishers were Ahtisa Manalo, 28, of the Philippines, and 27-year-old Olivia Yacé of Ivory Coast who came fifth.
At the livestreamed sashing ceremony for the more than 100 contestants on Nov. 4, Thai national director Nawat Itsaragrisil hectored Bosch for allegedly not following his guidelines for taking part in local promotional activities. He called security when she spoke up to defend herself.
Bosch walked out of the room, joined by several others in a show of solidarity, including Miss Universe 2024, Victoria Kjær Theilvig of Denmark.
"What your director did is not respectful: He called Continued on page 26



## The 2026 World Cup tournament schedule announced

**Ajkal Desk**

The USMNT will start their World Cup campaign against Paraguay in LA on June 12 at 9 p.m. ET. They play Australia in Seattle on June 19 at 3 p.m. before taking on a playoff winner in LA on June 25 at 10 p.m.




The draw for the tournament took place at the Kennedy Center in Washington, D.C. on Friday and followed President Trump receiving the inaugural FIFA Peace Prize.
2026 World Cup: Full tournament schedule and fixtures The World Cup final will take place at 3pm (ET) at MetLife Stadium on July 19, 2026, FIFA confirmed, in a move that is likely to renew the debate about tensions between player welfare and commercial priorities.
MetLife Stadium is located in East Rutherford, New Jersey, and it is an open venue without a roof, meaning that players and fans will be exposed to the elements. The FIFA Club World Cup last summer played its semi-finals and final at MetLife, with all three games kicking off at 3pm ET.
The World Cup final is therefore one of only two of its MetLife games slated to take place at 3pm, a time which also provides a premium slot for a European television audience. FIFA makes the decisions about schedules and kick-off times.
See the full tournament schedule with all the fixture times and locations, below.

**Group L**

Here are the Group L teams and fixtures:

- 17 June 4pm: England vs Croatia, Dallas
- 17 June 7pm: Ghana vs Panama, Toronto
- 23 June 4pm: England vs Ghana, Boston
- 23 June 7pm: Panama vs Croatia, Toronto
- 27 June 5pm: Panama vs England, NY/NJ
- 27 June 5pm: Croatia vs Ghana, Philadelphia

**Group K**

Here are the Group K teams and fixtures:

- 17 June, 1pm: Portugal vs IC path 1 winner, Houston
- 17 June, 10pm: Uzbekistan vs Colombia, Mexico City
- 23 June, 1pm: Portugal vs Uzbekistan, Houston
- 23 June, 10pm: Colombia vs IC path 1 winner, Guadalajara
- 27 June, 7.30pm: Colombia vs Portugal Miami

27 June, 7.30pm: Continued on page 26

# Street vendors, including Queens cohort, rally at City Hall for increased number of licenses

Shah Nawaz

A coalition of street vendors, elected officials and brick-and-mortar groups rallied on the steps of City Hall on Dec. 4 to call on the City Council to vote on a piece of legislation that would reform New York's vending scene by significantly increasing the number of street vending licenses.

Bronx Council Member Pierina Ana Sanchez, the prime sponsor of Intro 431A, was joined on the steps of City Hall by Council Members Julie Menin, Shaun Abreu, Oswald Feliz and Harvey Epstein to call on Council Speaker Adrienne Adams to hold a vote on the legislation in the final stated meeting of the 2025 legislative session on Dec. 18.

The Street Vendor Project, which advocates for street vendors throughout the city, also joined the rally alongside brick-and-mortar groups such as the National Supermarket Association, the Queens Economic Development Corporation and the Bodega and Small Business Group.

Intro 431A would make 2,000 additional supervisory license applications and 2,100 additional general vendor license applications available to prospective vendors every year between 2026 and 2031 in a bid to clear a legal pathway for prospective vendors.



Elected officials and street vendor advocates rally on the steps of City Hall in support of Intro 431A. Photo by Shane O'Brien.

Advocates say the legislation, which now boasts 32 co-sponsors, would help combat a significant backlog that has forced vendors to "operate in the shadows" because they cannot legally obtain a license from the city. Vendors have repeatedly stated that it is currently impossible to obtain a permit from the city because they cannot join the lengthy and closed waitlist to secure a permit.

That backlog has made it impossible for new vendors to legally start a business, advocates say, leaving small business owners at risk of fines or of having their merchandise confiscated and destroyed. Intro 431A has been significantly amended since Sanchez first introduced the bill last year to help address concerns raised in a marathon public hearing in May. The amended legislation also requires the city to increase the number of enforcement personnel to ensure that licensed street vendors are operating safely. Vendors found to be committing serious or persistent violations would risk losing their license under the terms of the legislation.

Sanchez also touted "many, many conversations" with representatives of brick-and-mortar businesses to ease fears that the legislation would hand street vendors an unfair advantage over brick-and-mortar locations. Amendments to the legislation have introduced a cap on the number of licenses issued each year to ease such concerns.

Sanchez said she had been talking to representatives until 11 p.m. Wednesday to secure their support before Thursday's rally and said the support of a brick-and-mortar coalition leaves Intro 431A in the strongest position that the bill has ever been.

"These stakeholders bring along council members," Sanchez said.

Sanchez previously stated that Intro 431A would also ensure that more vendors comply with existing city laws. At present, she said, unlicensed vendors often operate in a manner that allows them to "pick up and run" if they suspect a crackdown by law enforcement, leading to congestion of sidewalks and stalls erected in front of fire hydrants. By creating a pathway to a permit, the city would ensure that more vendors comply with existing laws because vendors would want to protect their legal ability to sell on the sidewalk, Sanchez said. She said negotiations will continue before a final version of the bill is submitted to the Council on Dec. 10 and urged Adams to hold a vote in the final stated meeting of the year on Dec. 18. A spokesperson for the Council Speaker noted that reforming the street vendor system is complex and requires balancing the priorities of vendors with those of brick-and-mortar businesses and the neighborhoods they operate in.

Continued on page 26




Rana Abdelhamid speaks at the launch of her run for Assembly District 36 in Astoria. *Photo by Shane O'Brien.*

## Rana Abdelhamid officially launches campaign to replace Mamdani in Queens Assembly District 36

Ajkal Desk

Rana Abdelhamid, a prominent community organizer in western Queens who currently serves as executive director of anti-violence nonprofit Malikah, officially launched her campaign to succeed Mayor-elect Zohran Mamdani in Assembly District 36 with an event in Astoria Tuesday afternoon.

Abdelhamid, joined by a number of community leaders, spoke to dozens of supporters at a Nov. 25 campaign launch event at Zyara at 25-53 Steinway St., pledging to fight for affordable housing protections, universal childcare, immigrant protections and community safety programs if she is elected to Albany. Abdelhamid founded Malikah to help teach self-defense to individuals from minority communities and said Tuesday that she learned of other issues facing the community through conversations with participants at self-defense classes around the neighborhood.

"I learned that safety is not just physical," Abdelhamid said Tuesday. "Safety is political. Safety is economic. Safety is being able to know that you know where to go and that someone is going to have your back."

She previously ran for Congress in 2022, attempting to defeat then-incumbent Carolyn Maloney in the 12th Congressional district, which included parts of Astoria as well as the east side of Manhattan. Abdelhamid later dropped out of the race when the district was redrawn to remove Astoria.

Abdelhamid, who would become the first Egyptian and Muslim woman ever elected to the New York State Assembly if she is successful, said she was attacked physically as a child because of her religion and pledged to fight for the Muslim and North African community in District 36 as well as all working-class residents in the neighborhood.

She said she has experienced the "pain" that the local community has experienced.

"I heard what it feels like to not be able to keep the lights on because the Con Edison bill is too high," she said. "I heard what it is like to raise a child who now has Asthma because they were raised in Asthma Alley."

On Tuesday, Abdelhamid said she would fight for a number of immigrant protections if she is elected to the state legislature, including New York for All, which would prevent state and local law enforcement from working with federal immigration authorities, and the MELT Act, which would prevent all federal immigration authorities from wearing masks.

She touted her previous experience "organizing for immigrant justice" and pointed to her work advocating for asylum seekers in migrant shelters in nearby Long Island City.

"New York for All and the MELT Act are deeply important to prioritize," she said.

Among Abdelhamid's other legislative priorities is a slate of tenant protection measures, including statewide right to counsel and rent stabilization. She has also pledged to fight for increased funding for NYCHA and supporting

Continued on page 26

## Minimum wage in NY is rising again in 2026.

Ajkal Desk



New Yorkers making minimum wage will see more money in their pockets starting in January.

As signed into Gov. Kathy Hochul's 2024 budget, the state's minimum wage will see its second of two 50-cent increases in 2026. In 2024, the rate rose to $16 per hour in New York City, Westchester County and both Long Island counties and increased to $15 per hour across the rest of the state. And in 2025, the rates rose to $16.50 and $15.50, respectively.

How much will minimum wage be in New York in 2026?

In New York City, Westchester and Long Island, minimum wage will rise to $17 per hour in 2026. For all others across New York state, the minimum wage rate will increase to $16 per hour. What happens to New York's minimum wage in 2027? The state's minimum wage will be linked to the Consumer Price Index for Urban Wage Earners and Clerical Workers for the Northeast Region starting in 2027, according to Hochul's 2024 budget agreement.

## Afsana Mimi joins jury panel for Women Filmmaker Section at DIFF



Ajkal Desk

The 24th Dhaka International Film Festival (DIFF) is set to take place from January 10–18, and ahead of the event, the organisers have announced the names of five international jury members for the Women Filmmakers' section.

This year's panel includes renowned Bangladeshi actress and director Afsana Mimi, who will evaluate films alongside creative professionals from four other countries. Joining Afsana Mimi on the judging panel are Aleksandra Markovic, a UK-based Croatian documentary filmmaker and academic; Ronak Taher, an Iranian-Australian filmmaker and visual artiste; Geraldine Villamil, a celebrated Filipino film and stage actress; and Marion Standefer, a Paris-based American educator and filmmaker. The Women Filmmakers' section is one of the most significant categories of DIFF, featuring feature films, short films, and documentaries directed exclusively by women. Winners for Best Documentary, Best Fiction, and Best Director are selected by an independent jury panel comprising women filmmakers, artistes, and cultural experts. Awardees receive certificates and crests. The organisers noted that this year's jury represents a dynamic blend of cultural backgrounds and professional experiences, adding greater diversity and insight to the evaluation process. Festival Director Ahmed Muztaba Zamal stated that a record number of films have been submitted from the highest number of countries in DIFF's history, marking a new milestone for the festival.



# সারকোপেনিয়া বা মাংসপেশির ক্ষয়রোগ কেন হয়, লক্ষণ ও চিকিৎসা

এম ইয়াছিন আলী



সারকোপেনিয়া বা মাংসপেশির ক্ষয়রোগ হলো বয়সের কারণে ধীরে ধীরে পেশির ভর, শক্তি ও কার্যক্ষমতা কমতে থাকা। সাধারণত ৪০ থেকে ৫০ বছর বয়সের পর থেকে ধীরে ধীরে পেশির ক্ষয় শুরু হয়। বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে এর তীব্রতা বাড়ে।

**কেন হয়**

সারকোপেনিয়ার প্রধান কারণ হলো বয়স বৃদ্ধি বা বার্ধক্য। তবে আরও কিছু বিষয় এ জন্য দায়ী। এর মধ্যে একটি শারীরিক নিষ্ক্রিয়তা অর্থাৎ নিয়মিত ব্যায়াম না করা বা সক্রিয় না থাকা।
পুষ্টিহীনতা, বিশেষ করে প্রোটিন ও ভিটামিন-ডি ঘাটতি।
হরমোনজনিত পরিবর্তন যেমন টেস্টোস্টেরন, গ্রোথ হরমোন, ইনসুলিন ইত্যাদির হ্রাস। ডায়াবেটিস, হৃদ্‌রোগ, কিডনির বা ফুসফুসের রোগ। স্টেরয়েড বা কিছু নির্দিষ্ট ওষুধ দীর্ঘদিন সেবন। দীর্ঘস্থায়ী প্রদাহ থাকলেও এ রোগ হয়।

**কীভাবে বুঝবেন**

সারকোপেনিয়া ধীরে ধীরে প্রকাশ পায়। এর সাধারণ লক্ষণগুলো হলোঃ
পেশিশক্তি কমে যাওয়া।
শরীরের ওজন কমে যাওয়া, বিশেষ করে মাংসপেশি শুকিয়ে যাওয়া।
হাঁটার গতি ধীর হয়ে যাওয়া।
অল্পতেই ক্লান্তি।
দৈনন্দিন কাজে অসুবিধা যেমনচেয়ার থেকে উঠতে, সিঁড়ি ভাঙতে কষ্ট হওয়া।
ভারসাম্য হারানো বা বারবার পড়ে যাওয়া।

**সারকোপেনিয়ার চিকিৎসা**

সারকোপেনিয়ার কোনো একক ওষুধ নেই। তবে জীবনযাত্রা ও চিকিৎসার সমন্বয়ে নিয়ন্ত্রণ এবং পেশি ক্ষয় কমানো সম্ভব। এর এরপর ১৫ পৃষ্ঠায়



# রোজেলা চা খেলে যে ৭টি উপকার মিলবে

জাকারিয়া সুমন

গাঢ় লালচে রং, টক-মিষ্টি স্বাদ আর মনমাতানো ঘ্রাণে ভরপুর এক পানীয় রোজেলা চা। ধীরে ধীরে স্বাস্থ্যসচেতন মানুষের পছন্দের পানীয় হয়ে উঠছে এই চা। রোজেলাগাছের ফুল থেকে হয় এই চা। এই গাছের ফলকেই অঞ্চলভেদে আমরা ডাকি চুকাই, মেস্তা বা টক ফল।

রোজেলা চা অ্যান্টি-অক্সিডেন্টে ভরপুর হওয়ায় শরীরের টক্সিন দূর করে, ওজন কমাতেও সাহায্য করে। এটি রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে, এমনকি ক্যানসার কোষের বৃদ্ধিও ধীর করতে পারে। রোজেলা চায়ের এমনি সাতটি বিস্ময়কর উপকারিতার কথা অনেকেরই অজানা।

**১. অ্যান্টি-অক্সিডেন্টে ভরপুর**

আমাদের শরীরে প্রতিনিয়ত তৈরি হয় ফ্রি র‍্যাডিক্যালস। এই ফ্রি র‍্যাডিক্যালস হলো একধরনের ক্ষতিকর কণা, যা কোষের ক্ষতি করে বার্ধক্যের দিকে ঠেলে দেয়, প্রদাহ বাড়ায় আর নানা জটিল রোগ তৈরি করে। এই ফ্রি র‍্যাডিক্যালসের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে অ্যান্টি-অক্সিডেন্ট, আর রোজেলা অ্যান্টি-অক্সিডেন্টের ভান্ডার।

যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথের এক গবেষণায় দেখা গেছে, মারফান সিনড্রোমে আক্রান্ত ব্যক্তিদের ক্ষেত্রে রোজেলা নির্যাস রক্তে অ্যান্টি-অক্সিডেন্টের মাত্রা বাড়িয়েছে এবং অক্সিডেটিভ স্ট্রেস কমিয়েছে। মারফান সিনড্রোম হলো একটি বংশগত রোগ, যা শরীরের সংযোগকারী টিস্যু দুর্বল করে। এতে হৃদ্‌রোগ, চোখের সমস্যা, হাড়ের অসুবিধা দেখা দিতে পারে।

**২. রক্তচাপ কমাতে সহায়ক**

রোজেলা চায়ের সবচেয়ে উপকারী দিক হলো, এটি রক্তচাপ নিয়ন্ত্রণে সাহায্য করে। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথের এক গবেষণায় দেখা গেছে, উচ্চ রক্তচাপে ভোগা ৪৬ জন ১ মাস রোজেলা চা পান করার পর তাঁদের ওপর ও নিচ দুই ধরনের রক্তচাপই উল্লেখযোগ্যভাবে কমে গেছে।

একই ভাবে ২০১৫ সালে যুক্তরাষ্ট্রের জাতীয় স্বাস্থ্য ইনস্টিটিউটের (এনআইএইচ) করা পাঁচটি গবেষণার একটি পর্যালোচনায় দেখা গেছে, রোজেলা চা সিস্টোলিক ও ডায়াস্টোলিক রক্তচাপ যথাক্রমে গড়ে ৭.৫৮ ও ৩.৫৩ মিলিমিটার পারদ পর্যন্ত কমাতে সক্ষম।

**৩. রক্তের চর্বি কমাতে সাহায্য করে**

রোজেলা চা রক্তে অতিরিক্ত চর্বির মাত্রা নিয়ন্ত্রণেও সাহায্য করে। রক্তে অতিরিক্ত চর্বিযেমন খারাপ কোলেস্টেরল (এলডিএল) ও ট্রাইগি এরপর ৩৬ পৃষ্ঠায়

# হট ফ্লাশ নিয়ে ৫টি ভুল ধারণা

ডা. তানজিনা হোসেন



নারীদের মধ্যবয়সে এক বিব্রতকর যন্ত্রণার নাম 'হট ফ্লাশ'। রজঃনিবৃত্তি বা মেনোপজের সময় বা পরে নারী হরমোন ইস্ট্রোজেনের পড়তির কারণে দেখা দেয় এই হট ফ্লাশ। হঠাৎ গরম লাগা এবং কান, মুখ ও মাথা গরম হয়ে আসা, প্রচুর ঘাম, মুখ ও কান লাল হয়ে আসা হট ফ্লাশের লক্ষণ। এর সঙ্গে দেখা দিতে পারে মেনোপজের অন্যান্য লক্ষণ, যেমন ঘুমের সমস্যা, মেজাজ খিটখিটে হয়ে পড়া, ক্লান্তি, ব্রেন ফগ ইত্যাদি।

**ভুল ধারণা বা ভ্রান্তি**

এসব সমস্যা আগেকার নারীদের হতো না, এটা ভুল ধারণা। মেনোপজ নারীর জীবনের এক স্বাভাবিক পরিবর্তন, আর এই সময় হরমোনের নিম্নমুখী মাত্রা হট ফ্লাশের জন্য দায়ী। এটা আগেও যেমন হতো, এখনো হয়। যদিও উপসর্গগুলো কারও বেলায় তীব্র, কারও বেলায় মৃদু হতে পারে, কিন্তু এই সমস্যা আগেকার দিনে ছিল না, এই ধারণা ভুল। আগে নারীরা মাসিক এবং এ-সংক্রান্ত যেকোনো বিষয় নিয়ে কথা বলতে জড়তা বোধ করতেন বলে তাঁদের সমস্যাগুলো জানা হতো না। বর্তমানে নারীরা নিজেদের শরীর নিয়ে সচেতন, বিভিন্ন উপসর্গে এরপর ২৪ পৃষ্ঠায়

# গর্ভেও কেন শিশুর কিডনি ফুলে যায়

ডা. ফেরদৌসী আক্তার



গর্ভধারণের পর প্রত্যেক মায়েরই নিয়মিত চিকিৎসকের শরণাপন্ন হওয়া এবং গর্ভ পূর্ববর্তী চেকআপ করানো উচিত। এতে করে অনেক জন্মগত ত্রুটি সন্তান জন্মের আগেই নির্ণয় করা সম্ভব হয়। এর মধ্যে একটি হলো শিশুর কিডনিতে পানি জমা বা হাইড্রোনেফ্রোসিস।

কোনো কারণে কিডনিতে প্রস্রাব জমে কিডনি ফুলে গেলে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় তাকে বলে হাইড্রোনেফ্রোসিস। বর্তমানে প্রতি ১০০ অন্তঃসত্ত্বা মায়ের ১ থেকে ৫ জনের গর্ভের শিশুর হাইড্রোনেফ্রোসিস ধরা পড়ছে।

**কীভাবে বোঝা যাবে গর্ভের শিশুর হাইড্রোনেফ্রোসিস আছে?**

মায়ের আলট্রাসোনোগ্রাফি করেই রোগটি নির্ণয় করা যায়।

**কী কী কারণে কিডনিতে পানি জমে?**

কোনো কারণে প্রস্রাবের রাস্তায় যদি বাধা থাকে, যেমন পিইউজে অবস্ট্রাকশন, ভিইউজে অবস্ট্রাকশন, যদি প্রস্রাবের রাস্তায় পর্দা থাকে, প্রস্রাব মূত্রথলি থেকে কিডনিতে উঠে যায়, মূত্রনালির মাংসপেশি দুর্বল হয়ে কিডনিতে প্রস্রাব জমতে পারে।

**কিডনিতে পানি থাকলে কী করবেন?**

মা কিংবা বাচ্চার স্বাস্থ্যঝুঁকি না থাকলে বাচ্চার পরিপূর্ণ বয়সে নরমাল ডেলিভারি করানো যেতে পারে। জন্মের পর তিন থেকে পাঁচ দিন বয়সে বাচ্চার একটা কিডনির আলট্রাসনোগ্রাম করে দেখতে হবে, এখনো ফোলা বা পানি জমা আছে কি না। যদি থাকে, অবশ্যই দ্রুত শিশু সার্জারি বা শিশু ইউরোলজি চিকিৎসকের পরামর্শ নিতে হবে। বিশেষ করে ছেলেশিশু হলে এটি আরও বেশি গুরুত্বপূর্ণ।

# শীতে ফুসফুসের কার্যক্ষমতা বাড়াতে করতে পারেন এসব ব্যায়াম



ডা. মো. জাকির হোসেন সরকার



দেশের বিভিন্ন শহরের বায়ুদূষণের কথা প্রায়ই উঠে আসে গণমাধ্যমগুলোয়। দূষিত বাতাস স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। বিশেষত শীতে বায়ুদূষণ বেড়ে যায় প্রতিবছর। যেকোনো সুস্থ মানুষের ফুসফুসের কার্যক্ষমতা কমে আসতে পারে বায়ুদূষণের প্রভাবে। দূষিত বায়ুর শহরে ফুসফুসের কার্যক্ষমতা ঠিক রাখার প্রচেষ্টা তাই সবার জন্যই আবশ্যক।

বায়ুদূষণের কারণে বাড়তে পারে ফুসফুসের নানান রোগের ঝুঁকি। আর যাঁরা আগে থেকেই ফুসফুসের কোনো রোগে ভুগছেন, তাঁদের ক্ষেত্রেও উপসর্গের তীব্রতা বাড়তে দেখা যায় বায়ুদূষণের কারণে। ফুসফুসের কার্যক্ষমতা বাড়াতে শ্বাসের ব্যায়ামের চর্চা করা যেতে পারে বাড়িতে।

বিভিন্ন ধরনের ব্যায়ামের মাধ্যমে ফুসফুসকে শক্তিশালী করে তোলা সম্ভব। এসব ব্যায়ামে ফুসফুসের বায়ুধারণ ক্ষমতা বাড়ে। ফুসফুসে ঢোকা বিষাক্ত পদার্থ বের করে দেওয়ার ক্ষমতাও বাড়ে এ ধরনের ব্যায়ামের চর্চায়। তবে বায়ুদূষণের মাত্রা বেশি থাকলে মাস্ক ব্যবহার করা আবশ্যক।

**পার্সড লিপ ব্রিদিং**

নাক দিয়ে ধীরে ধীরে শ্বাস নিতে হবে প্রথমে। এরপর নিশ্বাস ছাড়ার সময় ঠোঁট গোল করতে হবে। অর্থাৎ মোমবাতি নেভানোর সময় ফুঁ দিতে গেলে যেভাবে ঠোঁট গোল করা হয়, তেমন অবস্থায় রাখতে হবে ঠোঁট। নিশ্বাস ছাড়তে হবে খুব ধীরে ধীরে। শ্বাস নিতে যত সময় লেগেছে, তার দ্বিগুণ সময় নিয়ে নিশ্বাস ছাড়ুন। নিশ্বাস ছাড়ার সময় বাতাসের শব্দ হবে মুখে। রোজ দু-তিন বেলায় মোট ১০ বার করে এই ব্যায়ামের চর্চা করতে পারেন।

**ডায়াফ্রাম্যাটিক ব্রিদিং**

এরপর ৩৬ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশী যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর নিকটে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু নীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি ভাষ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানীকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাহ্‌কীরাহ্‌পুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রেমময় দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠককুল! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহঃ**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগঃ**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

## বাংলাদেশ ২.০ : মেধাভিত্তিক গণতন্ত্রে উত্তরণ

১২ পৃষ্ঠার পর

থেকে প্রতিষ্ঠানের দিকে এবং অসুস্থ প্রতিযোগিতা থেকে সহযোগিতার দিকে পুনর্নির্দেশ করা অপরিহার্য হয়ে উঠেছে।

বাংলাদেশ ২.০ একটি আধুনিক, আত্মবিশ্বাসী, ন্যায়ভিত্তিক ও অগ্রগতিমুখী রাষ্ট্রের যে কল্পচিত্র আমরা দেখি-তা কেবল তখনই বাস্তবে রূপ নিতে পারে, যখন আমাদের নাগরিক ভিত্তি হবে যথেষ্ট দৃঢ় ও গভীর।

**এটি অর্জনে কিছু দীর্ঘমেয়াদি অগ্রাধিকার অত্যন্ত জরুরি**

* নাগরিক শিক্ষা : পরিবার ও শিক্ষাপ্রতিষ্ঠানকে শিশুদের খুব অল্প বয়স থেকেই সততা, সহমর্মিতা, সমালোচনামূলক চিন্তা ও সামাজিক দায়বদ্ধতার শিক্ষায় গড়ে তুলতে হবে।

* মেধাভিত্তিক শাসনব্যবস্থা : নিয়োগ, পদোন্নতি এবং জনসেবার প্রতিটি ধাপে যোগ্যতা, সততা ও দক্ষতাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

* আইনের শাসন : ভয় বা পক্ষপাতিত্বকে দূরে ঠেলে ন্যায়বিচারকে সবার জন্য অবারিত এবং নিশ্চিত করতে হবে।

* দায়িত্বশীল ও সক্রিয় নাগরিকত্ব : নাগরিকদের গঠনমূলক অংশগ্রহণ ও শ্রদ্ধাশীল বিতর্ককে অনুপ্রেরণা দেওয়া এবং বিভাজনমূলক বয়ান প্রতিরোধের মাধ্যমে গণতান্ত্রিক সংস্কৃতিকে শক্তিশালী করতে হবে।

* স্বাধীন প্রতিষ্ঠান : নির্বাচন কমিশন, বিচারালয় এবং সিভিল সার্ভিসকে অযাচিত রাজনৈতিক প্রভাব থেকে মুক্ত রাখতে হবে। এগুলো কোনো নির্দিষ্ট রাজনৈতিক দল বা মতাদর্শের অনুকূলে কিংবা প্রতিকূলে নয়, বরং সেই চিরকালীন নীতি, যার ওপর দাঁড়িয়ে একটি জাতি স্থিতিশীল, সমৃদ্ধ ও মর্যাদাবান হয়ে ওঠে।

এখন সময় আত্মসমীক্ষার : বাংলাদেশ যখন একটি গুরুত্বপূর্ণ নির্বাচনের দিকে এগোচ্ছে, তখন মূল চ্যালেঞ্জটি কেবল নেতৃত্ব নির্বাচন নয়; বরং জনজীবনকে পরিচালনাকারী নৈতিক ও নাগরিক মূল্যবোধকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করা, যা আমাদের জনজীবনকে পথ দেখাবে। নির্বাচন আসে এবং চলে যায়, কিন্তু মূল্যবোধ টিকে থাকে। যদি নাগরিক, রাজনৈতিক কর্মী, শিক্ষাবিদ এবং কমিউনিটি নেতারা জবাবদিহিতা, ন্যায্যতা ও দায়িত্বশীলতার সংস্কৃতিতে নিজেদের নিয়োজিত করেন, তবে বাংলাদেশ পুরোনো ধারা অতিক্রম করে একটি গণতান্ত্রিক ভবিষ্যৎ গড়তে সক্ষম হবে। দেশ আজ এক সম্ভাবনাময় সন্ধিক্ষণে দাঁড়িয়ে। ধৈর্য, প্রজ্ঞা এবং নাগরিক মূল্যবোধের প্রতি নতুন অঙ্গীকারবদ্ধ হতে পারলে বাংলাদেশ আরও ন্যায়ভিত্তিক, আত্মবিশ্বাসী, মর্যাদাপূর্ণ এবং আরও সুশাসিত এক আগামী দিনের পথে তার যাত্রা অব্যাহত রাখতে পারবে।

**ড. মোহাম্মদ আবদুল বারী : ব্রিটিশ বাংলাদেশি শিক্ষাবিদ, গ্রন্থকার ও প্যারেন্টিং কনসালটেন্ট।**

## ক্ষমতা না টাকা বানানোর জাদুর কাঠি?

৬ পৃষ্ঠার পর

১০,৯৪,৩৯,১৫০ টাকা বা ৫,১৪৮ শতাংশ। খুলনার তালুকদার আবদুল খালেকের বেড়েছে ১,৮৫,৯৭,৫৫০ টাকা থেকে ১০,০৮,৪১,২৯২ টাকা বা ৪৪২ শতাংশ। রাজশাহীর খায়রুজ্জামান লিটনের বেড়েছে ৯৬,৭৫,০০০ টাকা থেকে ১,৯৪,৪৭,১৯৮ টাকা বা ১৩৩ শতাংশ। সিলেটের কামরানের বেড়েছে ২,১৪,৭৮,২৯০ টাকা থেকে ৫,০০,৬২,৬২৪ টাকা বা ১৩৩ শতাংশ। চারজন বিদায়ী মেয়র ও তাঁদের নির্ভরশীলদের মোট সম্পদ বেড়েছে ১,২৯,৫৯,০৪১ টাকা থেকে ৬,৯৯,৪৭,৫৬৬ টাকা বা ৪৪০ শতাংশ। উল্লেখ্য, চারজন বিদায়ী মেয়রের দায়দেনা ছিল কম, তাই তাঁদের নিট সম্পদ বৃদ্ধির পরিমাণও ছিল বেশি। হলফনামার তথ্য থেকে দেখা যায়, ২০০৮ সালের নির্বাচনে পরাজিত তিন প্রধান প্রার্থীর মধ্যে দুজন ও তাঁদের ওপর নির্ভরশীলদের সম্পদ বেড়েছে এবং একজনের কমেছে। বরিশালের আহসান হাবীব কামালের কমেছে ২০০৮ সালের ১,০৪,১১,৬৫০ টাকা থেকে ২০১৩ সালে ২৭,৭৩,০০০ টাকা বা ৭৩ শতাংশ। খুলনার মনিরুজ্জামানের বেড়েছে ১৬,১৩,১০০ টাকা থেকে ৩০,৫৫,৫৩৭ টাকা বা ৮৯ শতাংশ। রাজশাহীর মোসাদ্দেক হোসেনের বেড়েছে ১,৬৮,০০০ টাকা থেকে ১৯২,০০০ টাকা বা ১৪ শতাংশ। তবে ২০০৭ সালের নির্বাচনে পরাজিত খুলনা, বরিশাল ও রাজশাহী-এই তিন মহানগরের মেয়র পদপ্রার্থী ও তাঁদের ওপর নির্ভরশীলদের পাঁচ বছরে মোট সম্পদ কমেছে ৪১ শতাংশ। অর্থাৎ সম্পদশালী হওয়া না-হওয়া নির্বাচনে জয়-পরাজয়ের ওপর নির্ভরশীল। প্রসঙ্গত, ২০১৩ সালের ১৫ জুনের নির্বাচনে বিদায়ী মেয়রদের সবাই পরাজিত হয়েছেন এবং ২০০৮ সালে পরাজিত এ তিনজন মেয়র পদপ্রার্থী জয়ী হয়েছেন। আরও জয়ী হয়েছেন সিলেটের আরিফুল হক চৌধুরী।

উপরিউক্ত বিশ্লেষণ থেকে এটি সুস্পষ্ট যে ক্ষমতার সঙ্গে আয় ও সম্পদের মালিকানার গুরুত্বপূর্ণ যোগসূত্র রয়েছে, যদিও প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রদত্ত তথ্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে অনেক প্রশ্ন বিদ্যমান। নির্বাচনে জয়ী হয়ে মেয়ররা ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছেন এবং এ ক্ষমতা তাঁদের ও তাঁদের ওপর নির্ভরশীলদের আয় ও সম্পদ সৃষ্টির ক্ষেত্রে জাদুর কাঠির মতো কাজ করেছে। তবে নির্বাচনে পরাজিতদের প্রতি ভাগ্যদেবীর প্রসন্নতা তেমন দৃশ্যমান নয়। তাই সংগতভাবেই প্রশ্ন করা যায়-আমাদের রাজনীতি, যার লক্ষ্য ক্ষমতায় অধিষ্ঠিত হওয়া-লাভজনক ব্যবসায় পরিণত হয়েছে কি না। রাজনীতি জনসেবার পরিবর্তে ব্যক্তির অর্থবিত্তের মালিক হওয়ার সুযোগ সৃষ্টি করছে কি না।

প্রসঙ্গত, আরও সাম্প্রতিক সময়ের সংসদ নির্বাচনের প্রার্থীদের প্রদত্ত হলফনামার তথ্য থেকে ক্ষমতার সঙ্গে জাদুর কাঠির সম্পর্ক আরও সুস্পষ্টভাবে দৃশ্যমান, যা পরবর্তী লেখায় তুলে ধরা হবে। তাই আমাদের নির্বাচিত প্রতিনিধিদের জন্য নতুন ধরনের স্বচ্ছতা ও দায়বদ্ধতার কাঠামো সৃষ্টি করা আজ জরুরি হয়ে পড়েছে।

একই সঙ্গে জরুরি হয়ে পড়েছে আমাদের রাজনৈতিক দলগুলোর সংস্কার, বিশেষত তাদের গণতন্ত্রায়ণ ও প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে স্বচ্ছতা এবং মনোনয়ন-বাণিজ্য তথা টাকার অযাচিত প্রভাবের অবসান। আরও জরুরি হয়ে পড়েছে নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রার্থীদের প্রদত্ত হলফনামার ছকে পরিবর্তন এবং এতে প্রদত্ত তথ্যের পরিপূর্ণতা ও বিশ্বাসযোগ্যতা কঠোরভাবে যাচাই করার। হলফনামার ছকে ইতিমধ্যে পরিবর্তন এসেছে।

**ড. বদিউল আলম মজুমদার: সম্পাদক, সুজন-সুশাসনের জন্য নাগরিক।**

## হট ফ্লাশ নিয়ে ৫টি ভুল ধারণা

২৩ পৃষ্ঠার পর

চিকিৎসকের শরণাপন্নও হন এবং মেনোপজাল সিনড্রোম ও হট ফ্লাশের আধুনিক চিকিৎসাও বিদ্যমান। তাই ধারণা করা হয়, এখন এগুলো বেশি হচ্ছে। হঠাৎ গরম লাগা এবং কান, মুখ ও মাথা গরম হয়ে আসা, প্রচুর ঘাম, মুখ ও কান লাল হয়ে আসা হট ফ্লাশের লক্ষণ। হট ফ্লাশ কেবল মেনোপজের পরপর হয়, এ ধারণাও ভুল। কারণ, মেনোপজের কয়েক বছর আগে থেকেই ইস্ট্রোজেনের মাত্রা কমতে শুরু করে। তাই একটা বয়সের পর মাসিক চলাকালেও হট ফ্লাশ হতে পারে। একে বলে পেরিমেনোপজাল সিম্পটম। মেনোপজের পর প্রথম প্রথম হট ফ্লাশ হয়, পরে এমনিতেই সেরে যায়, এ ধারণাও ঠিক নয়। মেনোপজের ঠিক পরপর না হয়ে বেশ কয়েক বছর পরও শুরু হতে পারে উপসর্গ। আবার মেনোপজের আগে শুরু হয়ে ৫ থেকে ৭ বা ৮ বছর পর্যন্ত স্থায়ী হতে পারে উপসর্গগুলো। গবেষণা বলছে, মেনোপজের পর, এমনকি ১৫ বছর পর্যন্ত হট ফ্লাশের উপসর্গ দেখা দিতে পারে। কিছু প্রাকৃতিক দাওয়াই দিয়ে হট ফ্লাশ কমানো সম্ভবজনমাধ্যমে যোগাযোগমাধ্যমে নানা রকম প্রাকৃতিক ও হারবাল দাওয়াইয়ের প্রচারণা চলে হট ফ্লাশ কমানোর দাওয়াই হিসেবে। কালিজিরা, ফ্লাক্সসিড, সয়া, ইভনিং প্রিমরোজ ওয়েল, জিনসেং, এলাচি, অশ্বগন্ধাসহ আরও নানা কিছু বিক্রি হয় হট ফ্লাশের চিকিৎসা হিসেবে। এসব প্রাকৃতিক চিকিৎসায় হট ফ্লাশ কমে, এমন কোনো প্রমাণ গবেষণায় পাওয়া যায়নি। তবে স্বাস্থ্যকর জীবনধারা, নিয়মিত শরীরচর্চা বা যোগব্যায়াম, ডিপ ব্রিদিং এক্সারসাইজ, ঝুঁকি এড়িয়ে চলার মতো দৈনন্দিন চর্চায় উপকার মেলে।

হট ফ্লাশের চিকিৎসার দরকার নেই, এমনিতেই সেরে যাবে-এটিও ভুল ধারণা। কারণ, হট ফ্লাশের যথাযথ বিজ্ঞানভিত্তিক চিকিৎসা রয়েছে। হট ফ্লাশের উপসর্গ একজন নারীর ব্যক্তিগত ও কর্মজীবনকে দুরূহ করে তোলে। এ ছাড়া হট ফ্লাশের উপসর্গের সঙ্গে হৃদরোগের ঝুঁকি, হাড়ক্ষয়ের ঝুঁকি বা কগনিটিভ ইমপেয়ারমেন্টের সম্পর্ক রয়েছে। হট ফ্লাশ হলে সঠিক চিকিৎসার জন্য একজন হরমোন বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া উচিত।

**ডা. তানজিনা হোসেন, অধ্যাপক, এন্ডোক্রাইনোলজি বিভাগ, গ্রিন লাইফ মেডিকেল কলেজ।**

## দেওয়ালে মাথা ঠুকলেও দেওয়াল ভাঙবে না

১২ পৃষ্ঠার পর

করে পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশে দক্ষতা আনবে। কিন্তু মাত্র কয়েক বছরের অভিজ্ঞতায় দেখা গেল, ঢাকা বিশ্ববিদ্যালয় কাঙ্ক্ষিত দায়িত্ব পালন করতে পারেনি। এ পরিস্থিতিতে এসব কলেজের ছাত্ররা তাদের জন্য পৃথক এক বিশ্ববিদ্যালয় স্থাপনের আন্দোলন শুরু করল। বর্তমান সরকার আন্দোলনের চাপে পড়ে ৭ কলেজের জন্য বিশ্ববিদ্যালয় স্থাপনে সম্মত হলো। এমনকি এ বিশ্ববিদ্যালয়ের নামকরণ করা হলো সেন্ট্রাল ইউনিভার্সিটি। এখন পর্যন্ত এ বিশ্ববিদ্যালয়টির জন্য প্রয়োজনীয় আইন প্রণয়ন করা হয়নি। এসব কলেজের ছাত্ররা অতি সম্প্রতি ব্যাপকভাবে জড়ো হয়ে অবিলম্বে বিশ্ববিদ্যালয়টির জন্য আইন প্রণয়নে আলটিমেটাম দিয়েছে।

প্রশ্ন হলো, ঢাকার বুকে নতুন এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কারা হবেন। ৭ কলেজের পুরোনো শিক্ষকরাই কি এ কলেজের শিক্ষক হবেন? নতুন এ বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম ও সিলেবাস কি সনাতনী ধারায় চলতে থাকবে? তাই যদি হয়, ঢাকার বুকে নতুন এ বিশ্ববিদ্যালয় করে দেশ বা শিক্ষার্থীদের কোনো উপকার হবে না। নতুন এ বিশ্ববিদ্যালয় যদি যুগোপযোগী হয় এবং চাকরির বাজারের সঙ্গে সংগতিপূর্ণ সিলেবাস ও কারিকুলাম চালু করে, তাহলেই কেবল সময়ের চাহিদা কিছুটা হলেও পূরণ করা সম্ভব হতে পারে। তবে আমি মনে করি, এটুকুই যথেষ্ট নয়। দেশের অর্থনীতি যদি উচ্চ প্রবৃদ্ধি ও শিল্পায়নের দিকে অগ্রসর না হয়, তাহলে বেকারত্ব কিংবা অর্ধ-বেকারত্বের সমস্যার সুরাহা হবে না। বুঝতে হবে, দেশের কোনো একটি সেক্টরের সমস্যা অন্য সেক্টরের সমস্যাগুলোর সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত।

এবার মূল জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রসঙ্গে আসতে চাই। এ বিশ্ববিদ্যালয়ের সিলেবাস ও কারিকুলাম সনাতনী বিষয়গুলোর মধ্যেই আটকে আছে। ব্যতিক্রমী কিছু কোর্স চালু করা হলেও, সেগুলো প্রয়োজনীয় অবকাঠামো ও যোগ্য শিক্ষকের ঘাটতিতে পড়ে সংকটজনক অবস্থায় রয়েছে। রাজনৈতিক চাপে পড়ে বহু কলেজে অনার্স ও ডিগ্রি কোর্স চালু করা হলেও, সেসব কলেজে প্রয়োজনীয়সংখ্যক যোগ্য শিক্ষক নেই, নেই উন্নতমানের লাইব্রেরি কিংবা ল্যাবরেটরি। এমনসব কলেজের কথা শোনা যায়, যেখানে সারা বছর ক্লাস না করে কেবল প্রয়োজনীয় ফি পরিশোধ করে ফাইনাল পরীক্ষা দেওয়া যায়। এসব কলেজে শিক্ষার্থীদের হাজিরার কোনো বাধ্যবাধকতা নেই। ফলে এভাবে যারা অনার্স ও মাস্টার্স পাশ করেছে বা করছে, তারা আসলে এসব ডিগ্রি অর্জনের যোগ্যতা অর্জন করতে পারছে না। এক কথায় বলা যায়, জাতীয় সম্পদের ভয়াবহ অপচয় ঘটছে। সাম্প্রতিককালে কিছু গবেষকের কাছ থেকে জানতে পেরেছি, ছাত্রছাত্রীরা জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে ফ্রিল্যান্সিং করছে। এর ফলে তারা ভালো আয়ও করছে। ফ্রিল্যান্সিংয়ের কাজের সঙ্গে তাদের অর্জিত ডিগ্রির কোনো মিল নেই। ফ্রিল্যান্সিংয়ের কাজ করতে গিয়ে তাদেরকে এর জন্য প্রয়োজনীয় স্কিল বা দক্ষতা অতিরিক্তভাবে অর্জন করতে হচ্ছে। তাহলে দেখা যায় সাধারণ গ্র্যাজুয়েট হতে গিয়ে তারা যেটুকু জেনেছে, তা আর ফ্রিল্যান্সিংয়ের কাজে আসছে না। ফ্রিল্যান্সিং কাজের জন্য দক্ষতা অর্জন করতে এরা বাধ্য হচ্ছে। কারণ এর আগে তারা যতটুকু শিখেছে বা যা শিখেছে, তা চাকরির বাজারের জন্য উপযোগী নয়। আমি যতদূর জানি, জাতীয় বিশ্ববিদ্যালয় আর্থিক তহবিলের দিক থেকে খুবই সমৃদ্ধ। কারণ, এ বিশ্ববিদ্যালয়টি অধিভুক্ত কলেজ ও শিক্ষার্থীদের কাছ থেকে বিপুল অঙ্কের ফি পায়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিল সমৃদ্ধ থাকার ফলে শেখ হাসিনার সরকার এ তহবিল থেকে বাধ্যতামূলকভাবে বিশাল অঙ্কের টাকা কেটে নেয়। অথচ দীর্ঘদিন ধরে এ অর্থ এ বিশ্ববিদ্যালয়ের মানব সম্পদ উন্নয়নে ব্যবহৃত হয়নি। এ তহবিল দিয়ে উন্নত ডিগ্রিসম্পন্ন শিক্ষক পুল তৈরি করা সম্ভব ছিল। কিন্তু অতি হতাশার বিষয় হলো, কাজটি করতে দায়িত্বপ্রাপ্তরা এগিয়ে আসেননি। ইউজিসিও এ কাজে বাধা দিয়েছে। সুতরাং এদেশের শিক্ষাব্যবস্থা নিয়ে যত কম কথা বলা যায়, ততই শ্রেয়। এদেশে দেওয়ালে মাথা ঠোকালে মাথা কেটে যাবে, কিন্তু দেওয়ালের কিছু হবে না।

**ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।**


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# আল্লাহর দিকে ফিরে আসুন

মো. আবদুর রহমান

আল্লাহতায়ালা কোনো সম্প্রদায়ের ওপর হঠাৎ করে আজাব নাজিল করেন না। বিভিন্নভাবে প্রথমত বান্দাকে সতর্ক করেন। এরপরও যদি বান্দা গাফলতের ঘুম থেকে জাগ্রত না হয়, তখন আসমান থেকে ভয়াবহরূপে নেমে আসে আল্লাহর আজাব। তখন আর কিছু করার থাকে না। জেগে উঠলেও কোনো লাভ হয় না। দুনিয়াতে যত মসিবত আছে তার সবকিছুই আমাদের বদ আমলের ফল, আল্লাহতায়ালার পক্ষ থেকে আসমানি সতর্কবার্তা। আল্লাহ বলেন, 'যে বিপদ তোমাদের স্পর্শ করে তা তোমাদের কৃতকর্মের ফল এবং আল্লাহ (তোমাদের) অনেক অপরাধ ক্ষমা করে দেন।' (সুরা শুআরা : ৩০)।

আল্লাহতায়ালার আযাব বিভিন্নভাবে এসে থাকে। কখনও অভাব-অনটনরূপে, কখনও ঝগড়া-বিবাদরূপে, কখনও বিপদআপদ, দুঃখ-কষ্ট, রোগশোক, মামলা-মুকাদ্দামারূপে। আবার কখনও জালেম শাসক, দুর্ভিক্ষ, মহামারি ইত্যাদিরূপে। বান্দার গোনাহ যেমন অসংখ্য তেমনি আল্লাহতায়ালার শাস্তির রূপও বিভিন্ন। আজাবে ইলাহির সবচেয়ে ভয়াবহ রূপ হলো যখন তা নেয়ামতের আকৃতিতে আসে। কারণ এক্ষেত্রে অধিকাংশ মানুষই ভুল করে। আল্লাহর শাস্তিতে গ্রেপ্তার হওয়ার উপলব্ধিই তার থাকে না। আল্লাহতায়ালার অবাধ্য হওয়ার পরও কেউ যদি সম্মান, সম্পদ, সুস্থতা এবং পার্থিব মানমর্যাদা ভোগ করে তাহলে বুঝতে হবে সে মূলত নেয়ামতরূপে আগত আল্লাহর শাস্তিতে গ্রেপ্তার হয়ে আছে। এক্ষেত্রে যেহেতু আল্লাহতায়ালার অসন্তুষ্টির উপলব্ধি হৃদয়ে জাগ্রত থাকে না তাই তওবা না করে, অনুতপ্ত না হয়ে বান্দা অবাধ্যতা ও পাপাচারে আরও ডুবে থাকে। আল্লাহতায়ালার নিয়ম হলো, ব্যক্তিগত কর্মের এরপর ২৮ পৃষ্ঠায়



## স্বাবলম্বিতায় সুখ ও সফলতা

আজকাল ধর্ম ডেস্ক

'স্ব-অবলম্বন' থেকে 'স্বাবলম্বন' শব্দটি এসেছে। মানুষ যে মাটিতে আছাড় খায়, সেই মাটি ধরেই আবার সে উঠে দাঁড়ায়। এটাই স্বাবলম্বনের সহজ প্রকাশ। স্বাবলম্বী সেই ব্যক্তি, যে তার মেধা, যোগ্যতা- সর্বোপরি তার মহামূল্যবান মস্তিষ্কের ওপর আস্থা রাখে। অলৌকিকভাবে তাকে সাহায্য করা হবে, এমন অলিক কল্পনা সে করে না। নিজের দায়িত্ব সে নিজে নেয়। এমনকি আশপাশের দায়িত্বও সে নিয়ে নেয়। স্বাবলম্বী মানুষ শূন্য থেকে শুরু করে; কিন্তু ধাপে ধাপে তার কাজ পূর্ণতা পায়। ইসলামে স্বাবলম্বিতা বা আত্মনির্ভরশীলতাকে অত্যন্ত গুরুত্ববহ ও মর্যাদাপূর্ণ বলে গণ্য করা হয়। এটি কেবল জাগতিক বিষয় নয়, বরং ঈমানের অবিচ্ছেদ্য অংশ এবং আল্লাহর প্রতি বিশ্বাসের বহিঃপ্রকাশ।

স্বাবলম্বী জীবনই সফল জীবন : একবার ইন্টারভ্যু বোর্ডে এক লোক নোংরা পোশাক পরে এলো। ইন্টারভ্যুয়ার জিজ্ঞেস করলেন, 'আপনার পোশাক এত নোংরা কেন?' সে বলল, 'আমার কাজের ছেলেটা ছুটিতে আছে। আর আমার মা আমাকে শেখাননি যে, কীভাবে কাপড় পরিষ্কার করতে হয়!' যারা নিজের বিছানা নিজে গোছাতে পারে না, নিজে সময়মতো ঘুম থেকে জাগতে পারে না, নিজের জুতা ঠিক জায়গায় এরপর ২৮ পৃষ্ঠায়



## ইসলামে স্বনির্ভরতার ফলাফল



মুফতি মুহাম্মদ সিরাজুল ইসলাম

মানুষ সৃষ্টির সেরা ও শ্রেষ্ঠ জীব। এ শ্রেষ্ঠত্বকে অনেক সময় খামচে ধরে অভাব ও দারিদ্র। অভাব-অনটনে একদিকে যেমন বিবেক-বুদ্ধি ঢিলে হয়ে পড়ে, তেমনি ধীরে ধীরে দুর্বল হয় মনুষ্যত্ব ও মানবতা। ক্ষেত্র বিশেষে তা ধর্মকেও আক্রান্ত করে। ইসলাম মানুষকে স্বনির্ভর হতে উৎসাহ দেয়, বেকারত্ব ও অলসতাকে চরম ঘৃণাভরে দেখে। শ্রমজীবী মানুষকে সাহায্যের জন্য অন্যের দুয়ারে দুয়ারে ঘুরতে হয় না। শক্তি-মেধায় কর্মক্ষম ও স্বাবলম্বী ব্যক্তি অন্ন, বস্ত্র, বাসস্থান তথা মৌলিক চাহিদাগুলো পূরণ করতে সক্ষম হয় সহজেই। সে কখনও অন্যের বোঝা হয় না। বরং কর্মে-সৃজনে বিকশিত হয়ে চারপাশকে হাসিয়ে তোলে। দানে-বিসর্জনে পাশে দাঁড়ায় দুস্থ মানবতার।

অমুখাপেক্ষিতায় মোমিনের মর্যাদা : ইসলামের অপরাজেয় কৃতিত্ব হচ্ছে, পরকালের আলোকিত পথের যেভাবে সন্ধান দেয়, তেমনি পার্থিব জীবনকে সুখময় করতেও উৎসাহিত করে। ধর্মের আলো শুধু আত্মাকেই বিমল করে না, বাইরের জীবনেও এনে দেয় প্রশান্তির স্নিগ্ধ ছোঁয়া। ইসলাম পরনির্ভরশীলতা ও বঞ্চনার জীবনকে আশীর্বাদ হিসেবে দেখেনি কখনও। সাহল ইবনে সাদ (রা.) বর্ণনা করেন, জিবরাইল (আ.) রাসুল (সা.)-এর কাছে নিবেদন করলেন, 'হে মুহাম্মদ! আপনি যতদিন খুশি পৃথিবীতে জীবনযাপন করুন, তবে একদিন আপনি মৃত্যুবরণ করবেন। আপনি যা ইচ্ছে করুন, তবে আপনি তার প্রতিদান পাবেন। আপনি যাকে খুশি ভালোবাসুন, তবে একদিন তার থেকে আলাদা হয়ে যাবেন। জেনে রাখুন, মোমিন বান্দার মর্যাদা রাত্রি জাগরণে (তাহাজ্জুদে)। আর তার সম্মান মানুষ থেকে অমুখাপেক্ষিতায়।' (সুনানে বায়হাকি : এরপর ২৮ পৃষ্ঠায়



## নিয়ত করার পদ্ধতি

আজকাল ধর্ম ডেস্ক

নিয়তের স্থান হলো কলব বা অন্তর, যা শুধু আল্লাহতায়ালাই জানেন। নিয়ত অন্তরের কাজ, মুখের নয়। তাই সালাতের শুরুতে 'নাওয়াইতু আন উসল্লিয়া.., সাওম পালনের জন্য নাওয়াইতু আন আসুমা' এমন করে মৌখিক নিয়ত করবে না। মুখে উচ্চারণ করে নিয়ত করা বিদআত। কারণ, নিয়তের স্থান অন্তরে, নিয়ত করাও অন্তরের কাজ; মুখের কাজ নয়। মৌখিক নিয়তের মাঝে রিয়া বা লৌকিকতার আশঙ্কা রয়েছে।

রাসুলুল্লাহ (সা.) মুখে উচ্চারণ করে নিয়ত করেছেন বলে প্রমাণ পাওয়া যায় না। হ্যাঁ, এক হাদিসে রাসুলুল্লাহ (সা.) থেকে বর্ণিত, তিনি বিদায় হজে ইহরাম বাঁধার সময় বলেছিলেন, আমি হজ ও উমরাহর উদ্দেশ্যে তালবিয়া পাঠ করছি। (মুসলিম : ১২৫১)। এই কথাটি বাহ্যত নিয়তের উদ্দেশ্যে বলা হয়েছে মনে হলেও এটি কোনো মৌখিক নিয়ত নয়। কারণ, এই বাক্যে 'নিয়ত' শব্দের উচ্চারণ করা হয়নি, হয়েছে নিয়তকৃত ইবাদতের উচ্চারণ। কেননা, ইহরামের পরে একাধিক ধরনের ইবাদত করা যেতে এরপর ৪০ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City ডিসেম্বর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 12 | 5:49 | 7:11 | 11:50 | 2:11 | 4:29 | 5:51 |
| 13 | 5:50 | 7:12 | 11:50 | 2:11 | 4:29 | 5:51 |
| 14 | 5:50 | 7:12 | 11:51 | 2:12 | 4:29 | 5:51 |
| 15 | 5:51 | 7:13 | 11:51 | 2:12 | 4:30 | 5:52 |
| 16 | 5:52 | 7:14 | 11:52 | 2:12 | 4:30 | 5:52 |
| 17 | 5:52 | 7:14 | 11:52 | 2:13 | 4:30 | 5:52 |
| 18 | 5:53 | 7:15 | 11:53 | 2:13 | 4:31 | 5:53 |

source: salahtimes.com

# Street vendors, including Queens cohort, rally at City Hall for increased number of licenses

Continued on page 19

"The Council remains committed to ensuring sound policies and best practices that support street vendors and our local economy," a Council spokesperson said.

"Consistent with the Council's legislative process, Int. 431 was amended after extensive engagement with stakeholders to further advance its consideration. Along with other street vending bills, it continues to move through the legislative process, which is deliberative and allows for public input."

The Health Department stated in October that it has issued permits to 1,107 vendors since the introduction of Local Law 445 in 2022, which mandated that the city must make up to 445 permits available annually. The Health Department said it has made 4,822 permits available since the introduction of the law, more than double than what is legally required.

However, supporters of the legislation argued that the city is issuing permits in "name only," stating that the waitlist for permits remains closed to new vendors. They also said the law is "not sufficient" to cope with the extensive wait list, which stood above 10,000 in 2024.

The Urban Justice Center, which oversees the Street Vendor Project, said most of the city's 23,000 vendors are prohibited from obtaining a license due to a "decades-old" cap on the number of permits in circulation within New York City. Urban Justice Center added that only one-quarter of that number have been able to obtain a permit, leaving thousands of vendors without formal recognition and subject to fines.

Menin, who is the apparent victor in the race for Council Speaker and would be set to take over on Jan. 1, said it is "very important" that the bill gets over the finish line, adding that vendors are currently forced to wait "years and years and years" to obtain a license. Menin praised Sanchez for working with a broad range of stakeholders and small business owners to amend the legislation.

Menin, who was one of the most recent lawmakers to co-sponsor the legislation, said she is "very proud" to support it.

Sanchez said it is a "good sign" that the incoming Council Speaker is supporting the bill but added that it is imperative that the bill passes before Adams leaves office at the end of the year. Failing to pass the bill by the end of the legislative session would require another lengthy hearing and negotiating process, indefinitely delaying the bill, Sanchez said.

A number of small business advocates also touted the significance of the legislation, including Ben Guttmann, executive director of the Queens Economic Development Corporation (QEDC).

Guttmann said QEDC has surveyed vendors in Corona Plaza and the nearby Jackson Heights, reporting that 79% of vendors have lost revenue in the last year. Of those vendors, 84% have reported a loss of over $1,000, Guttmann added, pointing to uncertainty surrounding licenses and fears over ICE raids.

He said the legislation would remove some of the uncertainty facing vendors by addressing some of their fears. Although the legislation would not ease fears surrounding immigration enforcement, it would address concerns surrounding local law enforcement, Guttmann said, removing some of the uncertainty facing vendors.

He said vendors play an integral role in the Queens economy, making the borough's food scene the envy of the rest of the city.

"There are thousands of street vendors who call Queens home, and they are the type of entrepreneurs that make our neighborhoods the envy of the world," Guttmann said. "They add eyes on the street, which make it a safer and more family friendly place to be. They make some of the most delicious, amazing food, which makes our neighborhoods the world class tourist destinations.

"These proposed reforms are the kind of things that will help them fully realize the American dream."

Guttmann described the legislation as a "win-win" for vendors and brick-and-mortar businesses by placing vendors in a more regulated environment while also providing more access to licenses.

"I think vendors bring more street life to an area, which ultimately creates a rising tide for brick-and-mortars."

Rosario, who operates a food cart in Corona Plaza and declined to give her full name, said she has seen many vendors in the area have their merchandise or food confiscated or destroyed by local law enforcement.

"It has a very strong impact because people lose their merchandise and lose their way to support themselves and pay their bills," Rosario said. "I've seen people crying. It's very ugly to see."

She added that the legislation would improve food safety in carts and food trucks across the city by ensuring that all licensed vendors are in compliance with city regulations. (Source-QNS,By Shane O'Brien )

# Rana Abdelhamid officially launches campaign to replace Mamdani in Queens Assembly District 36

Continued on page 19

community land trusts if she is elected to Albany.

Abdelhamid further vowed to invest in community safety and youth programming, including afterschool care, mental health supports and culturally-grounded community services.

She said investing in community programs and advocating for tenant protections would help working-class residents remain in the district at a time of rising costs and gentrification.

"People who want to raise their families here don't have a choice," she said. "They have to leave because they can't afford to be here."

Abdelhamid was joined by a number of prominent community leaders at her kickoff event, including Community Board 1 Chair Evie Hantzopoulos and Community Education Council 30 co-President Whitney Toussaint.

Hantzopolous praised Abdelhamid for organizing "across cultures, across religions, across ethnic backgrounds and across communities."

Hantzopolous further touted Abdelhamid's efforts fighting against the Innovation QNS housing development, a $2 billion project that planned to create 3,200 new housing units along with retail space and community facilities near Kaufman Studios in Astoria.

The project, which attracted significant controversy, was recently shelved by developers.

Hantzopolous said Abdelhamid would fight for "truly affordable housing" in Albany and not luxury developments that displace residents from the district. She also pointed to Abdelhamid's work advocating for the immigrant community across the district and New York City.

"I just admire the work that Rana has done with the migrant community, making sure they are feeling welcomed in this community," Hantzopolous said.

Toussaint, meanwhile, described Abdelhamid as a "blessing" for the local community and spoke of her efforts to teach self-defense in schools across the district.

"Rana is always thinking about engaging people and making sure she's working with all of us," Toussaint said.

Toussaint also spoke at the event. Photo by Shane O'Brien.

Abdelhamid faces competition for the soon-to-be-vacant District 36 seat, however, after Diana Moreno, former co-chair of the Queens chapter of the Democratic Socialists of America (DSA), launched her campaign earlier in November.

Abdelhamid, who is also a DSA member, had sought the party's endorsement, but party leaders recruited Moreno to run for the seat.

Moreno received 96% of the vote at a recent DSA endorsement forum and it will now fall to the Queens chapter of the organization to determine if she receives the party's official endorsement. Mary Jobaida, another DSA member, has also filed to run for the seat.

Abdelhamid said she respects the DSA's decision but said she has built up a cross-coalition of support and said she would set herself apart from ideologically similar candidates through the work she has done for the community over the past two decades.

"Whether it's tenant organizing, whether it's people organizing around food and immigration, I have those relationships," she said. **(Source-QNS)**

# Mexico's Bullied Pageant Contestant Gets payback by Capturing Miss Universe Crown

Continued on page 18

me dumb," an unbowed Bosch told Thai reporters. "If it takes away your dignity, you need to go."




Nawat insisted that he did not call her "dumb." The Miss Universe Organization president, Mexican businessman Raúl Rocha Cantú, released a statement condemning Nawat's conduct as "public aggression" and "serious abuse." Even Mexico's first woman president, Claudia Sheinbaum, piled on, saying at a news conference in her country's capital that she wanted to give "recognition" to Miss Mexico for voicing her disagreement in a "dignified" way.

"It seems to me that it is an example of how women should raise our voices," Sheinbaum said.

Sheinbaum recalled being told in the past that "women look more beautiful when they keep quiet."

"We women look more beautiful when we raise our voice and participate, because that has to do with the recognition of our rights," she said. Nawat later apologized for his actions, appearing both tearful and defiant at the same time. "If anyone (was) affected and not comfortable it happened, I am so sorry," he said in front of the contestants. He then turned to them and said "It's passed. OK? Are you happy?"

Bosch's official Miss Universe biography says she studied fashion in Mexico and Italy and has focused on creating sustainable designs and working with discarded materials. It says she has volunteered with sick children, promoted environmental awareness and engaged in supported migrants and mental health issues.

This year's competition also saw a report that two judges had quit, with one of them suggesting that there was an element of rigging to the contest. The allegation was denied. Separately, Thai police investigated the alleged illegal promotion of online casinos as part of the event's publicity. Miss Japan Kaori Hashimoto competes during the final round of the 74th Miss Universe Beauty Pageant in Nonthaburi province, Thailand, Friday, Nov. 21, 2025. (AP Photo/Sakchai Lalit)

Mishaps and controversies are not rare for the pageant. The 2021 event attracted criticism because it was held in Israel, to the dismay of supporters of the Palestinian cause. An example of a minor misstep — literally — occurred Wednesday when Miss Universe Jamaica, Gabrielle Henry, fell off the stage during the evening gown competition. She was not badly hurt.




# The 2026 World Cup tournament schedule announced

Continued on page 18

- IC path 1 winner vs Uzbekistan, Atlanta

Group J

Here are the Group J teams and fixtures:

- 16 June, 9pm: Argentina vs Algeria, Kansas City
- 16 June, midnight: Austria vs Jordan, San Francisco
- 22 June, 1pm: Argentina vs Austria, Dallas
- 22 June, 11pm: Jordan vs Algeria, San Francisco
- 27 June, 10pm: Algeria vs Austria, Kansas City
- 27 June, 10pm: Jordan vs Argentina, Dallas

Group I

Here are the Group I teams and fixtures:

- 16 June, 3pm: France vs Senegal, NY/NJ
- 16 June, 6pm: IC Path 2 winner vs Norway, Boston
- 22 June, 5pm: France vs IC path 2 winner, Philadelphia
- 22 June, 8pm: Norway vs Senegal, NY/NJ
- 26 June, 3pm: Norway vs France, Boston
- 26 June, 3pm: Senegal vs IC path 2 winner, Toronto

Group H

Here are the Group H teams and fixtures:

- 15 June, 12pm: Spain vs Cape Verde, Atlanta
- 15 June, 6pm: Saudi Arabia vs Uruguay, Miami
- 21 June, 12pm: Spain vs Saudi Arabia, Atlanta
- 21 June, 6pm: Uruguay vs Cape Verde, Miami
- 26 June, 8pm: Cape Verde vs Saudi Arabia, Houston
- 26 June, 8pm: Uruguay vs Spain, Guadalajara

Group G

Here are the Group G teams and fixtures:

- 15 June, 9pm: Iran vs New Zealand, L.A.
- 15 June, 3pm: Belgium vs Egypt, Seattle
- 21 June, 3pm: Belgium vs Iran, L.A.
- 21 June, 9pm: New Zealand vs Egypt, Vancouver
- 26 June, 11pm: Egypt vs Iran, Seattle
- 26 June, 11pm: New Zealand vs Belgium, Vancouver

Group F

Here are the Group F teams and fixtures:

- 14 June, 4pm: Netherlands vs Japan, Dallas
- 14 June, 10pm: UEFA path B winner vs Tunisia, Monterrey
- 20 June, 1pm: Netherlands vs UEFA path B winner, Houston
- 20 June, midnight: Tunisia vs Japan, Monterrey
- 25 June, 7pm: Japan vs UEFA path B winner, Dallas
- 25 June, 7pm: Tunisia vs Netherlands, Kansas City

Group E

Here are the Group E teams and fixtures:

- 14 June, 1pm: Germany vs Curacao, Houston
- 14 June, 7pm: Ivory Coast vs Ecuador, Philadelphia
- 20 June, 4pm: Germany vs Ivory Coast, Toronto
- 20 June, 8pm: Ecuador vs Curacao, Kansas City
- 25 June, 4pm: Ecuador vs Germany, NY/NJ
- 25 June, 4pm: Curacao vs Ivory Coast, Philadelphia

Group D

Here are the Group D teams and fixtures:

- 12 June, 9pm: USA vs Paraguay, L.A.
- 13 June, midnight: Australia vs UEFA path C winner, Vancouver
- 19 June, midnight: UEFA path C winner vs Paraguay, San Francisco
- 19 June, 3pm: USA vs Australia, Seattle
- 25 June, 10pm: UEFA path C winner vs USA, L.A.
- 25 June, 10pm: Paraguay vs Australia, San Francisco

Group C

Here are the Group C teams and fixtures:

- 13 June, 6pm: Brazil vs Morocco, NY/NJ
- 13 June, 9pm: Haiti vs Scotland, Boston
- 19 June, 6pm: Scotland vs Morocco, Boston
- 19 June, 9pm: Brazil vs Haiti, Philadelphia
- 24 June, 6pm: Scotland vs Brazil, Miami
- 24 June, 6pm: Morocco vs Haiti, Atlanta

Group B

Here are the Group B teams and fixtures:

- 12 June, 3pm: Canada vs UEFA path A winner, Toronto
- 13 June, 3pm: Qatar vs Switzerland, San Francisco
- 18 June, 3pm: Switzerland vs UEFA path A winner, L.A.
- 18 June, 6pm: Canada vs Qatar, Vancouver
- 24 June, 3pm: Switzerland vs Canada, Vancouver
- 24 June, 3pm: UEFA path A winner vs Qatar, Seattle

Group A

Here are the Group A teams and fixtures:

- 11 June, 3pm: Mexico vs South Africa, Mexico City
- 11 June, 10pm: South Korea vs UEFA path D winner, Guadalajara
- 18 June, 12pm: UEFA path D winner vs South Africa, Atlanta
- 18 June, 9pm: Mexico vs South Korea, Guadalajara
- 24 June, 9pm: UEFA path D winner vs Mexico, Mexico City
- 24 June, 9pm: South Africa vs South Korea, Monterrey

## দেশনেত্রীর প্রতিক্ষায় বাংলাদেশ

১০ পৃষ্ঠার পর

আমি দেশের বাহিরে যাবো না। তিনি সেদিন হাঁসি মুখে কারাজীবনকে বেছে নিয়েছিলেন। তবুও অন্যায়ের সাথে আপোষ করেননি। স্বৈরাচারী এরশাদের পতনের পর ১৯৯১ সালে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে বেগম খালেদা জিয়া'র নেতৃত্বে বিএনপি বিজয়ী হয় এবং তিনি দেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী নির্বাচিত হন। তিনি ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে দেশে বহুদলীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, নারীর ক্ষমতায়ন, মুক্তবাজার অর্থনীতি প্রবর্তনসহ দেশের সামগ্রিক উন্নয়ন বহুবিধ কর্মসূচী গ্রহণ করেছিলেন। ১৯৯৬ সালের নির্বাচনে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব না পেলেও তিনি বিরোধী দলের নেতা হিসেবে সংসদ ও রাজপথে সমানতালে লড়াই চালিয়ে যান। ২০০১ সালে খালেদা জিয়া পুনরায় ক্ষমতায় এসে জঙ্গিবাদ দমন, সড়ক অবকাঠামো উন্নয়ন এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান শক্তিশালী করতে পদক্ষেপ নেন। তিনিই দেশে প্রথম মাধ্যমিক শ্রেনী পর্যন্ত ফ্রী নারী শিক্ষা চালু করেন। মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় ও প্রবাসী কল্যাণ নামে দুটি স্বতন্ত্র মন্ত্রনালয় চালু করেন।আইন শৃঙ্খলা নিয়ন্ত্রনে র‍্যাব প্রতিষ্ঠা করেন। তার সময় দেশে প্রথম সেলুলার ফোন চালু হয়। প্রাইভেট বেসরকারী টিভি চ্যানেল প্রতিষ্ঠার উদ্যোগ তার সরকারের সুচিন্তিত সিদ্ধান্তের ফসল। তিনি দেশের কল্যাণে এমন অনেক কাজ করে গেছেন সে জন্য জাতি তাঁকে চিরকাল স্মরণ করবে। দেশনেত্রী বেগম খালেদা জিয়া আবার সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসুন এটাই দেশবাসীর প্রার্থনা কামনা। সুস্থ হয়ে উঠুন দেশনেত্রী। আপনার প্রতিক্ষায় বাংলাদেশ।

লেখক : কলামিষ্ট ও কমিউনিটি অ্যাকটিভিস্ট, নিউইয়র্ক।

## নিকোলের খুঁটির জোর

৭ পৃষ্ঠার পর

নিজের পেশার মাধ্যমে সম্পন্ন করেন। সাংবাদিকতা হলো সত্যের অনুসন্ধান, ক্ষমতার মুখোশ খুলে দেয়া, নাগরিককে তথ্যসমৃদ্ধ রাখা-প্রচার চালানোর মঞ্চ নয়। নিকোল সেই সীমানা বহু আগেই পেরিয়ে গেছেন।

আজ যারা সমালোচনা করছেন, তারা কেউ বলেন-নিকোলের আসল চরিত্র আর লুকানো নেই। কিন্তু সত্যিটা আরও সহজ-ওর কিছুই লুকানো নেই। ওর অবস্থান প্রকাশ্য। ওর সম্পর্ক প্রকাশ্য। ওর রাজনৈতিক পক্ষপাত সবসময়ই প্রকাশ্য ছিল। যেটা লুকানো থাকে সেটি হলো ন্যায়-নীতি, সাংবাদিকতার আদর্শ, এবং ক্ষমতার বিরুদ্ধে সত্য বলার সাহস। সেই অনুপস্থিতিটাই ভয়ানক।

নিকোলের গল্প আসলে নিকোলের গল্প নয়-এটি বাংলাদেশের মিডিয়ার ভেতরকার কাঠামোগত অসুস্থতার প্রতিচ্ছবি। যেখানে ক্ষমতা আপনাকে ঢেকে রাখে, নৈতিকতা নয়; যেখানে সম্পর্ক আপনাকে রক্ষা করে, যেকোনো অপরাধ নয়; যেখানে সাংবাদিকতা হয় না-হয় দলীয় প্রচার। নিকোল কেবল একজন মুখ-পেছনে আছে পুরো একটি অসচ্ছ, দুর্বল, পক্ষপাতদুষ্ট, ক্ষমতাবানদের প্রতি অনুগত মিডিয়া সিস্টেম।

এখানেই ফ্যাসিজম নরমাল হয়-ধীরে, নীরবে, পর্দার আলোতে।

লেখক: সম্পাদক, জাগো বার্তা ডট কম।







## সোচ্চারিত 'প্রমিত উচ্চারণের ভেতর' সামান্য বীক্ষণ

১৬ পৃষ্ঠার পর

তা বিরক্তিকর লাগবেই আমাদের কাছে যা করেছেন তারুতের নুরুজ্জামান এ আর রহমান। বিষয়টি নিয়ে অধিকাংশ পাঠকই একমত হবেন। 'কবি অসীম সাহার ভুল উক্তি' লিখতে গিয়ে লেখক তার ব্যক্তিগত মতামত তুলে ধরেছেন যা রুচিসম্মত শিক্ষিত মানুষই স্বীকার করবেন। নৈতিক সাহিত্য প্রবন্ধটি যখন পড়ি মনে হল যেন আমার কাছে বিশ্বের দুয়ার খুলে যায়। কাজী জহিরুল ইসলাম এই সামান্য কয়েকটি পৃষ্ঠায় সভ্য বিশ্বের শুরু মেসোপটেমিয়া থেকে শুরু করে তাওরাত, যবুর, বাইবেল অর্থাৎ ইঞ্জিল অতঃপর কুরআনের বিবর্তনের ইতিহাসের পথচলা যে সুন্দরভাবে তুলে ধরতে পেরেছেন তাতে তার বিজ্ঞতাকেই শংসা করতে হয়। শুধু তাই নয় ঊনিশ শতকের শ্রেষ্ঠ জর্মন দার্শনিক নিৎশে যিনি যাবতীয় কৃত্রিম প্রগতি ও উন্নতির বিরুদ্ধে গিয়ে বললেন, ঈশ্বর মৃত- সে মতবাদটিকেও আলোচনায় আনলেন, তা আমাদেরকেও বিজ্ঞতার আলো দিলেন। বাংলা কবিতা- পঞ্চাশের প্রিজম-এ তিনি বিংশ শতকের পঞ্চাশের দশকের উভয় বাংলার প্রতিনিধিত্বকারী কবিদের নিয়ে যে তুলনামূলক আলোচনা করেছেন, তা পাঠকদের অনেকটা কৌতূহল নিবৃত্ত করতে সক্ষম হবে। 'কবিতা-ভ্রমণ, কানেক্টিকাট' আমাদের সামনে অন্য এক দুয়ার খুলে দেয়। মনে হয় আমরা আছি, আমরা সর্বত্র আছি। যুক্তরাষ্ট্রের কানেক্টিকাট অঙ্গরাজ্যের হুইটন লাইব্রেরিতে কবিতা পাঠ করতে গিয়ে কবি ও সর্বস্তুক যে বিশাল এক বিশ্ব আমাদের সামনে তুলে ধরেন, তা সত্যিই আমাদের বিস্মিত করে। কেবলি মনে হতে থাকে দেশের বাইরেও বাংলাদেশ আছে। বিশ্বের, বিভিন্নভাষী কবিদের, সাহিত্যপ্রেমীদের কাছে বুঝিবা সমগ্র বিশ্বটাই একটি নান্দনিক কানন। আর বাংলাদেশের বাইরেও যে বাংলাদেশ আছে কাজী জহিরুল ইসলামের প্রমিত উচ্চারণের ভেতর পাঠে তা আমাদের মনে হতে থাকে।

লেখক: সাংবাদিক, প্রাবন্ধিক।

## ইসলামে স্বনির্ভরতার ফলাফল

২৫ পৃষ্ঠার পর

১০৫৪১)।

**অভাবে স্বভাব নষ্ট :** অভাবের কারণে মানুষ ধর্মান্তরিত হতেও কুণ্ঠিত হয় না। চিরস্থায়ী জাহান্নামকে গ্রহণ করতেও দ্বিধাবোধ করে না। এর বাস্তব চিত্র উত্তরবঙ্গে প্রকটভাবে দেখা যাচ্ছে। খ্রিষ্টান মিশনারিরা সরলমনা মুসলমানদের অভাবের সুযোগ নিয়ে সাত রাজার ধনের চেয়েও মূল্যবান ঈমান হরণ করছে। হাজারো মানুষকে খ্রিষ্টান বানাচ্ছে। সেখানকার দারিদ্র্যের কশাঘাতে জর্জরিত মুসলমানদের অবস্থা অনেকটা এমন, 'অভাব যখন দরজায় এসে দাঁড়ায়, কুফরি তখন জানালায় আহ্বান জানায়।' অভাবের যাতাকলে নিষ্পেষিত মানুষের ঈমান ঝুঁকিপূর্ণ হয়ে পড়ে। নষ্ট হয়ে যায় স্বভাব-চরিত্র। হারিয়ে ফেলে নিজের মর্যাদা, স্বকীয়তা, ঐতিহ্য। তাই তো রাসুল (সা.) বলেন, 'অভাব অনেক সময় কুফরির দিকে ঠেলে দেয়।' (মুজামুল আওসাত : ৪০৪৪)। **মোমিন কারও কাছে হাত পাতবে না :** ইসলামের অনুপম শিক্ষা হলো, মুসলমান শুধু আল্লাহরই মুখাপেক্ষী হবে। ছোট-বড় যে কোনো প্রয়োজনে তাঁরই সাহায্য প্রার্থনা করবে। রাব্বুল আলামিন ছাড়া অন্য কারও কাছে হাত পেতে নিজেকে লাঞ্ছিত করবে না। অপদস্থ করবে না নিজের মর্যাদা ও শ্রেষ্ঠত্বের মুকুটকে। আবদুর রহমান ইবনে আউফ (রা.) বলেন, আমরা রাসুল (সা.)-এর কাছে নয়জন, আটজন কিংবা সাতজন ছিলাম। তিনি আমাদের বললেন, 'তোমরা কি আল্লাহর রাসুলের হাতে বাইয়াত গ্রহণ করবে না?' অথচ আমরা মাত্রই আকাবায় বাইয়াত গ্রহণ করেছি। তাই বললাম, 'ইয়া রাসুলাল্লাহ! আমরা তো আপনার হাতে বাইয়াত গ্রহণ করেছি।' তিনি আবার বললেন, 'তোমরা কি আল্লাহর রাসুলের হাতে বাইয়াত গ্রহণ করবে না?' আমরা তখন হাত বাড়িয়ে বললাম, 'ইয়া রাসুলাল্লাহ! আমরা তো বাইয়াত গ্রহণ করেছি। এখন আবার কীসের বাইয়াত গ্রহণ করব?' বললেন, 'এই মর্মে শপথ নাও, শুধু আল্লাহর ইবাদত করবে। তাঁর সঙ্গে কাউকে শরিক করবে না। পাঁচ ওয়াক্ত নামাজ পড়বে। আমিরের কথা মেনে চলবে।' তারপর তিনি নিচুস্বরে একটি গোপন কথা বললেন, 'আর মানুষের কাছে কিছু চাইবে না।' বর্ণনাকারী বলেন, 'আমি সেখানে উপস্থিতিদের মধ্যে কাউকে দেখেছি, তাদের হাতের ছড়িটি পড়ে গেলেও কাউকে তুলে দিতে বলতেন না।' (রিয়াদুস সালেহিন : ৫৩৪)।

## ডিপোর্টেড এক বাংলাদেশির করুণ অভিজ্ঞতা

১ পৃষ্ঠার পর

বাথরুমেও যেতে দেয়নি।'

বিবিসি বাংলাকে এভাবেই নিজের অমানবিক অভিজ্ঞতার বর্ণনা দিচ্ছিলেন সম্প্রতি যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো বাংলাদেশি নাগরিক জয়নাল আহমেদ (নাম প্রকাশে অনিচ্ছুক থাকায় ছদ্মনাম ব্যবহার করা হয়েছে)।

আহমেদ জানান, পাঁচ বছর আগে ভিজিট ভিসায় বলিভিয়ায় গিয়ে আর দেশে ফেরেননি তিনি। সেখান থেকে দালালের মাধ্যমে প্রায় ছয় মাসের চেষ্টায় পেরু, ইকুয়েডর, মেক্সিকো হয়ে বৈধ কাগজপত্র ছাড়াই ঢোকেন যুক্তরাষ্ট্রে। পরিচিত জনদের বাসায় আশ্রয় নিয়ে তখন থেকেই বৈধ হওয়ার চেষ্টা করতে থাকেন। 'ওই সময় পরিস্থিতি অনুকূলে ছিল। থেকে যাওয়ার প্রক্রিয়াটিও খুব ইজি ছিল। বাইডেনের সময় এটা অনেকেই করেছেন,' বলেন মি. আহমেদ। যুক্তরাষ্ট্রে গিয়ে গত পাঁচ বছরে সেখানকার বৈধ কাগজপত্র পাওয়ার চেষ্টা করেছেন তিনি। তবে, রাজনৈতিক আশ্রয়ের আবেদন কিংবা তিনবার ওয়ার্ক পারমিটের আবেদন করেও কাজ হয়নি। আহমেদ অভিযোগ করেন, অ্যাটর্নি পরিচয় দিয়ে আইনি সহায়তার নামে সেখানেও বাঙালিদের কাছ থেকে অর্থ হাতিয়ে নেওয়ার একটি চক্র তৈরি হয়েছে। তিনি বলেন, তার ক্ষেত্রে অবশ্য সংকটের শুরুটা হয় যুক্তরাষ্ট্রের সরকার পরিবর্তনের পর। অবৈধভাবে দেশটিতে থাকা অন্য সবার মতো বিপদে পড়েন। বৈধ কাগজপত্র না থাকায় ছয় মাস আগে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে গ্রেফতার হন আহমেদ। সেখান থেকে তাকে বাফেলোর একটি ডিটেনশন সেন্টারে নেওয়া হয় তাকে। এরপর জায়গা বদলে সে সহ আরো কয়েকজনকে হাতে পায়ে শেকল পরিয়ে নেওয়া হয় লুইসিয়ানার আরেকটি কারাগারে।

## নিউইয়র্কে এফবিআই, হোমল্যান্ড সিকিউরিটি, আইআরএস'র যৌথ টাস্কফোর্স

১ পৃষ্ঠার পর

স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে এই গুরুত্বপূর্ণ সহযোগিতার লক্ষ্য হল অপরাধিদের ব্যাপারে যাতে দ্রুত ব্যবস্থা নেয়া যায়। টাস্ক ফোর্স, যা হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশন (এইচএসআই) এবং এফবিআই-এর সহ-নেতৃত্বে, বিদেশী সন্ত্রাসী থেকে শুরু করে নিউইয়র্ক অঞ্চলে সক্রিয় মাদক চক্র পর্যন্ত এবং মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে বিস্তৃতভাবে অপরাধমূলক ঘটনাকে ঘিরে কাজ শুরু করা হবে। এইচএস অ্যাটর্নি জে ক্লেটন ইউএস অ্যাটর্নি 'স অফিস থেকে প্রাপ্ত এক বিবৃতিতে বলেন, অন্যদের মধ্যে সহিংস গ্যাং, মাদক পাচারকারী এবং আন্তর্জাতিক মাদক পাচারকারীদের নির্মূল করার জন্য সংস্থার প্রতিশ্রুতি তুলে ধরে।

এফবিআই-এর অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর ইন চার্জ ক্রিস্টোফার জি রায়ার এক বিবৃতিতে বলেন, টাস্কফোর্সটি সন্ত্রাসবাদী উদ্যোগগুলি ধ্বংস করতে এবং গুরুত্বপূর্ণ পরিকাঠামো রক্ষার জন্য যুক্তরাষ্ট্রীয় সংস্থাগুলি কাজে লাগানোর দিকে মনোনিবেশ করবে। নিউইয়র্ক ফিল্ড অফিস অব হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনের দায়িত্বে থাকা বিশেষ প্রতিনিধি রিকি জে প্যাটেল তার বিবৃতিতে সমন্বিত তদন্তের মূল্যের ওপর জোর দিয়েছিলেন যা আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে দেশীয় এবং আন্তর্জাতিক উভয় ক্ষেত্রেই আরও কার্যকরভাবে কাজ করার ইঙ্গিত দিচ্ছে।

## আল্লাহর দিকে ফিরে আসুন

২৫ পৃষ্ঠার পর

প্রতিদান ও শাস্তি ব্যক্তিগতভাবেই দিয়ে থাকেন। কিন্তু যখন গোটা সমাজ কিংবা সমাজের অধিকাংশ লোক নৈতিক অধঃপতন ও চারিত্রিক অবক্ষয়ের শিকার হয়, তখন গোটা সমাজের ওপর নেমে আসে খোদায়ী গজব। দু-চারজন লোক যদি তখন ভালো থাকে; কিন্তু পতনোন্মুখ সমাজের লাগাম টেনে ধরে ধ্বংসের গহ্বর থেকে তাদের উদ্ধার করে কল্যাণ ও আলোর পথ দেখানোর কোনো চেষ্টা না করে তাহলে তারাও সে গজব থেকে নিস্তার পায় না। বিষয়গুলো সামনে রেখে আসুন আমরা আমাদের সমাজকে একটু পর্যবেক্ষণ করি। নিঃসন্দেহে আমরা দেশের ও দেশের উন্নয়নের জন্য অনেক শিল্প-কারখানা বানিয়েছি। আকাশচুম্বি বিলাসবহুল দালান গড়ে তুলেছি। সড়ক, জলপথ ও আন্তর্জাতিক যোগাযোগ-ব্যবস্থার উন্নতির পাশাপাশি বিভিন্ন দেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছি। আর এইসকল ক্ষেত্রে ব্যাপকভাবে আল্লাহর বিধান পরিপন্থী পথই আমরা অবলম্বন করেছি, যদিও তা আল্লাহর বিধানের অনুসরণ করেও সম্ভব ছিল। আমরা সুদি ঋণ নিয়ে কাল্পনিক উন্নতির স্রোতে গা ভাসিয়েছি। ব্যাংক খুলেছি, ইহুদিদের জাল বিছিয়েছি, থিয়েটার বানিয়েছি, টিভি স্টেশন ও সিনেমা হলে নগ্নতার পসরা বসিয়েছি। মোটকথা আল্লাহবিমুখ পথভ্রষ্ট জাতির যা কিছু বৈশিষ্ট্য তার সবই আমরা নিজেদের মাঝে ধারণ করেছি। আমরা কখনো নবীজির জীবন ও চরিত্র, নবীজির আখলাক ও আচরণ এবং মাদানি সমাজ-সভ্যতা, মাদানি রাজনীতির দিকে চোখ তুলেও তাকাইনি। ধর্মবিদ্বেষী, পথভ্রষ্ট ও অভিশপ্ত পশ্চিমা জাতিবর্গের চিন্তানৈতিক দাসত্বই যেন আমাদের গর্বের বিষয়। আমরা জুয়া, মদ, গানবাজনার ক্ষেত্রে অন্যদের ছাড়িয়ে যাওয়ার উন্মাদ প্রতিযোগিতায় নেমেছি। নারীদের উলঙ্গ করেছি। চারিত্রিক অধঃপতনের মেলা বসিয়েছি। গায়ক দলের গলায় মালা দিয়ে তাদের স্বাগত জানিয়েছি। নগ্নতা ও অশ্লীলতার প্রসারে লক্ষ-কোটি টাকা খরচ করেছি। প্রতিটি ঘর থেকে এখন নাচগানের সুর ভেসে আসে। বাজার-ঘাটে উলঙ্গ-অর্ধউলঙ্গ নারীদের অঙ্গপ্রদর্শনের মেলা বসে। কুফর ও নাস্তিকতার ধারকরা বুক ফুলিয়ে চলে। আমরা সবকিছুই করেছি। সত্যের গলা টিপে ধরে মিথ্যার জয়গান গেয়েছি। ঘুষের বাজারকে গরম করেছি। ন্যায়কে অন্যায় আর অন্যায়কে ন্যায় বানানোর জন্য সব ধরনের কূটচাল চেলেছি। জালেমদের কুর্নিশ করে গরিব, মজদুর ও মজলুমের সম্পদ ছিনিয়ে তাদের পায়ের নিচে পিষে ফেলেছি। মসজিদ বিরান করে সিনেমা হল আবাদ করেছি। আল্লাহর ওয়াস্তে বলুন, আল্লাহর শাস্তিকে ত্বরান্বিতকারী কোনো পাপকর্মটি আমরা করিনি? এরপরও কি আমরা পাপাচারে লিপ্ত এ অন্ধকার জীবনে খোদায়ি রহমতের শুভ্র শিশির নেমে আসার দিবাস্বপ্ন দেখি?

আল্লাহতায়ালার নিয়মনীতি অলঙ্ঘনীয়। যে বিষ খাবে সে মারা যাবে। যে আগুনে ঝাঁপ দেবে সে জ্বলেপুড়ে ছাই হয়ে যাবে। আর যে জাতি খোদার অবাধ্য হয়ে বিদ্রোহের পথে চলবে তার উপর খোদায়ী গজব নেমে আসবে।

আজ কৃতকর্মের ফল আমরা ভোগ করছি। শান্তি যেন আজ সোনার হরিণ। কৃষক, শ্রমজীবী, চাকরিজীবী, ব্যবসায়ী, দোকানদার কারও মনে শান্তি নেই। সুখের স্পর্শ নেই। হৃদয়ের সবুজ বাগানে যেন চৈত্রের খরা। সবকিছু থেকে বরকত উঠে গেছে। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে মানুষের নাভিশ্বাস উঠেছে। সাধ ও সাধ্যের মাঝে কোনো সামঞ্জস্য নেই। দুর্ঘটনার যেন প্লাবন নেমেছে। হাসপাতালে ও আদালতে গিয়ে একটু দেখুন, মনে হবে পুরো শহরবাসী এখানে এসে ভিড় জমিয়েছে। চুরি, ডাকাতি, রাহাজানি, অপহরণ এবং আইনশৃঙ্খলার চরম অবনতির কারণে জানমাল, ইজ্জত-আব্রু কোনো কিছুরই আজ নিরাপত্তা নেই। কিন্তু আফসোস! আমরা এখনও প্রবৃত্তির পূজায় আকণ্ঠ ডুবে আছি। কোনো ঘটনার প্রবল ঝাঁকুনিও মুসলমানদের গাফলতের ঘুম ভাঙাতে পারছে না। উপদেশ গ্রহণ করার জন্য কেউকোনোভাবেই চোখ মেলে তাকাচ্ছে না। এ অবস্থা খুবই ভয়াবিনাশক, হতাশাব্যঞ্জক। আল্লাহতায়ালা গোটা জাতির ওপর রহম করুন।

সমাজের ছোট-বড় সবার কাছে হাত জোড় করে মিনতি করছি, আল্লাহর ওয়াস্তে আল্লাহর আজাবকে আর টেনে আনবেন না। শরয়ি পর্দা করা ফরজ। বেপর্দা, অর্ধনগ্ন হয়ে রাস্তা-ঘাটে বের হওয়া ইসলামি শরীয়ত ও ইসলামি গায়রত উভয় দিক থেকেই কবিরা গোনাহ। এই ধারা বন্ধ করুন। নারী-পুরুষের অবাধ মেলামেশা সকল অশ্লীলতার মূল। আর গান-বাদ্য এ অশ্লীলতার ইন্ধন! আল্লাহর ওয়াস্তে এ থেকে বিরত হোন। রেডিও-টেলিভিশন ইত্যাদির লানত গোটা সমাজের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে। এ থেকে পরিত্রাণের পথ খুঁজে বের করুন। আজাবে এলাহির প্রবল স্রোতে আমাদের দিকে ধেয়ে আসছে। তা থেকে বাঁচার একমাত্রই মাত্র উপায়। তা হচ্ছে নিজের জীবনে পরিবর্তন আনুন। আল্লাহর দরবারে সমর্পিত হোন। আহকামে এলাহির পাবন্দি করুন। অশ্লীলতার আড্ডা বন্ধ করে আল্লাহর ঘরকে আবাদ করুন

## স্বাবলম্বিতায় সুখ ও সফলতা

২৫ পৃষ্ঠার পর

রাখতে পারে না, যার পানিটাও অন্যকে ঢেলে দিতে হয়, সে আসলে জীবনযুদ্ধে অন্য অনেকের চেয়ে পিছিয়ে থাকে। অথচ পৃথিবীর অন্যতম সফল মানুষ রাসুলুল্লাহ (সা.) শৈশব থেকেই ছিলেন একজন স্বাবলম্বী মানুষ। তিনি জীবনে বাবার মুখ দেখেননি। ছয় বছর বয়সে কিছু বুঝে ওঠার আগেই মাকে হারিয়েছেন। নয় বছর বয়সে দাদাও মারা গেলেন। এরপর চাচার কাছে লালিত-পালিত হন। এতিম শিশুকে চাচা মেষ চরাতে দিতে চাননি। কিন্তু সেই বালক নিজেই বেছে নিলেন মরুভূমিতে মেষ চরানোর মতো পরিশ্রমসাধ্য কাজ। একেবারে শৈশবেই তিনি ছিলেন পরিশ্রমী আর কর্মঠ। তরুণ বয়সে মরুভূমির দীর্ঘপথ, পানির তৃষ্ণা, যাত্রার কষ্ট থাকা সত্ত্বেও রাসুলুল্লাহ (সা.) বাণিজ্যের উদ্দেশে যাত্রা করলেন এবং সফল হলেন। নিজের দায়িত্ব নিজে নেওয়ার যে আগ্রহ, সেটাই তাকে মহিমান্বিত করেছে। রাসুলুল্লাহ (সা.) ইসলামের প্রথম মসজিদ নির্মাণের সময়ও সবার সঙ্গে মাটি কাটায় অংশ নিয়েছেন, মাটি বহন করেছেন। তাই তো পরিবারে, সমাজে, রাষ্ট্র পরিচালনায় সর্বত্র তিনি সফল হয়েছেন। ইসলামে স্বাবলম্বিতার গুরুত্ব : মুসলমানরা পরকালে বিশ্বাস করে; এর অর্থ এ নয়-দুনিয়ায় স্বাবলম্বিতার দরকার নেই। বরং একজন মুসলমানের জন্য দুনিয়ার কল্যাণ ও পরকালের কল্যাণ- উভয়টিই প্রয়োজন।

## নির্বাচন ও গণভোট ১২ ফেব্রুয়ারি

১ পৃষ্ঠার পর

পালনের আহ্বান জানিয়ে তিনি বলেন, 'এক্ষেত্রে কোনো গাফিলতি সহ্য করা হবে না।' সিইসি বলেন, 'সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন করাই এই কমিশনের প্রধান লক্ষ্য। এরই মধ্যে নির্ভুল ভোটার তালিকা তৈরি করা হয়েছে। প্রায় অকার্যকর পোস্টাল ভোটকে কার্যকর করা হয়েছে।' ঘোষিত তফসিল অনুযায়ী, জাতীয় নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র বাছাই ৩০ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত। রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের ১১ জানুয়ারি এবং নিষ্পত্তি হবে ১২ থেকে ১৮ জানুয়ারি। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ২০ জানুয়ারি। প্রতীক বরাদ্দ হবে ২১ জানুয়ারি। নির্বাচনী প্রচার শুরু ২২ জানুয়ারি, আর প্রচার শেষ ১০ ফেব্রুয়ারি সকাল সাড়ে সাতটা পর্যন্ত। ১২ ফেব্রুয়ারি সারাদেশে ৩০০ সংসদীয় আসনে ভোটগ্রহণ করা হবে। এবার দেশে ভোটার সংখ্যা ১২ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ১৮৩ জন। এর মধ্যে পুরুষ ৬ কোটি ৪৮ লাখ ১৪ হাজার ৯০৭ জন, মহিলা ৬ কোটি ২৮ লাখ ৭৯ হাজার ৪২ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ১ হাজার ২৩৪ জন। চলতি বছরের ৩১ অক্টোবর পর্যন্ত যাদের বয়স ১৮ হয়েছে তাদের নিয়েই চূড়ান্ত ভোটার তালিকা প্রস্তুত করেছে নির্বাচন আয়োজনকারী সংস্থাটি। ২০২৪ সালের ৫ আগস্ট গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের দেড় বছর পর এই নির্বাচন হতে যাচ্ছে। তাতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ অংশ নিতে পারছে না। সংসদ নির্বাচনের পাশাপাশি ভোটাররা সংস্কার প্রশ্নে জুলাই সনদের ওপর রায় দেবেন, যাকে 'গণভোট' বলা হচ্ছে।

আওয়ামী লীগ শাসনামলে ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের তিনটি প্রশ্নবিদ্ধ নির্বাচনের পর এটি জাতির ইতিহাসে সেরা নির্বাচন হবে বলে এরই মধ্যে ঘোষণা করেছেন প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। এবারই প্রথম প্রবাসী বাংলাদেশিরা ভোট দিতে পারবেন। সরকারি চাকরিজীবীরাও এই নির্বাচনে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেবেন। সংসদ নির্বাচন ও গণভোট একই দিনে হবে বলে ভোটের সময়ও এক ঘণ্টা বাড়ানো হয়েছে। নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী, ওই দিন সকাল সাড়ে ৭টা থেকে একটানা বিকাল সাড়ে ৪টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে, যা এতদিন ছিল সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। ২০২৪ সালের ৮ আগস্ট মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার শপথ নেয়। এরপর ১৬ মাসের মাথায় জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণা করলো ইসি।

গত ১৩ নভেম্বর প্রধান উপদেষ্টা ঘোষণা দেন, গণভোট ও জাতীয় নির্বাচন ফেব্রুয়ারির প্রথমার্ধে একই দিনে হবে। এদিন দুই ভোটের দিনক্ষণ ঘোষণা করলেন সিইসি। গত বছরের ২১ নভেম্বর এ এম এম নাসির উদ্দীনের নেতৃত্বে নির্বাচন কমিশন গঠন হয়। আসন্ন নির্বাচনই হবে এই কমিশনের অধীনে প্রথম কোনো নির্বাচন। নির্বাচনে দেশের আইনশৃঙ্খলা রক্ষায় সব বাহিনীর মিলিয়ে প্রায় ৯ লাখ সদস্য কাজ করবেন। ইতিহাসে যা সর্বোচ্চ। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনে ইতোমধ্যে রেকর্ডসংখ্যক দেড় লাখ পুলিশ সদস্যকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

নির্বাচনী মাঠে আওয়ামী লীগ না থাকায় এবার মূল প্রতিদ্বন্দ্বিতা বেগম খালেদা জিয়ার বিএনপি এবং বাংলাদেশের বৃহত্তম ইসলামিক দল জামায়াতে ইসলামীর মধ্যে হবে বলে ধারণা করা হচ্ছে। পাশাপাশি, তরুণদের এনসিপি থাকছে ভোটের মাঠে। বাংলাদেশের গণতন্ত্রে প্রত্যাবর্তনের ক্ষেত্রে এবারের নির্বাচন গুরুত্বপূর্ণ এক পরীক্ষা। এই নির্বাচনের ওপর নির্ভর করছে অর্থনীতির টিকে থাকা। পাশাপাশি, বিচার বিভাগের স্বাধীনতা, দুর্নীতি প্রতিরোধ কিংবা সংবাদ মাধ্যমের স্বাধীনতার মতো ইস্যু জড়িত বলে মনে করা হয়। বাংলাদেশের বড় প্রতিবেশি ভারত অবাধ, সুষ্ঠু, বিশ্বাসযোগ্য, অন্তর্ভুক্তিমূলক এবং অংশগ্রহণমূলক নির্বাচন প্রত্যাশা করে। মুখে না বললেও ভারতের চাওয়ার মধ্যে আওয়ামী লীগের নির্বাচনে অংশ নেবার সুযোগ থাকা অন্তর্ভুক্ত। যদিও আওয়ামী লীগের কর্মকাণ্ডে নিষেধাজ্ঞা প্রত্যাহার করার পর নির্বাচন কমিশনে নিবন্ধনে স্থগিতাদেশ প্রত্যাহার না হলে দলটি ভোটের মাঠেও থাকতে পারছে না।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# ব্রুকলিনে 'মনি মেডিকেল কেয়ার'র শুভ উদ্বোধন আজ শুক্রবার




৬৪ পৃষ্ঠার পর

প্রানকেন্দ্র ১১৩ চার্চ এভিনিউতে শুক্রবার সকাল ১০টায় এই মেডিকেল কেয়ার উদ্বোধন হবে। প্রতিষ্ঠানটির সিইও ডা. রেজোয়ানা কবির, ডিও কমিউনিটির সদস্যদের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানিয়েছেন। মনি মেডিকেল কেয়ার হবে কমিউনিটির নির্ভরযোগ্য ও সেবা প্রদানের আধুনিক প্রতিষ্ঠান। বাংলাদেশি-আমেরিকান ডা. রেজোয়ানা কবির, ডিও'র পরিচালনায় মনি কেয়ারে শারীরিক চেকআপ, হাইব্লাডপ্রেসার, কোলেস্টোরেল, ডায়াবেটিস,অ্যাজমা, শিশুরোগ, স্ক্রাম, ইউরিন, প্রেগন্যান্সি টেস্ট ও ভ্যাকসিন প্রদানসহ সব ধরনের চিকিৎসা সেবা দেয়া হবে।

# জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির মিলনমেলা

১ পৃষ্ঠার পর

ফ্রেন্ডস সোসাইটির পারিবারিক মিলনমেলা। আমন্ত্রিত অতিথি, সংগঠনের নেতৃবৃন্দ ও উপদেষ্টাসহ তাদের পরিবার-পরিজনের আনন্দ-উচ্ছ্বাসে শনিবার ৬ নভেম্বর কুইন্সের আম্রা প্যালেসের সন্ধ্যাটি হয়ে ওঠে বর্ণিল। মূলধারার রাজনীতিক ও কমিউনিটি নেতৃবৃন্দের উপস্থিতিতে পারিবারিক এ মিলনমেলাকে অনিন্দ্য সুন্দর আর উৎসবমুখর করে তোলে। অনুষ্ঠানের কর্মকাণ্ডের মধ্যে ছিলো কর্মকর্তাদের পরিচিতি, শুভেচ্ছা বক্তব্য, সেরা কমিউনিটি দম্পতি ও সেরা কর্মকর্তা দম্পতিদের পুরস্কৃত করা, গান-বাজনা আর নৈশভোজ।



বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে শুরু হওয়া অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন ইউএস কংগ্রেসওম্যান গ্রেস মেং, নিউইয়র্ক স্টেট সিনেটর জন সি লু, কুইন্স সুপ্রিম কোর্টের জাস্টিস ক্যারল, নিউইয়র্ক স্টেটের লিউটেন্যান্ট গভর্নর এন্থনিও ডেলগাডো। বর্ণাঢ্য এই অনুষ্ঠানে অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, নিউইয়র্ক সিটি মেয়র জোহরান মামদানীর ট্রানজিশন টিমের সদস্য আরমান চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী মনিরুল ইসলাম মন্জু ও সাংবাদিক-লেখিকা মনিজা রহমান। অনুষ্ঠানে অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।





অনুষ্ঠানে সংগঠনের কর্মকর্তাদের পরিচয় করিয়ে দেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও বর্তমান সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার। এরপর উপদেষ্টাদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গনি, উপদেষ্টা যথাক্রমে ডা. ওয়াজেদ এ খান, সালেহ আহমেদ, হুসনে আরা বেগম,














রেজাউল করীম চৌধুরী, অধ্যাপক শাহাদত হোসেন, শাহাব উদ্দিন সাগর, কামরুজ্জামান কামরুল ও এবিএম সালাহউদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে বক্তারা জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির কর্মকাণ্ডের প্রশংসা করেন এবং ২৫ বছর পূর্তি অনুষ্ঠান সহ আগামী দিনের সার্বিক সফলতা কামনা করেন। কোন কোন বক্তা তাদের বক্তব্যে ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠার প্রেক্ষাপট এবং প্রতিষ্ঠাতা সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক বিলাল চৌধুরী উদ্যোগের কিশোর সময়ের কথাও তুলে ধরেন।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাপ্তাহিক দেশ সম্পাদক মিজানুর রহমান, নবজানী সম্পাদক শেখ সিরাজুল ইসলাম, নিউইয়র্ক বাংলা সম্পাদক আকবর হায়দার কিরণ,সাংবাদিক ফরিদ আলম, আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক মঞ্জুরুল হক, নিউইয়র্ক কাগজ সম্পাদক আকতারোজ্জা ইসলাম, জেমিনি সম্পাদক কেফাল আহমেদ, ফটো সাংবাদিক নিহার সিদ্দিকী, মেয়র জোহরান মামদানীর ট্রানজিশন টিমের সদস্য শাহরিয়ার, কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবীব, সিলেট এমসি কলেজ এলামনাই এসোসিয়েশন ইউএসএ'র নবনির্বাচিত সভাপতি ও বিয়ানীবাজার



সমিতির সাবেক সভাপতি আজিমুর রহমান বুরহান, বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মাসুদুল হক সানু, কোনাবার কর্মকর্তা আবু মুবায়ের হারা, কুইন্স বাংলাদেশ সোসাইটির সভাপতি কাজী তোফায়েল ইসলাম, রিয়েল এস্টেট ইনভেস্টর নূরুল আজিম, বাংলাদেশ সোসাইটির কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সোসাইটির কর্মকর্তা হাসান জিলানী ও জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, সোসাইটির সাবেক কর্মকর্তা ফারজানা চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আগামী বছরের মাঝামাঝি অনুষ্ঠিতব্য ফ্রেন্ডস সোসাইটির ২৫ বছর পূর্তি অর্থাৎ সিলভার জুবিলি অনুষ্ঠানের কনভেনর হিসেবে সংগঠনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও সাবেক সভাপতি বিলাল চৌধুরী এবং সদস্য সচিব হিসেবে রিজু মোহাম্মদ-কে পরিচয় করিয়ে দেয়া হয়। এছাড়াও ফ্রেন্ডস সোসাইটির নতুন লগো ছাড়াও আগামী বছর অনুষ্ঠিতব্য ফ্রেন্ডস সোসাইটির ২৫ বছর পূর্তির লগো উন্মোচন করা হয়। বিভিন্ন পর্ব উপস্থাপনায় ছিলেন সাধারণ সম্পাদক এনায়েত মুন্সি, সিনিয়র সহ সভাপতি এমএম মিসবাহ উজ জামান, সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানি ও যুগ্ম সম্পাদক রিজু মোহাম্মদ।

অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন জনপ্রিয় সঙ্গীত শিল্পী প্রতীক হাসান, রানো নেওয়াজ, শাহ মাহবুব, অনিক রাজ ও শামসুল নাহার লিপি। এছাড়াও বিশিষ্ট ব্যবসায়ী শাহ নেওয়াজ চুটকি পরিবেশন করেন এবং প্রতীক হাসানের সাথে একটি গানে অংশ নেন। শিল্পীদের গানের সাথে শিশুরাও নেচে নেচে আনন্দ উপভোগ করে। সদ্য উদযাপিত থ্যাঙ্কস গিভিং ডে স্মরণে টার্কি কাটার পাশাপাশি নৈশ ভোজের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।



# কুইন্স বাংলাদেশ সোসাইটি'র অভিষেক

৬৪ পৃষ্ঠার পর

ফাকল ট্রি বাই হিলটনের বলরুমে আয়োজিত এ অনুষ্ঠানে পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। খবর ইউএসএনিউজঅনলাইন.কম'র।

কুইন্স বাংলাদেশ সোসাইটির বিদায়ী সভাপতি শামস উদ্দিনের সভাপতিত্বে এবং নবনির্বাচিত সাধারণ সম্পাদক শেখ ফারুকুল ইসলাম ও মহিলা বিষয়ক সম্পাদক ফারজানা হকের পরিচালনায় অনুষ্ঠানে উৎসবমুখর পরিবেশে নতুন কমিটির কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার ও বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু। প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন সংগঠনের প্রধান উপদেষ্টা ডা. খন্দকার মাসুদুর রহমান, জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল খান, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ড সদস্য আজিমুর রহমান বোরহান, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, কুইন্স বাংলাদেশ সোসাইটির প্রতিষ্ঠাতা সভাপতি তোফায়েল আহমেদ চৌধুরী, ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি ও গ্র্যান্ড স্পন্সর দুলাল নেহেদু, কোনাবার এক্সিকিউটিভ জয়েন্ট সেক্রেটারী শাহাব উদ্দিন সাগর, বৃহত্তর কুমিল্লা সোসাইটির নবনির্বাচিত সভাপতি ইউনুস সরকার, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, আয়োজক সংগঠনের উপদেষ্টা মুজিব আহমেদ জেন্টু, নবনির্বাচিত সিনিয়র সহ সভাপতি মাসুদুল হক হানু, সহ সভাপতি জে মোল্লা সানি সহ কমিউনিটি নেতৃবৃন্দ।



অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং বাংলাদেশে সাম্প্রতিক ভূমিকম্পে নিহতদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া করা হয়। পরপরই বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীত পরিবেশনা করা হয়।

জাকজমকপূর্ণ এ অনুষ্ঠানে কুইন্স বাংলাদেশ সোসাইটির সদস্যরা ছাড়াও কমিউনিটি নেতৃবৃন্দ, ব্যবসায়ী ও সাংস্কৃতিক কর্মী সহ বিপুল সংখ্যক প্রবাসী যোগ দেন।



সংগঠনের ২০২৬-২০২৭ সালের জন্য নির্বাচিত ১৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটির অভিষিক্তরা হলেন : সভাপতি কাজী তোফায়েল ইসলাম, সিনিয়র সহ সভাপতি মাসুদুল হক হানু, সহ সভাপতি জে মোল্লা সানি, সাধারণ সম্পাদক শেখ ফারুকুল ইসলাম, সহ সাধারণ সম্পাদক আবুল হোসেন, কোষাধ্যক্ষ ওয়াহিদ কাজী এমিল, সাংগঠনিক




সম্পাদক মো. আলম সরকার, প্রচার ও দপ্তর সম্পাদক জাবেদ আহমেদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক ইনসান জাহান পলি, ক্রীড়া সম্পাদক কয়েস আহমেদ, সমাজ কল্যাণ ও আপ্যায়ন সম্পাদক মো. আবুল হোসেন, মহিলা বিষয়ক সম্পাদক ফারজানা হক, কার্যকরী সদস্য শামস উদ্দিন, আজিমুর রহমান বোরহান, মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, আবুল ফজল লিটন, সৈয়দ এনায়েত আলী, তরিকুল ইসলাম বাদল এবং মো. নওশাদ হায়দার।

MONI
MEDICAL CARE

# MONI MEDICAL CARE



## DR. RIZOWANA KABIR DO
HEALTHCARE ADMINISTRATOR, MEDICAL DIRECTOR
MONI MEDICAL CARE

# শুভ উদ্বোধন

শুক্রবার, ডিসেম্বর ১২, ২০২৫ । সকাল ১০টা

স্থান: 113 Church Ave, Brooklyn, NY 11218

### সেবাসমূহ

- শারীরিক চেক আপ
- শিশুরোগ চিকিৎসা
- সর্দি, জ্বর, ফ্লু চিকিৎসা
- স্কুল ও জব ফিজিক্যাল
- দুশ্চিন্তা ও বিষন্নতা চিকিৎসা
- উচ্চ রক্তচাপ
- ডায়াবেটিস
- হাই কোলেস্টেরল
- অ্যাজমা
- ল্যাব ও ভ্যাকসিন

## A HOLISTIC APPROCH BUILDING STRONG CONNECTION WITH PATIENTS

A Board Certified Family Doctor for the Whole Family

kabir@monimedicalcare.com
www.monimedicalcare.com

718-663-2830
718-663-2831

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gold

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.co


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
320
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903

**হিরামন্ডি'র উইন্টার ফিস্ট নিউইয়র্কে দর্শক মাতালো**

৩য় পৃষ্ঠার পর

খাবার ও পিঠার স্টল। আয়োজক ও বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন হিরামন্ডির অন্যতম কর্ণধার মেহেদী হাসান, গোল্ডেন এজ হোম কেয়ার এর সিইও এবং সাপ্তাহিক আজকালের সম্পাদক ও প্রকাশক শাহ নেওয়াজ ও ব্যবস্থাপনা সম্পাদক রানো নেওয়াজ, ফাহাদ সোলায়মান, নাসির খান পল, হাসান জিলানী, এনাম চৌধুরী, খাইরুল ইসলাম খোকন, মোঃ মনির জামান, বঙ্গ সম্মেলনের বাপ্পা ও মিলন, নুরুল আজিম, তরিকুল ইসলাম বাদল, আহসান হাবিব, সবিতা দাস, মীনা ইসলাম, রাশেদ মালিক ও রিদওয়ান প্রমুখ। শুরুতে যুগল কণ্ঠে প্রমিতাজ ও রায়ানতাজ তারে গান পরিবেশন করেন। এর পর পর ধারাবাহিক ভাবে সংগীত পরিবেশন করেন নাসিম আহমেদ, মিতু মাহমুদ, ত্রিনিয়া হাসান, আজনির কামাল, তানজিন তিশা ও রানো নেওয়াজ।

সবচেয়ে আকর্ষণীয় ছিল বিখ্যাত “নিউ ইয়র্ক ফ্যাশন উইক” এর মডেল তারকা বাংলাদেশী ইয়াসমিন ও তার সাথে বিদেশী আরও দুইজন পুরুষ ও দুইজন নারীর অংশ গ্রহনে চোখ ধাধানো ফ্যাশন শো, সে সাথে সম্পূর্ণ নতুন এবং স্থানীয়দের সমন্বয়ে পরিবেশিত হয় আরও একটি ফ্যাশন শো। এতে উপস্থিত সকল দর্শকের করতালির মাধ্যমে প্রশংসা করেন। আর এসব কিছুই ছিল ডিজাইনার পিয়ালের অভিজ্ঞতা ও মেধার বহিঃ প্রকাশ। প্রতিটি শিল্পীর গানেই দর্শক শ্রোতা মুগ্ধ ও বিমোহিত হন। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ও সারপ্রাইস ছিল বাংলাদেশের নতুন প্রজন্মের চলচিত্র নায়িকা তানজিন তিশা, অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য তাকে আয়োজকের পক্ষ থেকে সম্মান সূচক 'মুকুট' প্রদান করা হয়। আর তানজিন তিশাকে এই মুকুটটি পরিয়ে দেন শিল্পী রানো নেওয়াজ। একটি সফল ও সম্পূর্ণ বিনোদনমূলক অনুষ্ঠান উপহার দেয়ার জন্য সবাই আয়োজকদের ধন্যবাদ জানান আয়োজকরা।






































GOLDEN AGE
HOME CARE
Presents
১৬ ডিসেম্বর
মহান বিজয় দিবস
সম্মাননা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
প্রধান অতিথি
জনাব শাহ্ নেওয়াজ
বিশেষ অতিথি
জনাব ফখরুল ইসলাম দেলোয়ার
জনাব নুরুল আজীম
জনাব মোহাম্মদ খাইরুল
জনাব অনুপম ভুঁইয়া
স্থানঃ ইকরা পার্টি হল
৮৯-১৬, ১৭৫ স্ট্রিট, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২
ফুলকলি ফাউন্ডেশন অব আমেরিকা
টেলিভিশন রিপোর্টার্স ইউনিটি অব বাংলাদেশ ট্রাব, যুক্তরাষ্ট্র শাখা
জ্যামাইকা বাংলাদেশী সিনিয়র সিটিজেন ক্লাব
বেলাল আহমেদ
সভাপতি
৬৪৬-৬৬২-৯৩৫৩

# শীতে ফুসফুসের কার্যক্ষমতা বাড়াতে করতে পারেন এসব ব্যায়াম

২০ পৃষ্ঠার পর

প্রথমে এক হাত রাখতে হবে বুকের ওপর। অন্য হাত রাখতে হবে পেটের ওপর। নাক দিয়ে শ্বাস নিতে হবে, যাতে পেট ফুলে ওঠে (বুক নয়)। এরপর মুখ দিয়ে ধীরে ধীরে শ্বাস ছাড়তে হবে। এই ব্যায়ামও রোজ দু-তিন বেলায় মোট ১০ বার করে করতে পারেন।

আরও যেসব ব্যায়াম কাজে দেবে

কেবল শ্বাসের ব্যায়ামই নয়, অন্যান্য ব্যায়ামেও ফুসফুসের কার্যক্ষমতা বাড়ে। হাঁটাহাঁটি, জগিং, দৌড়, দড়িলাফ, সাইকেল চালানো কিংবা সাঁতার কাটার মতো ব্যায়ামের কথাই ধরা যাক। যে ব্যায়ামেই আপনার শ্বাসপ্রশ্বাসের গতি বাড়বে, সেটিই আপনার ফুসফুসের জন্য ভালো।

অর্থাৎ কেবল ধীরগতিতে হাঁটলে বা ব্যায়াম করলেই উপকার মিলবে না, বরং এমনভাবে হাঁটতে হবে বা ব্যায়াম করতে হবে, যাতে শ্বাসপ্রশ্বাসের গতি বাড়ে। এ ধরনের ব্যায়ামের চর্চা করুন নিয়মিত। সপ্তাহে কত মিনিট এমন ব্যায়াম করা উচিত, সেটিও হিসাবনিকাশ জেনে রাখুন সার্বিক সুস্থতার জন্য।

মাঝারি ধাঁচের ব্যায়াম করলে তা করতে হবে সপ্তাহে অন্তত ১৫০ মিনিট। এমন ব্যায়ামের সময় আপনার শ্বাসপ্রশ্বাস দ্রুত হয়ে আসবে এবং ব্যায়াম শুরুর মিনিট দশেকের মধ্যে আপনি ঘামতে শুরু করবেন। এই ব্যায়াম করার সময় আপনি কথা বলতে পারবেন, তবে সুরেলা কণ্ঠে নয়।

তীব্র ধাঁচের ব্যায়াম করলে তাতে সপ্তাহে অন্তত ৭৫ মিনিট সময় দিতে হবে আপনাকে। তীব্র ধাঁচের ব্যায়ামের সময় আপনার শ্বাসপ্রশ্বাস কেবল দ্রুত হয়েই আসবে না, বরং তা গভীরও হবে। ব্যায়াম শুরুর কয়েক মিনিটের মধ্যেই আপনি ঘামতে শুরু করবেন। এ ধরনের ব্যায়ামের মাঝে না থেমে আপনি কথা বলতে পারবেন না।

কেউ চাইলে এই দুই ধরনের ব্যায়ামের সমন্বয়ও করতে পারেন প্রতি সপ্তাহে। সমন্বয় করতে চাইলে ব্যায়ামের মোট সময়টাও সেভাবে মিলিয়ে নিতে পারবেন।

ডা. মো. জাকির হোসেন সরকার: সভাপতি, বাংলাদেশ ইন্টারভেনশনাল পালমোনোলজি, ক্রিটিক্যাল কেয়ার অ্যান্ড স্লিপ সোসাইটির (বিপস)।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL

37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


# সিস্টেম বদলালে দেশ বদলাবে

১০ পৃষ্ঠার পর

পরিবর্তন যেন কর্মীদের শত্রু না হয়ে তাদের সক্ষমতার বিকাশে পরিণত হয়; যেন প্রতিটি কর্মী বুঝে নেন-তিনি আর শুধু চাকরিজীবী নন, বরং জনগণের সেবক, দেশের উন্নয়নযাত্রার যোদ্ধা; যখন দক্ষতাই হবে সাফল্যের চাবিকাঠি, নিষ্ক্রিয়তা হবে দায়িত্বের প্রমাণ, এবং জনগণের সন্তুষ্টিই হবে সেবার মূল মূল্যায়ন-তখন বদলে যাবে সরকারি প্রশাসনের চেহারা: দুর্নীতি, রাজনৈতিক হস্তক্ষেপ, বিলম্ব, ফাইলবন্দি উন্নয়ন-সবকিছুই হবে অতীতের ইতিহাস; জনগণ তখন অনুভব করবে-হ্যাঁ, সরকারি প্রতিষ্ঠান সত্যিই জনগণের; তাই বলা যায়-উন্নয়ন হবে বাস্তবে, প্রতিশ্রুতির ভাষণে নয়; সময় এখনই-চুক্তিভিত্তিক সক্ষমতা আর মাল্টিন্যাশনাল ব্যবস্থার সমন্বয়ে জনগণের সরকারি সেবা প্রতিষ্ঠার; কারণ একটাই সত্য, দেশ বদলাতে হলে সিস্টেম বদলাতেই হবে।

লেখক: সাংবাদিক ও কলামিস্ট।

# রোজেলা চা খেলে যে ৭টি উপকার মিলবে

২০ পৃষ্ঠার পর

সারাইভ-হৃদরোগের অন্যতম কারণ। ২০০৯ সালে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল লাইব্রেরি অব মেডিসিনের একটি ছোট গবেষণায় ৬০ জন রোগীকে দুই দলে ভাগ করা হয়। একদল রোজেলা চা পান করে, অন্য দল কালো চা। এক মাস পর দেখা যায়, যাঁরা রোজেলা চা পান করেছেন, তাঁদের ভালো কোলেস্টেরল (এইচডিএল) বেড়েছে, আর মোট কোলেস্টেরল, খারাপ কোলেস্টেরল (এলডিএল) এবং ট্রাইগ্লিসারাইডের মাত্রা উল্লেখযোগ্যভাবে কমে গেছে। বিশেষ করে ডায়াবেটিস বা মেটাবলিক সিনড্রোমে আক্রান্তদের ক্ষেত্রে এটি বেশ উপকারী।

৪. লিভারের স্বাস্থ্য উন্নত করে : লিভার শরীরে প্রোটিন তৈরি করে, পিত্তরস নিঃসরণ করে এবং চর্বি ভাঙতে সাহায্য করে। ২০১৪ সালের এনআইএইচ অতিরিক্ত ওজনের ১৯ জনের ওপর ১২ সপ্তাহ ধরে রোজেলা চা খাওয়া নিয়ে একটি গবেষণা করে। এতে দেখা গেছে, তাঁদের লিভারে চর্বি জমা উল্লেখযোগ্যভাবে কমে যায়। তাঁদের আরেকটি গবেষণায় দেখা যায়, রোজেলা চা খাওয়ার ফলে লিভারের ক্ষতির সূচকগুলোও উল্লেখযোগ্যভাবে কমে গেছে।

৫. ওজন কমাতে সহায়ক : রোজেলা চা ওজন কমাতে সহায়ক এবং স্থূলতা প্রতিরোধেও ভূমিকা রাখে। ২০১৪ সালে এনআইএইচের একটি গবেষণায় অতিরিক্ত ওজনধারী ৩৬ জনকে দুই দলে ভাগ করা হয়। একদলকে রোজেলা নির্যাস, অন্য দলকে প্লাসিবো (নকল ওষুধ) দেওয়া হয়। যাঁরা ১২ সপ্তাহ ধরে রোজেলা নির্যাস সেবন করেছেন, তাঁদের শরীরের ওজন, চর্বি, বডি মাস ইনডেক্স (বিএমআই) ও কোমর-নিতম্ব অনুপাতগুলোই কমে গেছে।

এনআইএইচের আরেকটি গবেষণাতেও প্রমাণ মিলেছে, রোজেলা নির্যাস শরীরে নতুন চর্বি জমা হতে বাধা দেয় এবং ক্ষুধা নিয়ন্ত্রণে সাহায্য করে।

৬. ক্যানসার প্রতিরোধে সহায়ক : রোজেলায় প্রচুর পলিফেনল থাকে, শক্তিশালী ক্যানসার প্রতিরোধী গুণের জন্য যা পরিচিত। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল লাইব্রেরি অব মেডিসিনের এক গবেষণায় দেখা গেছে, রোজেলা নির্যাস ক্যানসার কোষের বৃদ্ধি ও ছড়িয়ে পড়া রোধে কার্যকর ভূমিকা রাখে। যুক্তরাষ্ট্রের ন্যাশনাল লাইব্রেরি অব মেডিসিনের একটি গবেষণায় দেখা যায়, রোজেলা নির্যাস মুখের ক্যানসার, রক্তকোষজনিত ক্যানসার, প্রোস্টেট, স্তন, পাকস্থলী ও ত্বকের ক্যানসার কোষের বৃদ্ধি বাধাগ্রস্ত করে, কমিয়ে দেয় তাদের আক্রমণ ক্ষমতা।

৭. ব্যাকটেরিয়ার বৃদ্ধি কমায় : রোজেলায় রয়েছে প্রাকৃতিক অ্যান্টিব্যাকটেরিয়াল গুণ। ব্যাকটেরিয়া হলো এককোষী অণুজীব, যা ব্রঙ্কাইটিস, নিউমোনিয়া, মূত্রনালির সংক্রমণসহ নানা রোগের কারণ। ন্যাশনাল লাইব্রেরি অব মেডিসিনের এক গবেষণায় দেখা গেছে, রোজেলা ফুলের নির্যাস ই.কোলাই ব্যাকটেরিয়ার কার্যকলাপ দমন করতে পারে, যা পেটব্যথা, গ্যাস ও ডায়রিয়ার মতো সমস্যা সৃষ্টি করে।

আরেকটি পরীক্ষায় প্রমাণ মিলেছে, রোজেলা নির্যাস আট ধরনের ক্ষতিকর ব্যাকটেরিয়ার বিরুদ্ধে অ্যান্টিবায়োটিক ওষুধের মতো কাজ করে।

রোজেলা চা যেভাবে তৈরি করবেন : শুকনা রোজেলা ফুল এক কাপ গরম পানিতে দিয়ে ৫ মিনিট ভিজিয়ে রাখুন। এরপর ছেঁকে নিয়ে মধু বা লেবুর রস মিশিয়ে গরম বা ঠান্ডাভাবে পছন্দ, পান করুন।

সতর্কতা: যাঁরা রক্তচাপের ওষুধ খান, তাঁদের রোজেলা চা না খাওয়াই ভালো। কারণ, এটি ওষুধের সঙ্গে প্রতিক্রিয়া করে রক্তচাপ অতিরিক্ত কমিয়ে দিতে পারে। সূত্র: মিডিয়াম

# ভারতে ইতিহাস মুছে ফেলার রাজনীতি: এবার টার্গেট তাজমহল

৫ পৃষ্ঠার পর

'সত্য' উন্মোচনের দাবি করা হয়েছে। ছবিটিতে বলা হয়েছে, মোগল সম্রাট শাহজাহান 'দখল' করার আগে, স্মৃতিস্তম্ভটি একসময় 'তেজো মহালয়া' নামে একটি হিন্দু মন্দির ছিল। এই কল্পকাহিনি বহু বছর ধরে নানাভাবে হিন্দু উগ্রবাদীরা প্রচার করে আসছিল, খুব কম লোকই এটাকে বিশ্বাসে স্থান দিয়েছিল। এখন ছবি করে এই কল্পকথা ছড়িয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে, এতে অভিনয়ে যোগ দিয়েছেন খ্যাতনামা ভারতীয় অভিনেতা পরেশ রাওয়াল।

ছবিটি সম্প্রতি মুক্তি পেয়েছে। ছবিটি নিয়ে এর মধ্যে ভারত ও ভারতের বাইরে দারুণ হইচই হচ্ছে। কারণ, তাজমহল পৃথিবীর সাত আশ্চর্যের একটি, ভারতের সবচেয়ে স্বীকৃত স্মৃতিস্তম্ভ, ভারতের পর্যটন দপ্তরের বিজ্ঞাপনের প্রথম পাতায় থাকে এর ছবি এবং এটা ইউনেসকোর একটি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান। বিশ্বের বিভিন্ন গণমাধ্যম কড়া ভাষায় এই সিনেমা নিয়ে প্রতিক্রিয়া প্রকাশ করেছে।

এই সিনেমা মুক্তি পাওয়ার পর, ভারতের নামকরা ইংরেজি দৈনিক 'দ্য হিন্দু'তে লেখা হয়েছে, 'চলচ্চিত্র নির্মাতাদের একটি অংশ আমাদের ইতিহাসের ক্ষতিগুলো সংশোধন করতে ব্যস্ত। কয়েক মাস আগে মুক্তি পেল "বেঙ্গল স্টোরি অব ইন্ডিয়া" সিনেমা, যা নির্দিষ্ট গোষ্ঠীর বাইরে জনপ্রিয়তা অর্জন করতে ব্যর্থ হয়েছিল। এই সপ্তাহে, আমরা দেখলাম চলচ্চিত্র "দ্য তাজ স্টোরি", যা আমাদের অতীতের আরেকটি সংশোধনবাদী দৃষ্টিভঙ্গি, যা প্রচুর মনোযোগ আকর্ষণ করছে-কারণ, এটি তাজমহলকে একটি হিন্দু মন্দির বলে দাবি করা হয়েছে এবং পরেশ রাওয়ালের মতো অভিনেতা এর মূল চরিত্রে রয়েছেন।'

যুক্তরাষ্ট্রের প্রভাবশালী পত্রিকা 'ওয়াশিংটন পোস্ট' পত্রিকা এক নিবন্ধে লিখেছে-"'দ্য তাজ স্টোরি' হিন্দু জাতীয়তাবাদী আন্দোলনের বাগাড়ম্বরের একটা বৃহত্তর পরিবেশের সঙ্গে মিলে যায় এবং যা ভারতের প্রভাবশালী জনপ্রিয় বলিউড সংস্কৃতির মাধ্যমে প্রসারিত হচ্ছে। বলিউড "ছাভা", "দ্য কাশ্মীর ফাইলস" এবং "পদ্মাবত"সহ ধারাবাহিকভাবে নির্মিত চলচ্চিত্রগুলোর একটি ধারা তৈরি করেছে, যা ইতিহাসকে পুনর্কল্পনা করে, প্রায়ই মধ্যযুগীয় মুসলিম শাসকদের রক্তপিপাসু অত্যাচারী হিসেবে চিত্রিত করছে এবং ঐতিহ্যবাহী ভারতীয়-মুসলিম স্থাপত্য, সংগীত, সাহিত্য এবং রন্ধনপ্রণালির অবদানকে নিপীড়নের একক আখ্যানে পরিণত করছে।'

তুরস্কের অনলাইন সংবাদমাধ্যম টিআরটি-ওয়ার্ল্ডও তাজমহল নিয়ে একটা প্রতিবেদন প্রকাশ করেছে। তাতে বলা হয়েছে-'তাজমহলের উৎপত্তি মোগল ইতিহাসে নিখুঁতভাবে নথিভুক্ত পর্বগুলোর মধ্যে একটি। সম্রাটের সরকারি ইতিহাসগ্রন্থ "বাদশাহনামা"য় এই প্রকল্পের প্রতিটি পর্যায় লিপিবদ্ধ করা আছে-স্থপতি, ব্যয় এবং এমনকি জমির দলিল, যা পশ্চিম ভারতীয় রাজ্য রাজস্থানের আম্বরের রাজা জয় সিংহের কাছ থেকে কেনা হয়েছিল। শিলালিপিতে ওস্তাদ আহমেদ লাহোরিকে মোগল সাম্রাজ্যের প্রধান স্থপতি এবং আমানত খান শিরাজিকে ক্যালিগ্রাফার হিসেবে চিহ্নিত করা হয়েছে। কোনো ফারসি, সংস্কৃত বা ঔপনিবেশিক যুগের উৎসে "তেজো মহালয়া" নামে কোনো মন্দিরের উল্লেখ নেই। কাঠামোর ফারসি, তৈমুরি এবং ভারতীয় নকশার মিশ্রণই মোগল নান্দনিকতাকে সুস্পষ্টভাবে তুলে ধরেছে।'

ভারতের কট্টর হিন্দু জাতীয়তাবাদী নেতা বেশ কিছু দিন আগে তিনি স্বয়ং তাজমহলে ঝাড়ু দিয়ে এসেছেন ভারতের কট্টর হিন্দু জাতীয়তাবাদী নেতা বেশ কিছু দিন আগে তিনি স্বয়ং তাজমহলে ঝাড়ু দিয়ে এসেছেনহবি : যোগী আদিত্যনাথের এক্স হ্যান্ডেল একজন স্বঘোষিত 'সংশোধনবাদী ইতিহাসবিদ' পুরুষোত্তম নাগেশ এই মন্দির তত্ত্বটি ১৯৮৩ সালে লিখিত এক বইতে প্রথম প্রকাশ করেন। তাজমহল নিয়ে এই কল্পকাহিনি এত দিন খুব কম লোকই বিশ্বাস করেছে।

এখন 'দ্য তাজ স্টোরি' মুক্তি পাওয়ার পর পরিস্থিতি পাল্টে যেতে পারে। ভারতে পৌরাণিক ও মন্দির নিয়ে ছবিগুলোর নায়কদের দেবতুল্য শ্রদ্ধা জানানো হয়। পরেশ রাওয়ালের মতো অভিনেতার উপস্থিতি এই ছবিকে অনেকের মনে ইতিহাসের প্রকৃত কাহিনি হিসেবে দাগ কাটাতে পারে।

ভারতের একজন কট্টর হিন্দু জাতীয়তাবাদী নেতা, যিনি উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, এত দিন তাজমহলকে অভারতীয় শিল্প ও ঐতিহ্য বলে অস্বীকার করতেন। এখন তিনি বলছেন, তাজমহল ভারতেরই ঐতিহ্য এবং কয়েক দিন আগে তিনি স্বয়ং তাজমহলকে ঝাড়ু দিয়ে আসলেন। একটা সিনেমা মানুষের মনে কত যে পরিবর্তন আনতে পারে!

এই সিনেমার সমর্থন ও জনপ্রিয়তা যদি তুঙ্গে ওঠে, তাহলে একসময় হয়তো 'স্বতন্ত্র বিপ্লবী' অনেক কট্টরপন্থী লোক তির-ধনুক ও হিন্দু দেবতার প্রতিমা নিয়ে ধেয়ে আসবে তাজমহলকে 'তেজো মহালয়া' বানাতে। তাতে ক্ষতি হবে কার? সম্রাট শাহজাহানের? মোগল সাম্রাজ্যের? সম্রাজ্ঞী মমতাজ মহলের? তাঁরা তো এখন ইতিহাস।

ক্ষতি হবে ভারতের। সারা দুনিয়ার লোক ছি ছি করবে। ক্ষতি হবে ভারত সরকারের-পর্যটন থেকে তাদের আয় কমে যাবে। আর ক্ষতি হবে ভারতীয় মুসলমানদের। তাদের মোগলদের আরেকটা 'অপকর্মের' জন্য কাঁচুমাচু করে অপদস্থ হয়ে থাকতে হবে!

লাভ হতে পারে ভারতীয় ডানপন্থী রাজনীতিবিদদের এবং মোদির দল বিজেপির। তারা আশা করবে তাদের ভোটব্যাংকে যোগ হবে আরও অনেক বেশি হিন্দু ভোট। সংখ্যালঘুদের অপদস্থ করে সংখ্যাগুরু সম্প্রদায়ের ভোট বাড়ানোই এসব প্রতিক্রিয়াশীল শক্তির মূল উদ্দেশ্য। তবে হিতে বিপরীতও হতে পারে, যেমন করে মোদির দল গত নির্বাচনে হারিয়েছিল রামমন্দির এলাকার লোকসভা আসনটি।

সালেহ উদ্দিন আহমদ লেখক ও রাজনৈতিক বিশ্লেষক।



আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
HOTEL
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## শেকল পরিয়ে ফেরত আরও ৩১ বাংলাদেশিকে

৬৪ পৃষ্ঠার পর

হিসেবে একই ধরনে বাংলাদেশসহ বিভিন্ন দেশের বহু মানুষকে ফেরত পাঠানো হয়েছে। বিমানবন্দর কর্তৃপক্ষের মাধ্যমে দেশে ফেরত কয়েদিদের ব্র্যাকের পক্ষ থেকে প্রতিবেদন সহায়তাসহ জরুরি সহায়তা প্রদান করা হয়। ফেরত আসা এই কয়েদিদের মধ্যে অধিকাংশই নোয়াখালীর। এছাড়া সিলেট, ফেনী, শরিয়তপুর, কুমিল্লা সহ বিভিন্ন জেলার কয়েদী আছেন। ফেরত আসা বাংলাদেশিরা জানিয়েছেন, তাদেরকে প্রায় ৬০ ঘন্টা হাতে হ্যান্ডকাফ ও শরীরে শেকল পরিয়ে দেশে আনা হয়। ঢাকা বিমানবন্দরে এনে তাদের শেকলমুক্ত করা হয়।

## অভিবাসীদের পাশে থাকার বার্তা মামদানির

১ পৃষ্ঠার পর

যুক্ত নেওয়ার ডাক দিয়ে তাদের পাশে থাকারই বার্তা দিয়েছেন নবনির্বাচিত মেয়র জোহরান মামদানি। সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিও পোস্ট করে তিনি অভিবাসীদেরকে নিজেদের অধিকারের বিষয়ে সচেতন হতে বলেন। মামদানি জানান, যুক্তরাষ্ট্রের ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস দপ্তরের (আইস) এজেন্টদের সঙ্গে কথা না বলা এবং তাদের কথা মানতে নাও পারেন অভিবাসীরা। এদিকে নিউজ জানায়, ভিডিওতে মামদানি নিউ ইয়র্ক শহরের ৩০ লাখ অভিবাসীকে সুরক্ষা দেওয়ার অঙ্গীকার করেছেন। ভিডিওবার্তায় তিনি বলেন, "আপনারা নিজেদের অধিকারের বিষয়ে সচেতন হলে আমরা সবাই আইসিই (ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট)-এর বিরুদ্ধে দাঁড়াতে পারব।" ১ জানুয়ারি নিউ ইয়র্কের মেয়র পদে শপথ নেবেন মামদানি। তার আগেই তিনি এই বার্তা দিয়ে নিজের অবস্থান আরেকবার স্পষ্ট করলেন। অতীতে অভিবাসীদের পক্ষে দাঁড়িয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টকে কটাক্ষ করেছিলেন এই ডেমোক্র্যাট নেতা। আবার সেই পথেই হাঁটলেন তিনি।

মামদানি জানান, আইসিই এজেন্টরা কোনও প্রশ্ন করলে তার জবাব নাও দিতে পারেন অভিবাসীরা। ব্যক্তিগত জায়গায় তাদেরকে প্রবেশে করতে বাধা দিতে পারেন। এই অধিকার অভিবাসীদের রয়েছে। মামদানি আরও জানান, বিচারকের সই করা পরোয়ানা ছাড়া আইসিই এজেন্টরা কোনও স্কুল, কার্যালয় বা কারও বাড়িতে প্রবেশ করতে পারেন না। তার কথায়, "মিথ্যা বলার আইনি অধিকার আইসিইর আছে। আপনাদের চুপ থাকারও অধিকার আছে। আপনাদের আটক করলে, জিজ্ঞাসা করবেন, এ বার কি যেতে পারি? তারা জবাব না দেওয়া পর্যন্ত বারবার এ প্রশ্ন করুন।"

গত সপ্তাহে নিউ ইয়র্কের চায়না টাউনে কয়েকজনকে আটক করতে গিয়েছিল আইসিই কর্মকর্তারা। তখন তাদের ঘিরে বিক্ষোভ করেন অভিবাসীদের একাংশ। গত অক্টোবরেও ওই এলাকায় একই কারণে বিক্ষোভ করে কিছু অভিবাসী। এরপরই অভিবাসীদের পক্ষ নিয়ে সরব হলেন মেয়র মামদানি। রোববারের ভিডিওতে তিনি বলেন, "নিউ ইয়র্ক সব সময় অভিবাসীদের স্বাগত জানাবে। আমি প্রতিদিন আমাদের অভিবাসী ভাই ও বোনদের সমর্থনে লড়ে যাব।"

## জেএমসি'র আগুন নেভাতে ফায়ারের ৮ ইউনিট

১ পৃষ্ঠার পর

আসে। প্রত্যক্ষ দর্শনার্থী সূত্রে জানা গেছে, জেএমসিতে গত বেশ কিছুদিন ধরেই নির্মাণ কাজ চলছে। সেখান থেকেই আগুনের সূত্রপাত হয় বেলা ৩:২০ মিনিটের দিকে। মসজিদের উপর থেকে বিদ্যুতের স্ফুলিঙ্গ টাইপের কিছু পেছনে রাখা প্লাস্টিক দ্রব্য ও শুকনো দাহ্য জিনিসের মধ্যে পড়লে তাতে আগুন ধরে যায়। ৮৫-৩৭ ১৬৮ স্ট্রিটের জ্যামাইকা মুসলিম সেন্টারের মুসল্লি সাকাওয়াত খান শান্তু ও মেহেদি হাসান জানিয়েছেন, আগুনের সূত্রপাত হয় মসজিদের পেছনে। ভেতর থেকে কোন কিছু বুঝা যায়নি বা কিছু হয়নি। আরেকজন মুসল্লি ফোনে জানান, তারা কয়েকজন মসজিদের ভেতরে আসরের নামাজের প্রস্তুতি নিচ্ছিলেন। এমন সময় আগুনের সূত্রপাত। তাতে অনেকে তাড়াহুড়ো করে মসজিদ থেকে বের হয়ে যান। বাইরে এসে দেখেন কালো ধুয়া এবং নিউইয়র্ক সিটির ফায়ার ডিপার্টমেন্টের অগ্নিনির্বাপনের গাড়ীগুলো ছুটে আসছে। এ সময় আশপাশের সড়ক বন্ধ করে দেওয়া হয়। এনওয়াইপিডির সদস্যরা সড়কের মুখে অবস্থান নেন। জেএমসিতে আগুন লাগার ঘটনা জানতে আশপাশের প্রতিবেশী মানুষ বাসা থেকে বের হয়ে আসেন।

জেএমসির নবনির্বাচিত সেক্রেটারি ফখরুল ইসলাম দেলোয়ারের সাথে যোগাযোগ করলে তিনি 'আজকাল'কে বলেন, আমি দূরে আছি। তবে খোঁজ নিয়ে জানতে পেরেছি মসজিদের পেছনে শুকনো কিছুতে আগুন ধরেছিল। তবে তা মারাত্মক কিছু নয়। মসজিদের দেয়ালের বাইরের ঘটনা। ফায়ার ডিপার্টমেন্টের অনেকেই সেখানে অবস্থান করছেন। সবকিছু ঠিক আছে। এতে কারো কোন ক্ষতি হয়নি। সূত্রে জানা গেছে, জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি)'র নির্মাণ কাজ দ্রুত শেষ করার প্রস্তুতি রয়েছে। কারণ আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৬ থেকে পবিত্র রমজান মাস শুরু হবার সম্ভাবনা রয়েছে। এই নির্মাণ সম্পন্ন হলে আরো বেশি সংখ্যক মুসল্লি এখানে একত্র এবাদত-বন্দেগিতে অংশগ্রহণ করতে পারবেন।

## ওয়ারেন্ট ছাড়া অভিবাসীদের গ্রেফতার নয়

১ পৃষ্ঠার পর

জন্য আর্য হুমকির সাথে জড়িত মামলায় অভিবাসীদেও গ্রেপ্তার করা যাবে। কংগ্রেসম্যান গোল্ডম্যান বলেছেন, ওয়ারেন্ট ছাড়া আদালতে যাত্রার পরপরই অহিংস অভিবাসী কিংবা ক্রাইমে জড়িত নয় এমন অভিবাসীদের আটক মানবাধিকারবিরোধী। আইনের শাসনের প্রতি অবজ্ঞা। কিন্তু সম্প্রতি আইস পলিশ কোর্ট এলাকায় ঢুকে আইনের আশ্রয় নেয়া অভিবাসীদের গণহারে গ্রেফতার করছে। ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, বার্কলির ডিপোর্টেশন ডেটা প্রজেক্টের এক গবেষণায় দেখা গেছে, ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের প্রথম নয় মাসে আইস পলিশ দ্বারা গ্রেপ্তার হওয়া এক-তৃতীয়াংশেরও বেশি ব্যক্তির কোনও অপরাধমূলক রেকর্ড ছিল না। কিছু গ্রেপ্তারের মধ্যে মার্কিন নাগরিকও জড়িত ছিল। কংগ্রেসের সদস্য আড্রিয়ানো এসপাইলাট উল্লেখ করেছেন যে এই গ্রেপ্তারগুলি অভিবাসন আদালতে উপস্থিতি নিরুৎসাহিত করতে পারে। সিবিএস নিউজের মতে, উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তি তাদের শুনানিতে উপস্থিত হচ্ছেন না। উল্লেখ্য, এই বিলটি পাস করতে হলে রিপাবলিকান সদস্যদের সমর্থন লাগবে। এককভাবে পাস করতে ডেমোক্র্যাটদের পর্যাপ্ত ভোট নেই। এদিকে নিউ ইয়র্ক সিটির নির্বাচিত মেয়র জোহরান মামদানি সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিও বলেছেন, আইস পুলিশ যদি ওয়ারেন্ট বা বিচারিক পরোয়ানা না দেখায় তবে কেউ তাদেও বাড়ির ভেতর প্রবেশ করতে দেবেন না।

বিনাপরাধে অভিবাসীদের গ্রেফতারী রোধে ইলিনয় রাজ্যে আইন পাস: এদিকে ইলিনয় স্টেট গভর্নর জেবি প্রিটজকার মঙ্গলবার আদালত এলাকা, হাসপাতাল, উপাসনালয় ও শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন এলাকায় ওয়ারেন্ট দেখানো ছাড়া কোন অভিবাসীকে গ্রেপ্তারের বিরুদ্ধে একটি আইনে স্বাক্ষর করেছেন। এর ফলে আইস পুলিশ আর ইচ্ছে করলেই যাকে তাকে আটক করে ডিটেনশনে পাঠাতে পারবে না। তিনি বলেছেন, ওয়ারেন্ট ছাড়া অভিবাসীদের আটকে মানবাধিকার লংঘিত হচ্ছে। শিকাগো এলাকায় তা ব্যাপক আকার ধারণ করেছে। লিটল ভিলেজের লা ভিলিটা কমিউনিটি চার্চে এই বিল স্বাক্ষর অনুষ্ঠানে গর্ভনর প্রিটজকার বলেন, 'এটি অভিবাসীদের জন্য প্রতিরক্ষামূলক বিল। আমাদের রাজ্যকে যারা আতঙ্কিত করছে আইসটি তাদের বিরুদ্ধে আমাদের যৌথ পদক্ষেপের প্রতীক।'

এই নতুন আইনের অধীনে, আদালতের চারপাশে থেকে আইস পুলিশ দ্বারা আদালতের কার্যক্রমে জড়িত ব্যক্তিরা গ্রেপ্তার থেকে অব্যাহতিপ্রাপ্ত। আইস পুলিশ যদি এই আপনি যদি আইনের অপব্যবহার করেন, তাহলে পরিণতি ভোগ করতে হবে।

## ফুটবল বিশ্বকাপে লাখো দর্শকের ভিসা অনিশ্চিত

৬৪ পৃষ্ঠার পর




বিশ্বকাপের খেলা দেখার অপেক্ষায়। কিন্তু যুক্তরাষ্ট্রের কড়া অভিবাসন নীতি ও নিষেধাজ্ঞায় তা ভেস্তে যাচ্ছে। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোর যৌথ আয়োজনে হতে যাচ্ছে ইতিহাসের সবচেয়ে বড় বিশ্বকাপ। কিন্তু আয়োজক যুক্তরাষ্ট্রের কঠোর ভ্রমণ নিষেধাজ্ঞা বহু দেশের সমর্থকদের জন্য বড় বাধা হয়ে দাঁড়াচ্ছে। বিশ্বকাপ সাধারণত আয়োজক দেশের সংস্কৃতি, আতিথেয়তা ও বিশ্বজুড়ে নেতৃত্ব প্রদর্শনের সুযোগ। কিন্তু ট্রাম্প প্রশাসনের ১৯টি দেশে ভ্রমণ নিষেধাজ্ঞা এবং অভিবাসন সংক্রান্ত জোরদারের কারণে সেই বার্তা উল্টো যাচ্ছে। বিশ্ব যখন টুর্নামেন্টের দিকে তাকিয়ে থাকবে, যুক্তরাষ্ট্র তখন নিজেকে বিশ্ব থেকে আরো আলাদা করে তুলছে। ২০২৬ বিশ্বকাপের টিকিটের দাম রেকর্ড মাত্রায় পৌঁছায় অনেক সমর্থক আগেই নিরুৎসাহিত হয়েছেন। তার ওপর যুক্তরাষ্ট্রের ভিসা সীমাবদ্ধতা ফুটবলপ্রেমীদের সামনে নতুন প্রশ্ন তুলে দিয়েছে যে তারা কি যুক্তরাষ্ট্রে গিয়ে নিজেদের দলকে সমর্থন করতে পারবেন। নাকি নিরাপত্তা ও অভিবাসন নীতির কারণে বঞ্চিত পড়বেন? যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একটি প্রজ্ঞাপন জারি করেছেন, যাতে মধ্যপ্রাচ্য ও আফ্রিকার বেশিরভাগসহ ১৯ দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধ বা সীমিত করা হয়। এসব দেশের সমর্থকেরা ২০২৬ বিশ্বকাপে যুক্তরাষ্ট্রের কোনো ম্যাচেই উপস্থিত থাকতে পারবেন না। সম্পূর্ণ নিষেধাজ্ঞার আওতাভুক্ত ১২ দেশ-আফগানিস্তান, চাদ, কঙ্গো রিপাবলিক, ইকুয়েটোরিয়াল গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, মিয়ানমার, সোমালিয়া, সুদান ও ইয়েমেন। আংশিক নিষেধাজ্ঞার আওতাভুক্ত ৭ দেশ: বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওন, টোগো, তুর্কমেনিস্তান ও ভেনেজুয়েলা। একই সঙ্গে আরো ৩৬টি দেশকে নিষেধাজ্ঞার তালিকায় যুক্ত করার বিষয়টি প্রশাসন বিবেচনা করছে। এর সিদ্ধান্ত হবে ৬০ দিনের পর্যালোচনা শেষে। এই তালিকার মধ্যে রয়েছে ঘানা, সেনেগাল, আইভরি কোস্ট, কেপ ভার্দে ও মিশরের মতো বিশ্বকাপে কোয়ালিফাই করা আফ্রিকার পাঁচ দেশ।

## ৪ লাখ ৫০ হাজার নিউ ইয়র্কার স্বাস্থ্য বীমা হারাবেন

৬৪ পৃষ্ঠার পর

হাজারও তিন স্টেটে ৭০০,০০০-এরও বেশি পরিবার রয়েছে যারা সাশ্রয়ী মূল্যের সেবা আইনের স্বাস্থ্য বীমা বাজারের মাধ্যমে তাদের বীমা কিনেছে এবং তাদের প্রিমিয়াম ক্রেডিটের মেয়াদ শেষ হচ্ছে। এম্পায়ার সেন্টার হার প্রাথমিক পলিসি অনুসারে, নিউ জার্সিতে ৪৫৬,০৪০ জন, কানেকটিকাটে ১২৮,৬২৭ জন এবং নিউইয়র্কে ১১৯,২০৩ জন লোক প্রভাবিত হবে। ডা. মরিস বলেন, এসেনশিয়াল প্ল্যান হারিয়ে গেলে লোকজন তাদের প্রাথমিক পরিচর্যা ডাক্তারের কাছে যাওয়ার পরিবর্তে জরুরী কক্ষে আসে এবং জরুরী কক্ষটি ব্যবহার করে, যা তাদের প্রাথমিক পরিচর্যার পরিবর্তে ব্যবহার করা অনেক বেশি ব্যয়বহুল, তবে আমি এটি ১০০% বুঝতে পারি। তিনি ভবিষ্যদ্বাণী করেছেন যে, ছাড় ক্রেডিট এবং বীমার ক্ষতির সাথে, আরও বেশি লোক সেবা বিলম্বিত করতে পারে। যা দীর্ঘমেয়াদে রোগী এবং হাসপাতাল উভয়ের জন্যই আরও ব্যয়বহুল হয়ে পড়বে। ডা. মরিস বলেন, আপনার প্রাথমিক চিকিৎসা প্রদানকারীর সঙ্গে দেখা করার চেয়ে জরুরি বিভাগে আসা অনেক বেশি ব্যয়বহুল। এছাড়াও, এর অর্থ হল ইআর পরিদর্শনের জন্য আরও ব্যয়বহুল বিল। ডাঃ মরিস বলেন, 'বেশিরভাগ সময়, হাসপাতালকে তাদের খরচ বহন করতে হয় এবং এটি একটি দুষ্টচক্র হয়ে ওঠে।' তার ফেডারেলভাবে হাসপাতাল কোনও লাভ করে না। এবং শ্রম, ওষুধ এবং পরিচর্যার খরচ বাড়ার সাথে সাথে সবাই ইতিমধ্যে কম দিয়ে আরও বেশি করছে। ডাঃ মরিস বলেন, সুতরাং বীমা প্রিমিয়াম বৃদ্ধির যে কোনও প্রভাব কেবল রোগীদের উপরই গভীর প্রভাব ফেলবে না, এটি স্বাস্থ্যসেবা ব্যবস্থা এবং স্বাস্থ্যসেবা কর্মীদের উপরও গভীর প্রভাব ফেলে। ওয়াশিংটন ক্ষেত্রে, ই-মেইলে বলা হয়েছে যে রাজ্যটি তিন মাসের মধ্যে উপলব্ধ স্বাস্থ্যসেবা বিকল্পগুলির সাথে যোগাযোগ করবে।

ওয়াশন বলেন, 'আমার স্বাস্থ্যের শীর্ষে থাকা আমার জন্য আরও গুরুত্বপূর্ণ কারণ আমার স্বাস্থ্য না থাকলে আমি কাজ করতে পারি না এবং আমি কিছুই করতে পারি না।' সব মিলিয়ে, নিউইয়র্কের এসেনশিয়াল প্ল্যানে তালিকাভুক্ত ১.৬ মিলিয়ন লোক রয়েছে। অনুমোদিত হলে, তালিকাভুক্তদের অধিকাংশই একটি 'মৌলিক' পরিকল্পনায় ফিরে যাবে কিন্তু ৪৫০,০০০ নিউ ইয়র্কার যারা চিঠি পেয়েছে তারা তাদের বীমা হারাবেন বলে জানা যায়।

## গ্রেফতারের আগে খালেদাকে নিয়ে শওকত মাহমুদ

১ পৃষ্ঠার পর

জন্য আরও আয়ু দিন। সুস্থতা দিন।' যিনি ৫৪ বছরের বাংলাদেশে ৪৩ বছর ধরে রাষ্ট্ররাজনীতির শীর্ষ ব্যক্তিত্ব হিসেবে প্রবহমান। জীবনজুড়ে যন্ত্রণা আর বে-ইনসাফির শিকার। হাসপাতালের বেডে কখনো তিনি জ্ঞানে ফিরছেন, কখনো না। এ মুহূর্তে যতখানি তার মনচক্ষে ভাসে-কী ভাবছেন তিনি? স্বামী, সংসার, সন্তান, শহীদ মইনুল রোড বা ফিরোজার স্মৃতিময় মুহূর্ত বা বিএনপি? যারা খালেদা জিয়াকে জানেন ও বুঝেন, যারা তার সংগ্রামী জীবনাদর্শকে নিবিড় পাঠ করতে চান, তারা একবাক্যে বলবেন-এখনো তিনি আল্লাহকে বলছেন বাংলাদেশের মুক্তির কথা, জনগণের অধিকারের কথা। মারাঠি কবি শরণ কুমার লিম্বালির কয়েকটি উচ্চারণ এ প্রসঙ্গে উল্লেখযোগ্য। চাই না আমি তোমাদের আকাশ থেকে সূর্য আর চাঁদ/ তোমাদের জমিজমা, ক্ষেতখামার/ তোমাদের প্রাসাদগুলি/ বা এমনকি যে ভালোবাসা তোমরা পাও/ মা বোন মেয়ের কাছ থেকে/ চাই না তা-ও/ আমি শুধু চাই মানুষের অধিকার। ইতিহাসের চাল-চলন নিয়ত সত্যমুখী। রবীন্দ্রনাথ বলেছিলেন, 'কেননা ইতিহাস ঘটনার ইতিহাস নহে, তাহা সত্যের ইতিহাস।' যে মহান সত্য নানা আঘাত-সংঘাতের মধ্য দিয়া পরিপূর্ণ হইয়া উঠিতেছে, এক নেতার এক কন্যার মালিকানায় যে গড়াপেটার ইতিহাস, যে মিথ্যাটি তৈরি করতে চেয়েছিল দেহে-মনে ফ্যাসিবাদমাখা স্বৈরাচার, তাকে উড়িয়ে দিয়েছেন বেগম জিয়া। এটাই সত্য। পেয়েছেন মানুষের ভালোবাসা। আওয়ামী বজ্রপাতে মানুষের অনাস্থা ছিলেন তিনি। বজ্রপাতে জনমত বোঝা যায় না। আসল জনমত হচ্ছে ভোরের শিশিরের মতো, নীরবে-নিঃশব্দে প্রতিটি বর্ণিল তৃণমূলকে ছেয়ে ফেলে। সত্যের উপলব্ধি সেখানেই। এজন্য বেগম জিয়াকে বারবার জেলে যেতে হয়েছে। একদিকে স্লো-পয়জনিং অন্যদিকে চিকিৎসা না দিয়ে খুনি হাসিনা তাকে মেরে ফেলতে চেয়েছে। পারেনি।

এ অবিচল সত্যকে কে অস্বীকার করবেন, ৪৩ বছর ধরে দেশনেত্রী বাংলাদেশের রাজনীতিতে সর্বোচ্চ জনপ্রিয়তা নিয়ে বিরাজমান। সবচেয়ে বেশি আসনে নির্বাচিত হওয়ার কৃতিত্ব তারই। তিনবারের প্রধানমন্ত্রী। রাস্তায় নামলেই লাখো মানুষের ঢল। হাসপাতালে গেলে চারদিকে মোনাজাতে মগ্ন হাজারো জনতা। বাংলাদেশের জন্ম যুদ্ধ থেকে শুরু করে তীক্ষ্ণতর নৈতিকতায় গণতন্ত্রের সাধনা, স্বৈরশাসনের বিরুদ্ধে আপসহীন লড়াই, বারবার বন্দিত্ব, রাজনীতি ও সংসারের দ্বন্দ্বের মধ্যেও মানুষের অধিকারের জন্য এমন অবিচল থাকার দৃষ্টান্ত আর কোনো নেতানেত্রীর নেই।

আমার সীমিত জ্ঞানে সমসাময়িক বিশ্ব ইতিহাসে এমন সংগ্রামী, কারা নির্যাতিত, রাষ্ট্র পরিচালনায় সফল রাজনীতিক কমই আছেন। আর ইন্দিরা গান্ধী, বন্দরনায়েক, চন্দ্রিকা কুমারাতুঙ্গে, বেনজির ভুট্টো, কোরাজন আকিনো, অং সান সু চির মতো নারীনেত্রীদের প্রসঙ্গে আসুন, দেশনেত্রী খালেদা জিয়ার মতো বারবার লড়াইয়ে ফিরে আসা, আল্লাহর রহমত ও জনগণের ভালোবাসায় টিকে থাকা, নৈতিকতায় অভিনিবেশী এবং গণতন্ত্রমনা এ নেত্রী অন্যদের তুলনায় অনেক ওপরে।

কজন নেতার মুকুটে এই মহতম মণি আছে, যিনি নব্বইয়ে একটি সফল গণঅভ্যুত্থান পরিচালনা করেছেন, চব্বিশের বিপ্লবে মূল প্রেরণাদায়ী ছিলেন। দেশকে সংসদীয় গণতন্ত্রে ফিরিয়ে আনার কৃতিত্ব তারই। দুটি সামরিক শাসনকে হটানোর রেকর্ড আর কোনো নেতার আছে কি? স্বাধীনতা যুদ্ধ থেকে গণতন্ত্র ও সার্বভৌমত্বের লড়াইয়ের প্রতিটি পর্বকেই তিনি সম্ভ্রম ও সমীহযোগ্য করে তুলেছেন। সে এক অনন্য অর্জন।

তার স্বামী স্বাধীনতার মহান ঘোষক এবং হানাদার পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে প্রথম বিদ্রোহ করা মেজর জিয়াউর রহমানের সহধর্মিণী হিসেবে তাকে পাকিস্তানি ক্যান্টনমেন্টে জেল খাটতে হয়েছে। স্বামী যুদ্ধে গেছেন, পরিবারের সঙ্গে দেখা করে যাননি। কিন্তু তাতে কি, তিনি সন্তানদের নিয়ে নীরবে চলে গেছেন। তারপর ধরা পড়লেন। তিনি জানতেন- জিয়ার ওপর দেশ রক্ষা, স্বাধীন করার ঐতিহাসিক দায়িত্ব পড়েছে। কবি নজরুলের ভাষায়, 'অসহায় জাতি মরিছে ডুবিয়া জানে না সন্তরণ কাণ্ডারী আজ দেখিব তোমার মাতৃমুক্তি পণ।' তার সেই বন্দিত্ব আমরা আবার দেখি ৭৫-এর ৩ থেকে ৭ নভেম্বর খালেদ মোশাররফের অভ্যুত্থানের পর। আন্তর্জাতিক চক্রান্তে শহীদ রাষ্ট্রপতি জিয়া নিহত হলে সংসার ও রাজনীতির দায়িত্ব নিয়েছেন চ্যালেঞ্জ হিসেবে। খালেদা জিয়ার সবচেয়ে বড় গুণ তিনি মধ্যপন্থি রাজনীতিক। তিনি কোনো গিবত করেন না। প্রচণ্ড প্রতিপক্ষ শেখ হাসিনার নামটি মুখে নেন না, বকাবাদ্য তো দূরের কথা। ২০০৮-এর নির্বাচনের সময় জাতির উদ্দেশে ভাষণের এক অংশে খালেদা জিয়া বলেছিলেন, 'মানুষ হিসেবে আমি ভুলত্রুটির ঊর্ধ্বে ছিলাম না। ব্যর্থতার গ্লানিও আমাকে অনেক সময় স্পর্শ করেছে, কিন্তু যে সীমাহীন কুৎসা এবং অপপ্রচারের শিকার আমাকে হতে হচ্ছে, সেটা কি আমার প্রাপ্য? আপনারা দেখেছেন, অপপ্রচারের পথ ধরেই আমাকে আপনাদের কাছ থেকে মাইনাস করার, বিদেশে নির্বাসনে পাঠানোর অপচেষ্টা হয়েছে। এ প্রচেষ্টা ব্যর্থ হলে আমাকে বিনা অপরাধে ছয় মাস গৃহবন্দি ও এক বছর নির্জন কারাবন্দি করে রাখা হয়েছে। আমি আমার মায়ের মৃত্যুর সময়ও তার পাশে থাকতে পারিনি। গুরুতর অসুস্থ সন্তানদেরও দেখতে দেওয়া হয়নি। তারপরও যতদিন বাঁচি, আপনাদের মাঝেই থাকব। প্রিয় মাতৃভূমি বাংলাদেশই আমার একমাত্র ও শেষ ঠিকানা।'

পবিত্র কোরআনে সুরা নিসার ১৪৮ আয়াতে মহান আল্লাহ বলেছেন, 'প্রকাশ্যে কারও দোষ চর্চাকে আল্লাহ পছন্দ করেন না, তবে কারও প্রতি জুলুম হয়ে থাকলে আলাদা কথা। আল্লাহ সবকিছু শোনেন, সবকিছু জানেন।' অর্থাৎ, খালেদা জিয়ার অধিকার ছিল জালেমদের গালাগাল করার। কিন্তু তিনি শুনলেন সুরা মায়িদাতে আল্লাহর সুস্পষ্ট বাণী-প্রতিপক্ষের প্রতি শত্রুতা তোমাদের যেন সীমা লঙ্ঘন করতে প্ররোচিত না করে। সত্যের সীমারেখা মেনেই চলেছেন বেগম জিয়া।

প্রধানমন্ত্রী, বিরোধীদলীয় নেত্রী যে পদেই থাকুন বা না থাকুক, খালেদা জিয়া রাজনীতি কেন্দ্রবিন্দুতে সর্বদাই। তার গণতান্ত্রিক ঔদার্যকে উপহাস করা হোক, তাকে নিয়ে গিবত, কটূক্তিসহ যতই বর্ষিত হোক, তাকে ঘরছাড়া করা হোক বা বাড়ি কিংবা অফিসে অবরোধ রাখা হোক, তার ওপর মরিচের গুঁড়া স্প্রে করা হোক, তার গাড়িতে আওয়ামী সন্ত্রাসীরা হামলা করুন, তার পথের দুপাশে উদ্বেলিত জনতাকে পুলিশ পেটাতে থাকুক, তার ফেরিতে গুলি করা হোক, লং মার্চে বাধা দেওয়া হোক, বেগম জিয়া অবিচল আছেন। মামলার তারিখ যত দ্রুত দেওয়া হোক, তিনি হাসিমুখে আদালতে গেছেন, জেলে গেছেন। ১৯৯১ সালের নির্বাচনে শেখ হাসিনা অনিবার্য প্রধানমন্ত্রী-এমন ধারণায় ইতিহাসকে যখন সাজাতে করা হচ্ছিল, তখনই সেই শিশিরভেজা সত্যটি দৃশ্যমান হলো। নাহ! আন্দোলনের সাচ্চা নেত্রী খালেদা জিয়াই প্রধানমন্ত্রী, তার হাতে গড়া নতুন বিএনপিই সংখ্যাগরিষ্ঠ দল। বেগম জিয়ার গণতন্ত্রবোধ পরিমাপে একটি দৃষ্টান্ত অবশ্য উল্লেখ্য। ঢাকা সিটি করপোরেশনের মেয়র নির্বাচন হওয়ার বিধান ছিল ওয়ার্ড কমিশনারদের ভোটে। এতে ক্ষমতাসীন দলের প্রার্থী জেতে। কিন্তু তিনি মেয়র পদকে জনগণের ভোটে সরাসরি নির্বাচিত হওয়ার বিধান করলেন আর সংবিধানের প্রতি আনুগত্য? তিন জোটের রূপরেখা অস্বীকার করে আওয়ামী লীগ, জামায়াতে ইসলামী ও জাতীয় পার্টির তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার যুগপৎ আন্দোলন ছিল নব্বইয়ের দশকে একটি অসাংবিধানিক সরকার প্রতিষ্ঠার আন্দোলন। সংসদ থেকে আগেই পদত্যাগ করে ওইসব দল বেগম জিয়াকে এই বিপদে ফেলতে চেয়েছিল যে, তিনি ঐকমত্যের ভিত্তিতে যেন সংসদে এ-সংক্রান্ত বিল পাস করাতে না পারেন। তিনি যেন কোনো সংবিধানসম্মত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করতে না পারেন। পর্দার অন্তরালে এই অশুভ আঁতাত সামরিক অভ্যুত্থানের প্ররোচনাই দিচ্ছিল। এটা হতো বেগম জিয়ার সারা জীবনের জন্য কলঙ্ক। কিন্তু তিনি শুধু সংবিধান সংশোধনের নিমিত্তে ১৯৯৬-তে ফেব্রুয়ারির নির্বাচন দিলেন। নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে এই চক্রান্ত নস্যাৎ করলেন। জেনারেল নাসিমের ক্যু হয়েও হতে পারল না। রাজনীতির নীতিনৈতিকতা খালেদা জিয়া জীবনজুড়ে মেনে চলেছেন। কোনো দলীয় সরকারের অধীনে জাতীয় নির্বাচনে যাননি। ১৯৮৬, ১৯৮৮, ২০১৪ এবং ২০২৪-এর উদাহরণ। অর্থাৎ, ৪৩ বছরের রাজনীতিতে ১৯টি বছর তিনি ভোটে যাননি। কারণ, দেশের মানুষ স্বেচ্ছায় ভোট দেওয়ার অধিকারবঞ্চিত। কী বিবেকি সংকল্প? ২০১৮ সালে বিএনপি তাকে জিজ্ঞেস না করে ভোটে গিয়েছিল বলে তিনি আক্ষেপ করেছেন।

শুধুই কি গণতন্ত্রের সংগ্রামের জন্য খালেদা জিয়া চিরস্মরণীয় হয়ে থাকবেন? তার দেশ পরিচালনাকালে আইনের শাসন, অর্থনৈতিক উন্নয়ন সর্বত্র প্রশংসিত। ঢাকা থেকে সব মহাসড়ক দিয়ে এখন বাইরে গেলে দুই পাশে আজ যে শুধু ক্ষুদ্র ও মাঝারি শিল্পস্থাপনার সমাহার, তা তার আমলেই। ক্ষুদ্রঋণের ব্যাপকতার দরুন দশ গ্রাম মিলে সাপ্তাহিক হাটের বদলে প্রত্যেক গ্রামে আজ বাজার বসে, টাকা দিয়ে লেনদেন হয়। নারীরা ক্ষুদ্রঋণে স্বাবলম্বী-এটা তার সাফল্য। খাদ্যে, মাছে স্বয়ংসম্পূর্ণতা, নারী শিক্ষার বিপ্লব, রপ্তানির সমৃদ্ধি, সবচেয়ে বড় কথা ২০০৫-০৬ অর্থবছরে ৭০ হাজার কোটি টাকার মূলধনি যন্ত্রপাতির আমদানি এবং জিডিপির প্রবৃদ্ধির হার ৬.৭-এ পৌঁছার অবিশ্বাস্য কাহিনির নির্মাতা খালেদা জিয়াই। আজকের স্বৈরাচারের মতো গণতন্ত্র হত্যা করে উন্নয়নের ফক্কা তিনি মাতেননি। এই উন্নয়ন হচ্ছে দুর্নীতি-তাড়িত। খালেদা জিয়া গণতন্ত্র অর্থাৎ, মানুষের মৌলিক অধিকার নিশ্চিতের মধ্য দিয়ে উন্নয়ন করেছেন। নোবেল বিজয়ী অমর্ত্য সেনের ভাষায় যা (freedom orinted development) অধিকারভিত্তিক সমৃদ্ধি। ২০০৭ থেকে আজ পর্যন্ত প্রতিটি মুহূর্ত তার কেটেছে বাংলাদেশ ও তার গণতন্ত্রের ভবিষ্যৎ নিয়ে শঙ্কায়। সাধারণ মানুষ, দলের নেতাকর্মীর জন্য তার সহানুভূতি ফুরায় না। অপার তার নিজস্ব মনোবেদনা। পারিবারিকভাবে নিঃসঙ্গ ছিলেন। এক-এগারোর সময় জেলে ছিলেন, মৃত্যুশয্যায় মাকে দেখতে পারেননি। দুই ছেলেকে জেলে নির্যাতন করা হচ্ছে। তারেক রহমানকে মেরে ফেলতে চাইছিল এক-এগারোর কর্ণধাররা। কী বিভীষিকার দিনগুলো ছিল তখন! রাজনীতি থেকে বিয়োগ করার জন্য কী চাপ, বিদেশে জোর করে পাঠিয়ে দেবে। কিন্তু খালেদা জিয়া খালেদা জিয়াই। দেশ ছেড়ে, দেশের জনগণকে ছেড়ে তিনি বিদেশে গেলেনই না। তারেক রহমান মুক্তি পেয়ে যেদিন পিজি হাসপাতালে, কী অঝোর কান্নায় জড়িয়ে ধরেছিলেন সন্তানকে! মানুষ দেশনেত্রীর সেই কান্নায় কেঁদেছিল। তারেক রহমানকে দুর্নীতির খলনায়ক বানানোর হাজারো অপচেষ্টা বিফলে গেছে। তিনি দেশে আসতে পারেন না। আরাফাত রহমান কোকো ফিরে এসেছিলেন, কিন্তু লাশ হয়ে। সরকারের নির্যাতনে কষ্টে কষ্টে ওই প্রাণবন্ত তরুণটি মারা গেল। জানাজায় লাখ লাখ মুসল্লি অশ্রুভেজা চোখে তাতে অংশ নিল। অবাক করার বিষয় হচ্ছে, কারাগারে নিহত ও গুমে নিখোঁজ স্বজনরা এবং নানা নির্যাতনে ক্লিষ্ট মানুষরা যখন বেগম জিয়ার সান্নিধ্যে যান, তখন তিনি এমনভাবে সান্ত্বনা দেন, যেন তার কোনো নিজস্ব বেদনা নেই। তারা আশ্চর্য হয়ে যান এই নারীর অসম্ভব মনের জোর দেখে। জীবনভর সংগ্রামই করে চলেছেন, তবু মাথা নোয়াবার নয়। রাষ্ট্রপ্রধান, সেনাপ্রধানের স্ত্রী হিসেবে সংসারে নিভৃতে ছিলেন। জিয়া যেমনিভাবে সরাসরি করে ক্ষমতার মঞ্চে আসেননি, তেমনি খালেদা জিয়াও বিএনপির চেয়ারপারসন হতে চাননি। দল ও জনগণের অনুরোধে ওই দায়িত্ব নিয়ে কী সংগ্রামী জীবনকেই না বেছে নিয়েছেন। সর্বশক্তিমান আল্লাহর রহমত তার প্রতি আছে। নইলে এমন রাজনৈতিক নেতা কে আছেন, যার প্রতি নির্যাতনের কুঠারাঘাত প্রতিনিয়ত বর্ষিত হয়েছে। তার দৃঢ় নেতৃত্বে বিএনপি আজ দেশের বৃহত্তম দল। দেশের দায়িত্ব নেওয়ার অপেক্ষায়। খালেদা জিয়ার মতো অনন্যমনা রাজনৈতিক নেত্রীর পক্ষেই মানুষকে এমন সত্য স্বপ্ন দেখানো সম্ভব, যখন তিনি বলেন, 'শরতের আকাশে সাতটি রঙের বিচিত্র প্রভাব নিয়ে রংধনু যেভাবে মনোরম সৌন্দর্যের বিচ্ছুরণ ঘটায়, আমরা চাই সকল মত ও পথকে নিয়ে এমন একটি রাজনৈতিক সংস্কৃতি লালন ও পরিপুষ্ট করতে, যে সংস্কৃতি বাংলাদেশকে একটি রংধনু জাতিতে (Rainfow Nation) পরিণত করবে। প্রতিহিংসা ও প্রতিশোধের রাজনীতির বিপরীতে ও ভবিষ্যৎমুখী এক নতুন ধারার রাজনৈতিক প্রতিষ্ঠা করতে চায় বিএনপি। এজন্য নতুন এক সামাজিক চুক্তিতে পৌঁছতে বিএনপি সচেষ্ট হবে (ভিশন-২০৩০)। এই ৩১ দফা সংস্কারের ভিত্তি। আমি আগেই বলেছি, গণতন্ত্রের স্বার্থেই খালেদা জিয়া সম্পর্কে 'নিবিড় পাঠ' প্রয়োজন। নিবিড় পাঠ মানে ভূ-প্রোথিত কোনো বিরল প্রত্নসম্পদের উত্তোলন নয়। তার জীবনপ্রণালি, জীবনদর্শন, প্রজ্ঞা, মর্জি, দূরদর্শিতা, জীবনের প্রতি কৌতূহলের মাত্রা, আপন সমতলকে স্পর্শ করতে পারার দীপ্তি-সেসবেরই ধারাবাহ্য পর্যালোচনা। খালেদা জিয়া বেঁচে আছেন, থাকবেনও। তার সর্বশেষ অবদান, দেশের জন্য তিনি উত্তরাধিকার যৌক্তিকভাবেই সাব্যস্ত করেছেন। সন্তান তারেক রহমানকে তিনি রাষ্ট্ররাজনীতির পরিমণ্ডলে জুতসই করে উপস্থাপন করেছেন। নানা আঘাত-সংঘাতের মধ্য দিয়ে যে সত্য স্পষ্ট হয়ে উঠেছে যে, আগামী বাংলাদেশের কাণ্ডারি তারেক রহমান। যিনি তার পিতা ও মায়ের সংগ্রামী জীবন এবং জীবনাদর্শের প্রত্যক্ষ সাক্ষী। জিয়া পরিবার সম্পর্কে ভাবলে আমার পবিত্র কোরআনের সুরা কাহফের ৭৯ ও ৮২ নম্বর আয়াত নাড়া দেয়। হজরত মুসা (আ.) যখন খাদির (আ.) বিভিন্ন ঘটনা দিয়ে আল্লাহর জ্ঞান স্পষ্ট করছিলেন, তখন এক নগরের একটি হেলে পড়া দেয়ালকে হজরত খাদির (আ.) সোজা করে দিলেন। বললেন, দেয়ালটি ছিল দুই এতিম কিশোরের এবং এর নিচে আছে তাদের গুপ্তধন। তাদের পিতা ছিল সৎকর্মপরায়ণ। কাজেই আল্লাহ তাদের প্রতি দয়াপরবশ হয়ে চাইলেন, তারা বয়ঃপ্রাপ্ত হোক এবং ধনভান্ডার উদ্ধার করুক। প্রতীক অর্থে বলছি, শহীদ জিয়ার গুপ্তধন হচ্ছে তার প্রতি মানুষের অসম্ভব ভালোবাসা ও সমর্থন। বিএনপি নামক ভাঙা দেয়ালকে খালেদা জিয়া সোজা এবং সবল করেছেন। এখন আমরা অপেক্ষায় তারেক রহমান কীভাবে সেই সম্পদকে ব্যবহার করবেন, জাতিকে কাঙ্ক্ষিত পথে এগিয়ে নিয়ে যান।

লেখক: জাতীয় প্রেস ক্লাবের সাবেক সভাপতি।

## হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভুঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

**আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন? তাহলে আজই যোগাযোগ করুন। আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।**

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

**আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি**

**আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি**

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway)

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



## হোমিও চিকিৎসা

**জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়**



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

**হোমিও ভিটামিন সেলিং সেন্টার**
**Homeo & Vitamin Selling Center**

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

## বাংলাদেশ সোসাইটি ইন্ক
## Bangladesh Society, Inc.

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

# সাধারণ সভা

তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২৫, রোববার ◆ সময় : সন্ধ্যা ৫টা
স্থান : কুইন্স প্যালেস, 37-11 57th St, Woodside, NY 11377

বাংলাদেশ সোসাইটির সম্মানিত আজীবন সদস্য ও নবায়নকৃত সাধারণ সদস্যবৃন্দ আসছে আগামী ২৮ ডিসেম্বর, ২০২৫, রোববার বাংলাদেশ সোসাইটির বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে, গুরুত্বপূর্ণ এই সভায় আপনার উপস্থিতি বিশেষভাবে কামনা করছি।

*বিশেষ দ্রষ্টব্য:-* বার্ষিক এই সাধারণ সভা শুধুমাত্র ৩০ নভেম্বর , রোববার ২০২৫ তারিখ পর্যন্ত যারা সোসাইটির আজীবন সদস্য অথবা সাধারণ সদস্য পদ গ্রহণ করেছেন কেবলমাত্র তাঁরা অংশগ্রহণ করতে পারবেন।

**আলোচ্য বিষয়**

◆ সাধারণ সম্পাদকের রিপোর্ট ◆ কোষাধ্যক্ষের রিপোর্ট ◆ গঠনতন্ত্র সংশোধনীর প্রস্তাবনা উত্থাপন ◆ বিবিধ

**অনুরোধক্রমে**

**আতাউর রহমান সেলিম**
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

**মোহাম্মদ আলী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

মো: মহিউদ্দীন দেওয়ান *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২০-১০৪৪, মো: কামরুজ্জামান কামরুল *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, আবুল কালাম ভুঁইয়া *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, মফিজুল ইসলাম ভুঁইয়া (রুমি) *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৯-২৮০২, ডিউক খান*(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮৩-৫৪৯৯, অনিক রাজ *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯০৪-৪৪৪-১৮৬৩, রিজু মোহাম্মদ *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬০৭, জামিল আনসারী *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, মো: আখতার বাবুল *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, আব্রাব আলী খান লিটন *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, মোহাম্মদ হাসান (জিলানী) *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, *কার্যকরী সদস্য:* হারুন উর রশিদ ৯১৭-৪৪৩-৭৮৩৮, জোহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ৭১৮-৭৩৭-২৭৪৮, মোঃ সিদ্দিক পাটওয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আবুল কাশেম চৌধুরী ৬৪৬-৫১০-৬২৪৫, মুনসুর আহমেদ ৯২৯-৯২০-৬০৫৬ ও হাছান খান ৩১৩-৩২৭-৯৪১৮

প্রচারে: **রিজু মোহাম্মদ**, *প্রচার সম্পাদক*

## ইউরোপের ৫০টি 'টাইফুন' যুদ্ধ বিমান মোতায়েন করছে বাংলাদেশ

৩ পৃষ্ঠার পর

আলোচনা করবে। লিওনার্দো এই অভিপ্রায়পত্রের অধীনে বাংলাদেশ বিমান বাহিনীকে ইউরোফাইটার টাইফুন যুদ্ধবিমান সরবরাহ করবেন, প্রতিবেদনটি জানিয়েছে।

বাংলাদেশ বিমান বাহিনীর সদর দফতরে বিমান বাহিনীর প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান এবং বাংলাদেশে নিযুক্ত ইতালীয় রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রোর উপস্থিতিতে এলওআই স্বাক্ষরিত হয়েছে। যদি চুক্তিটি সম্পন্ন হয় তবে এটি বাংলাদেশের প্রথম বড় কোনও পশ্চিমা যুদ্ধবিমান ক্রয়ের ঘটনা হয়ে থাকবে। চীনের জে-১০সি যুদ্ধ বিমান কেনার চেষ্টাও করছে বাংলাদেশ। এই বছরের শুরুতে, বাংলাদেশ বিমান বাহিনীর একটি দল ইউরোফাইটারের পরীক্ষামূলক উড্ডয়নের জন্য ইতালির তুরিনে লিওনার্দো পরিদর্শন করেছে।

বাংলাদেশ ইতিমধ্যেই লিওনার্দো নির্মিত এডব্লিউ১০৯ এবং এডব্লিউ১৩৯ হেলিকপ্টার পরিচালনা করছে। অত্যাধুনিক 'টাইফুন' মোতায়েন রয়েছে যুক্তরাজ্য, ইতালি, স্পেন, জার্মানি, অস্ট্রিয়া, কুয়েত, সৌদি আরব, কাতার এবং ওমানে। এরপরই এটি বাংলাদেশে ও পোল্যান্ডে মোতায়েন হতে যাচ্ছে বলে জানা যায়।

## নিয়ত করার পদ্ধতি

২৫ পৃষ্ঠার পর

পারে। শুধু হজ করা যায়, শুধু উমরাহ করা যায়, হজ ও উমরাহ এক ইহরামে করা যায়, হজ ও উমরাহ ভিন্ন ভিন্ন ইহরাম বেঁধেও করা যায়।

এতগুলো সম্ভাবনা থেকে একটি ধরনকে নির্দিষ্ট করার লক্ষ্যেই এই বাক্যটি বলেছেন রাসুলুল্লাহ (সা.)। যদি তিনি নিয়ত মুখে উচ্চারণ করতে চাইতেন, তা হলে 'নাওয়াইতুল হজ্জ' (আমি হজের নিয়ত করছি) বা 'নাওয়াইতুল উমরাহ' (আমি উমরাহর নিয়ত করছি) এভাবে বলতেন। অথচ এমনটি তিনি বলেননি। সুতরাং এ হাদিস থেকে নিয়ত মুখে উচ্চারণ করার বিষয়টি প্রমাণিত হয় না। আবার রাসুলুল্লাহ (সা.) কিন্তু এটাও বলেননি যে, 'আমি হজ করতে চাচ্ছি, আমি উমরাহ করতে চাচ্ছি।' 'নিয়ত' শব্দের উচ্চারণ না করে 'আমি চাচ্ছি' বলে মৌখিক নিয়ত করার অনুমতি কোনো কোনো ফকিহ দিয়ে থাকেন। এটাও সঠিক নয়। কেননা, নবীজি শুধু হজের একটি বিশেষ ধরনের কথা মুখে উচ্চারণ করেছেন। এটাকে মৌখিক নিয়তের দলিল বানানো কোনোভাবেই যুক্তিসঙ্গত নয়। অতএব, নামাজ, জাকাত বা যেকোনো কাজে মুখে উচ্চারণ করে নিয়ত করা জায়েজ নয়। মুখে উচ্চারণ করা ছাড়াই আমল করে নিতে হবে।

## ফিফা র‍্যাংকিং :চার হারে আট ধাপ পেছাল বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

ব্যবধানে হেরেছে। ঢাকায় অনুষ্ঠিত দ্বিদেশীয় সিরিজে মালয়েশিয়ার বিপক্ষে ১-০ ও আজারবাইজানের বিপক্ষে ২-১ গোলে হারে। চার ম্যাচের হারের প্রভাব পড়েছে র‍্যাংকিংয়ে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দলের ব্রিটিশ কোচ পিটার বাটলার হাই লাইন ডিফেন্স খেলান। তার এই তত্ত্বের কারণে থাইল্যান্ডে বাংলাদেশ ৮ গোল হজম করে। দেশে ফেরার পর এ নিয়ে সমালোচনা হলেও তিনি অনড় থাকেন। আজারবাইজান ও মালয়েশিয়ার ম্যাচ বাংলাদেশের জন্য সুযোগ ছিল একধাপ নিচে র‍্যাংকিং নিয়ে আসা উল্টো বাটলারের হাই লাইন ডিফেন্সে বাংলাদেশে ঘরের মাঠেও দুই ম্যাচ হেরেছে। এতে আট ধাপ পেছাল।

বাংলাদেশ জুন মাসে শক্তিশালী মিয়ানমারকে মিয়ানমারের মাটিতে পরাজিত করে প্রথমবারের মতো এশিয়া কাপ খেলার যোগ্যতা অর্জন করে। মিয়ানমারের আগে ভুটান ও ইন্দোনেশিয়ার মতো র‍্যাংকিংয়ে এগিয়ে থাকা দলের বিপক্ষে টানা দুই ড্র করেন খেলোয়াড়রা। যার ইতিবাচক প্রভাবে বাংলাদেশ ফিফার র‍্যাংকিংয়ে সর্বোচ্চ উন্নতি করেছিল।

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST. FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA-ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services
Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# নিউ ফাইভ স্টার

## কাচ্চি বিরিয়ানি হাউস




নতুন স্বাদের, নতুন মানের দক্ষতার সাথে তৈরি হালাল ও প্রতিদিনের টাটকা খাবার

**পরিবার-পরিজন নিয়ে আপনাদের সবাইকে স্বাগত**

১৪৫৫-১৪৫৭ ইউনিয়নপোর্ট রোড

ব্রঙ্কস, নিউ ইয়র্ক ১০৪৬২

newfivestarkbh@gmail.com

**Phone: 718-409-6840**


জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
• আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
• নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
• ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate


Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ভিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
## Bangladeshi Foot Specialist
## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations
- 01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
- 02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
- 03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
- 04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
- 05 7721 101th Ave, Ozone Park, NY 11416
- 06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
**Call for Appointment**



ESTD 2017
## Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?
আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent
# ARA REALTY SERVICES INC
*A full Service Real Estate Brokerage of Professional Company*
158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## ‘ফিফা শান্তি পুরস্কার’ পেলেন প্রেসিডেন্ট ট্রাম্প

৬২ পৃষ্ঠার পর

প্রতিবেদনে বলা হয়, স্থানীয় সময় শুক্রবার (৫ ডিসেম্বর) ওয়াশিংটন ডিসির বিখ্যাত জন এফ কেনেডি সেন্টার ফর পারফর্মিং আর্টস ভেন্যুতে ফিফা বিশ্বকাপ-২০২৬ এর ড্র অনুষ্ঠানে প্রেসিডেন্ট ট্রাম্পের হাতে এ পুরস্কার তুলে দেওয়া হয়। ফুটবল যেমন বিশ্বকে এক সুতোয় গাঁথার বার্তা দেয়, তেমনই যুদ্ধের বিপরীতে শান্তির জন্য কাজ করায় ট্রাম্পের হাতে এ পুরস্কার তুলে দেন ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো।

এ সময় পুরস্কারের সনদ থেকে অংশবিশেষ পড়ে শোনান ইনফান্তিনো। সেখানে বলা হয়েছে, বিশ্বের কোটি কোটি ফুটবলপ্রেমীর পক্ষ থেকে এ পুরস্কার দেওয়া হয়েছে। বিশ্বকাপের দলগুলোকে বিভিন্ন গ্রুপে ভাগ করার আগে ট্রাম্পকে একটি নতুন সোনালী ট্রফি, একটি সোনালী পদক ও একটি সনদ প্রদান করে ইনফান্তিনো তার উদ্দেশে বলেন, এটি আপনার পুরস্কার, এটি আপনার শান্তি পুরস্কার।

শান্তি পুরস্কার পেয়ে ট্রাম্প বলেন, পৃথিবী এখন অনেক নিরাপদ স্থান। এটা সত্যি আমার জীবনের অন্যতম সেরা সম্মান। আমরা লাখ লাখ জীবন বাঁচিয়েছি। যেমন- কঙ্গোর উদাহরণ দেওয়া যায়। ভারত ও পাকিস্তানের যুদ্ধও শুরু হওয়ার আগেই থামানো হলো। জিয়ান্নি অসাধারণ কাজ করেছে। টিকিট বিক্রিতে আপনি রেকর্ড গড়েছেন। এটা ফুটবল ও আপনার জন্য দারুণ ব্যাপার। ফিফার এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত নভেম্বরে নিয়ন্ত্রক সংস্থাটি এ পুরস্কার ঘোষণা করে। মূলত, শান্তি প্রতিষ্ঠার জন্য ব্যতিক্রমী, অসাধারণ পদক্ষেপ গ্রহণকারী এবং বিশ্বজুড়ে মানুষকে ঐক্যবদ্ধ করা ব্যক্তিদের পুরস্কৃত করার জন্য এটি চালু করা হয়েছিল।

প্রসঙ্গত, ২০২৬ সালের ফিফা বিশ্বকাপের আয়োজক দেশ যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডা। এই আসরে প্রথমবারের মতো ৪৮টি দেশ অংশ নেবে।

এর আগে, ফিফা প্রেসিডেন্ট সম্প্রতি নোবেল শান্তি পুরস্কার প্রদানের আগে ট্রাম্পের পক্ষে সাফাই গেয়েছেন প্রকাশ্যে। বিজয়ী হিসেবে ভেনেজুয়েলার নেতা মারিয়া কোরিনা মাচাদোর নাম ঘোষণার আগের দিনও ইনস্টাগ্রামে ইনফান্তিনো বলেছিলেন, ট্রাম্প অবশ্যই শান্তি পুরস্কারের দাবি রাখে।

## নিউজার্সিতে অ্যাসাল’র বার্ষিক কনভেনশন অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

শীর্ষ সংগঠন অ্যাসালের এ ব্যতিক্রমী মিলনমেলায় রেকর্ড সংখ্যক জনপ্রতিনিধি সহ দক্ষিণ এশিয় ইমিগ্র্যান্টরা উপস্থিত হন। এতে বিশাল হল রুম ছিল মুখরিত হয়ে উঠে। কনভেনশনে নতুন ন্যাশনাল কমিটির নাম ঘোষণা করা হয়।

কনভেনশনে স্বাগত বক্তব্য রাখেন অ্যাসালের ন্যাশনাল প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা মূলধারার প্রখ্যাত লেবার ইউনিয়ন লিডার মাক মিনহাজ উদ্দিন।

কনভেনশনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অ্যাসালের ১৮ তম বার্ষিক কনভেনশন কমিটির চেয়ার অধ্যাপক ড. গোলাম এম মাতবর, এমএসএন, এমএসডব্লিউ, পিএইচডি। দুদিনব্যাপী এ কনভেনশনে কি নোট স্পিকারের বক্তব্য রাখেন নিউইয়র্ক স্টেট কম্পট্রোলার থমাস দিনাপলি ও সাবেক মার্কিন রাষ্ট্রদূত এম ওসমান সিদ্দিক।

অ্যাসালের ন্যাশনাল প্রেসিডেন্ট মাক মিনহাজ উদ্দিন, ন্যাশনাল সেক্রেটারী জেনারেল এম করিম চৌধুরী ও নিউজার্সি চ্যাপ্টারের প্রেসিডেন্ট মো. ফারুক হোসেনের পরিচালনায় কনভেনশনের শুরুতে শপথ বাক্য পাঠ করান সারাহ ওসাফিয়া ও মিনহা মাহজাবীন। অনুষ্ঠানে মূলধারার নির্বাচিত কর্মকর্তা, রাজনীতিবিদ এবং শ্রমিক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। কনভেনশনে সরাসরি উপস্থিত থাকতে না পেরে বাণী পাঠান নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল সহ মূলধারার নির্বাচিত প্রতিনিধিরা। কনভেনশনে অতিথিরা ছাড়াও অ্যাসাল’র বিভিন্ন চ্যাপ্টারের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

